


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭১ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 71 Years ■ Issue-15 ■ 21 October, 2024 ■ আগরতলা ২১ অক্টোবর, ২০২৪ ইং ■ ৪ কার্ত্তিক, ১৪৩১ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




## সরকার গঠনের ১২৫ দিনও হয়নি, এরইমধ্যে ১৫ লক্ষ কোটি টাকার প্রকল্পে কাজ শুরু হয়েছে ঃ প্রধানমন্ত্রী



**বারাণসী, ২০ অক্টোবর (হি.স.)** ।। কেন্দ্রে তৃতীয়বারের জন্য সরকার গঠনের ১২৫ দিনও হয়নি, এরইমধ্যে ১৫ লক্ষ কোটি টাকার প্রকল্পে কাজ শুরু হয়েছে। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার বারাণসীতে নিজের সংসদীয় কেন্দ্রে ৬,১০০ কোটি টাকা মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেছেন, 'আপনারা যখন আমাকে টানা তৃতীয়বারের মত আপনাদের সেবা করার সুযোগ দিয়েছেন, আমি প্রতিশ্রুতি দিয়েছিলাম তিনগুণ গতিতে কাজ করব। সরকার গঠনের ১২৫ দিনও হয়নি, কিন্তু আমরা ইতিমধ্যে দেশে ১৫ লক্ষ কোটি টাকার প্রকল্পে কাজ শুরু করেছি।'কাশীর জনগণকে শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'আজ কাশীর জন্য একটি গুরুত্বপূর্ণ দিন। এর আগে, আমি একটি চক্ষু হাসপাতাল (বারানসীতে) উদ্বোধন করেছি। আর জে শঙ্করা চক্ষু হাসপাতাল বয়স্ক এবং শিশুদের অনেক সাহায্য করবে।'

প্রধানমন্ত্রী আরও বলেছেন, 'এখন বারাণসীতে আসা মানুষের সংখ্যা দ্রুত বেড়েছে। কেউ বেড়াতে আসছেন, কেউ ব্যবসার জন্য আসছেন এবং এতে আপনারা লাভবান হচ্ছেন। তাই বাবতপুর বিমানবন্দর আরও সম্প্রসারিত হলে আরও বেশি লাভবান হবেন। আজ এটি নিয়েও কাজ শুরু হয়েছে।'

প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'এখন সারাদেশে আধুনিক মহাসড়ক তৈরি হচ্ছে। নতুন রুটে রেললাইন বসানো হচ্ছে। নতুন নতুন বিমানবন্দর তৈরি হচ্ছে। এটি শুধু ইট, পাথর ও লোহার রডের কাজ নয়, এতে মানুষের সুবিধাও বাড়ছে। দেশের তরুণরাও চাকরি পাচ্ছেন।'

ভারতের স্বাস্থ্য কৌশলের এই মুহূর্তে পাঁচটি স্তম্ভ রয়েছে। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, ভারতের স্বাস্থ্য কৌশলের পাঁচটি স্তম্ভ রয়েছে- প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা, অর্থাৎ রোগ হওয়ার আগে প্রতিরোধ। সময়মত রোগ নির্ণয়। বিনামূল্যে এবং সস্তা চিকিৎসা ও সস্তা ওষুধ। ছোট শহরে ভালো চিকিৎসা, ডাক্তারের অভাব দূর করা। স্বাস্থ্যসেবায় প্রযুক্তির সম্প্রসারণ।' উত্তর প্রদেশের রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল ও মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের উপস্থিতিতে আর জে শঙ্করা চক্ষু হাসপাতালের শুভ উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী মোদী।এই চক্ষু হাসপাতালের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেছেন, 'আর জে শঙ্করা চক্ষু হাসপাতাল আধ্যাত্মিকতা এবং আধুনিকতার মিশ্রণ। যুবকদের কর্মসংস্থানের পাশাপাশি এটি বয়স্কদের এবং বাচ্চাদেরও সেবা করবে।' প্রধানমন্ত্রী আরও বলেছেন, 'কাশী প্রাচীনকাল থেকেই ধর্ম ও সংস্কৃতির রাজধানী হিসেবে স্বীকৃত। এখন কাশী উত্তর প্রদেশ এবং পূর্বাচলের একটি বড় স্বাস্থ্যকেন্দ্র এবং স্বাস্থ্যসেবা কেন্দ্র হিসাবেও বিখ্যাত হয়ে উঠছে।'

## ত্রিপুরায় সদস্যতা অভিযানে ১২ লক্ষ টার্গেটের মধ্যে ৬ লক্ষাধিক সদস্যপদ পূরণ হয়েছে ঃ মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর** ।। ভারতীয় জনতা পার্টি এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপর আস্থা রয়েছে মানুষের। মানুষ চাইছেন ভারতীয় জনতা পার্টির সদস্যতা অভিযানে সামিল হতে। ত্রিপুরা রাজ্যে সদস্যতা অভিযানের যে টার্গেট নেওয়া হয়েছে তাতে ১২ লক্ষের মধ্যে এখন পর্যন্ত ৬ লক্ষের অধিক সদস্য যুক্ত হয়েছেন। রবিবার ৮ নং টাউন বড়দোয়ালি বিধানসভা কেন্দ্রের বিভিন্ন এলাকায় ভারতীয় জনতা পার্টির সদস্যতা অভিযানে অংশগ্রহণ করে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা।

সারা দেশের সঙ্গে রাজ্যেও অব্যাহত রয়েছে ভারতীয় জনতা পার্টির সদস্যপদ অভিযান প্রক্রিয়া। সারা রাজ্যের বিভিন্ন মন্ডলে চলছে সদস্য পদ সংগ্রহ অভিযান। এরই অংশ হিসেবে ৮ নং টাউন বড়দোয়ালি বিধানসভা কেন্দ্রে দলের বিভিন্ন স্তরের কার্যকর্তাদের নিয়ে সদস্যপদ অভিযান ও জনসম্পর্ক অভিযানে সামিল হন মুখ্যমন্ত্রী তথা এলাকার বিধায়ক প্রফেসর ডাঃ মানিক সাহা। এদিন এই বিধানসভা কেন্দ্রের ২০ নং ওয়ার্ডের ১৬ ও ১৭ নং বুথ এলাকায় সদস্যপদ অভিযান ও জনসম্পর্ক কর্মসূচিতে অংশগ্রহণ করেন মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ২০ নং পুর ওয়ার্ডের কর্পোরেটর রত্না দত্ত, বড়দোয়ালি মন্ডল সভাপতি সঞ্জয় সাহা সহ অন্যান্য নেতৃত্ব।

পরে সংবাদ মাধ্যমের সঙ্গে সাক্ষাতে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা বলেন, সদস্যতা অভিযানের অংশ হিসেবে আজ আমি নিজের বিধানসভা কেন্দ্র এলাকায় এসেছি। এরআগেও বিভিন্ন জায়গায় গিয়েছি। যেখানে যাচ্ছি মানুষের মধ্যে স্বতঃস্ফূর্ততা পরিলক্ষিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং ভারতীয় জনতা পার্টির উপর মানুষের আস্থা রয়েছে। সদস্যতা অভিযানে অংশগ্রহণ করতে সবাই উদগ্রীব হয়ে রয়েছেন। ☛ ৬ এর পাতায় দেখুন

## রড বোঝাই গাড়ির চাপায় মৃত্যু যুবকের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর** ।। রড বোঝাই গাড়ির নিচে পড়ে মৃত্যু হল এক যুবকের। মৃত যুবকের নাম। শাহজাহান মিয়া(২৫)। ঘটনাটি ঘটেছে জিরানীয়া এলাকায়।

ঘটনার বিবরনে মৃতের ভাই জানিয়েছেন, আগরতলা শহরতলী পশ্চিম নোয়াবাদী লাড্ডু চৌমুহনি এলাকার শাহাজাহান মিয়াকে বাড়ি থেকে জোর করে ডেকে নিয়ে যায় এলাকার রুবেল মিয়া নামে এক ব্যবসায়ী।

একটি তিন চাকার অটো গাড়িতে করে অতিরিক্ত মাল বোঝাই করে নিয়ে যাচ্ছিল। তখনই অতিরিক্ত জিনিস বোঝাই থাকার কারণে গাড়িটি উল্টে যায়। আর তাতেই রডের নিচে পড়ে প্রাণ হারান ওই যুবক। যদিও তাকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু চিকিৎসকরা জানান ঘটনাস্থলেই তার মৃত্যু হয়েছে। রবিবার মৃতদেহ ময়নাতদন্তের পর পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। ঘটনায় ওই ব্যবসায়ীকে দায়ী করেছেন মৃতের পরিবার। ঐ ব্যবসায়ী অর্থাৎ গাড়ি চালকের বিরুদ্ধে মামলা করবেন বলেও জানিয়েছেন মৃতের ভাই।

## রাজ্যের আইন শৃঙ্খলা নিয়ে স্বরাষ্ট্র দপ্তরকে নিশানা সিপিএমের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর** ।। ৮ দফা দাবিতে আগরতলা মঠ চৌমুহনী এলাকায় সিপিআইএমের বিক্ষোভ কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে। তাতে রাজ্যের আইন শৃঙ্খলা নিয়ে স্বরাষ্ট্র দপ্তরকে নিশানা করেছেন সিপিএম নেতা অমল চক্রবর্তী।

প্রসঙ্গত, এক দেশ, এক নির্বাচন প্রস্তাব বাতিল করা, দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ, বেকারত্ব রুখতে জরুরী পদক্ষেপ গ্রহণ, নারী-শিশু নির্যাতন বন্ধ করা, রাজ্যে আইনের শাসন প্রতিষ্ঠা করা ইত্যাদি ৮ দফা দাবি নিয়ে আন্দোলনে নেমেছে সিপিআইএম। এই প্রতিবাদ কর্মসূচিতে রাজ্যের আইন শৃঙ্খলা নিয়ে তীব্র বিষোদগার করা হয়েছে। অমলবাবুর বক্তব্য, ত্রিপুরায় আইন শৃঙ্খলা রক্ষার কাজ যারা পরিচালনা করছেন, সেই স্বরাষ্ট্র দপ্তরের গাফিলতির কারণে রাজ্যে অপরাধ বেড়ে চলেছে। স্বরাষ্ট্র দপ্তর পুলিশ বাহিনীকে অকর্মন্য করে রেখেছে বলে অভিযোগ করেন তিনি।

তিনি আরো বলেন, বহুবার বাম সমর্থকদের বাড়িতে আক্রমণ হয়েছে কিন্তু এ নিয়ে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। এদিকে, সুশাসনের মধ্যেও যুবতী ধর্ষণ হচ্ছে এবং ধর্ষকের বিচারও হচ্ছে না। এমনকি বিজেপির বুথ সভাপতি শাসক দলের সদস্য হয়েও নিজেকে নিরাপদ মনে করতে পারছেন না। তিনি উষ্মা প্রকাশ করে বলেন, আইন শৃঙ্খলা রক্ষায় বাহিনী থাকা সত্ত্বেও বিচার সঠিকভাবে হচ্ছে না। রোজ পত্রিকা পড়লেই দেখা যাচ্ছে বিজেপির নেতারা সাধারণ মানুষকে পিটিয়ে মেরে ফেলছেন। কিন্তু এই নিয়ে শাসক দলের কোনো হেলদোল নেই। এভাবে রাজ্যের মানুষ নিজের প্রাণ নিয়ে আতঙ্কিত হয়ে পড়ছেন। তিনি এদিন বিজেপির মন্ডলের কার্যকলাপ নিয়েও ক্ষোভ প্রকাশ করেছেন। তাঁর দাবি, বর্তমানে সকল ক্ষেত্রেই মন্ডল সভাপতির হস্তক্ষেপ জরুরী হয়ে পড়েছে। কিন্তু সিপিআইএম শাসনের সময় ক্লাব বা বাজার কমিটি তৈরি করার ক্ষেত্রে বাম দলের কেউ এসব ব্যাপারে হস্তক্ষেপ করেননি। অথচ এখন মন্ডল সভাপতির সম্মতি ছাড়া কোনো কাজই হচ্ছে না। বর্তমানে মন্ডল রাজ চলছে, আইনের শাসন নয়। মন্ডলেই বিচার হচ্ছে, আইনের অধীনে কিছু হচ্ছে না, ক্ষোভে ফেটে পড়েন তিনি।

## বিভিন্ন দাবিতে আন্দোলনে নামছে যুব কংগ্রেস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর** ।। বিভিন্ন দাবিতে ২১ অক্টোবর থেকে আন্দোলনে শামিল হচ্ছে যুব কংগ্রেস। রবিবার কংগ্রেস ভবনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এমনটাই জানিয়েছেন যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা।

আগামীকাল থেকে রাজ্যের বিভিন্ন প্রান্তে আন্দোলনে নামবে যুব কংগ্রেস। সদর যুব কংগ্রেসের পক্ষ থেকে আগামীকাল বিভিন্ন কর্মসূচি রয়েছে। যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা বলেন

রাজ্যের বিভিন্ন প্রান্তে নেশা সাম্রাজ্য গড়ে উঠেছে, এগুলির বন্ধ করতে হবে। বিভিন্ন দপ্তরে শূন্য পদ রয়েছে সেগুলি অবিলম্বে পূরণ করতে হবে। সর্বোপরি রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতিতে গভীর উদ্বেগ প্রকাশ করেছে যুব কংগ্রেস। তাই রাজ্যের সার্বিক উন্নয়নের দাবিতে, বিশেষ করে বেকারদের, যুব সমাজের বিভিন্ন সমস্যা দূরীকরণে সোমবার আন্দোলনে শামিল হবার ডাক দিয়েছেন যুব কংগ্রেস।

## মহারাষ্ট্রে মহাসংগ্রাম, ৯৯টি আসনে প্রার্থী তালিকা প্রকাশ বিজেপির

**নয়াদিল্লি, ২০ অক্টোবর (হি.স.)**।। মহারাষ্ট্রে মহাসংগ্রাম শুরু হওয়া শুধু সময়ের অপেক্ষা। নির্বাচনী প্রস্তুতি শুরু করে দিয়েছে সমস্ত রাজনৈতিক দল। এবার মহারাষ্ট্রের বিধানসভা নির্বাচনের জন্য প্রথম প্রার্থী তালিকা প্রকাশ করলো বিজেপি।

রবিবার প্রকাশিত প্রথম প্রার্থী তালিকায় মোট ৯৯ জন প্রার্থীর নাম ঘোষণা করা হয়েছে।

বিজেপির প্রকাশিত প্রার্থী তালিকা অনুযায়ী, মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিস নাগপুর দক্ষিণ পশ্চিম আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন, রাজ্য বিজেপির সভাপতি চন্দ্রশেখর বাওয়ানকুলে কামথি আসন থেকে লড়বেন, মন্ত্রী গিরিশ মহাজনকে জামনের আসনের প্রার্থী করা হয়েছে, মন্ত্রী সুধীর মুনগান্টিওয়ার বল্লারপুর থেকে প্রার্থী হয়েছেন, শ্রীজয়া অশোক চাভান লড়বেন ভোকার থেকে, আশিস শেলার ভান্দ্রে পশ্চিম থেকে, মঙ্গল প্রভাত লোধা মালাবার হিল থেকে, কোলাবা থেকে রাহুল নারওয়েকার, সাতারা থেকে ছত্রপতি শিবেন্দ্র রাজে ভোসলে।

## যুবরাজনগর মসজিদে আগুন লাগানোর ঘটনায় গ্রেপ্তার তিন

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২০ অক্টোবর** ।। ইরানি থানার অধীনে যুবরাজনগর গ্রাম পঞ্চায়তের ছয় নম্বর ওয়ার্ডে একটী মসজিদে গত বৃহস্পতিবার রাতে আগুন ধরিয়ে দেবার অভিযোগে আকাশ মিয়া (২০)সহ তিন জনকে পুলিশ গ্রেফতার করেছে। বাকী দুজনকে বাংলাদেশ পুলিশ গ্রেফতার করে। এদের নাম আ: জলিল (৩৪) ও আ:আহাদ(৩৭)। এদের বাড়ি যুবরাজ নগর গ্রাম পঞ্চায়েতের ছয় নম্বর ওয়ার্ডে।

অভিযোগে এরা পাঁচ জন মিলে মসজিদে আগুন ধরিয়ে দেয়। বাকী দুই অভিযুক্তের খোঁজে তল্লাশি চালিয়ে যাচ্ছে পুলিশ। এই ঘটনা ঘিরে বাবুরবাজার এলাকায় হিন্দু ও মুসলমান মধ্যে সম্পর্কের অবনতি ঘটে। শত শত সংখ্যালঘু অংশে লোকেরা মসজিদ দেখতে ছুটে আসে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ ও টিএসআর বাহিনী। আসেন এস পি সহ পুলিশ আধিকারিক রা। দেখা দেয় দুই সম্প্রদায়ের মধ্যে অবিশ্বাস। যদিও বাংলাদেশ পুলিশ দুই অভিযুক্তকে এখনো এপুরায় পাঠায়নি। তবে ত্রিপুরা পুলিশ তাদের এখানে আনতে চেষ্টা করে যাচ্ছে।

## কালী মন্দিরে দুঃসাহসিক চুরি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর** ।। শনিবার রাতে প্রতাপগড় বসাকপাড়া স্থিত এক ব্যক্তির বাড়ির কালী মন্দিরে দুঃসাহসিক চুরি হয়। মন্দির থেকে মায়ের সকল অলঙ্কার নিয়ে যায় চোরের দল। ঘটনার বিবরণে জানা যায়, বসাক পাড়ার বাসিন্দা ভোলা বণিকের বাড়িতে রক্ষাময়ী মায়ের মন্দির রয়েছে। মন্দিরে প্রতিষ্ঠিত কালীর মূর্তিটি ছিল অলঙ্কারে সুসজ্জিত। সংবাদ মাধ্যমের কাছে ভোলা বণিক জানান যে মায়ের শরীরের সমস্ত স্বর্ণ অলংকার চোরের দল নিয়ে গেছে। এ বিষয়ে বিস্তারিত বলতে গিয়ে তিনি জানান, রবিবার ভোর ৩ টে নাগাদ বাড়ির সকলে ঘুম থেকে উঠে দেখতে পান ঠাকুরের মন্দিরের সব জিনিস এলোমেলো হয়ে আছে। স্বর্ণের চেইন, বালা, এবং অন্য কিছু অলংকারের পাশাপাশি রুপোর মুন্ডোমালা সহ ঠাকুরের বেশ কিছু বাসন নিয়ে পালিয়েছে চোরের দল। ভোলা বণিক আরো জানান, ২০১৭ সালেও এই মন্দিরে চুরি হয়েছিল। থানায় এই দুঃসাহসিক চুরির খবর দেওয়া হলে পুলিশ এসে পরিস্থিতি পর্যবেক্ষণ করে গেছেন এবং বিষয়টা তারা দেখবেন বলে জানিয়েছেন।

## বাংলাদেশের জন্য সহসা পর্যটক ভিসা চালু করছে না ভারত

**ঢাকা থেকে মনির হোসেন**।। ভারতে অবস্থানরত বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইস্যুতে বিদেশ সচিব মো. জসীম উদ্দিনের সঙ্গে কোনো আলোচনা হয়নি বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা। রবিবার ঢাকার বিদেশ মন্ত্রণালয়ে পররাষ্ট্র সচিবের সঙ্গে বৈঠকের পর এক প্রশ্নের জবাবে এ কথা বলেন ভারতীয় হাইকমিশনার। বৈঠকে শেখ হাসিনা ইস্যুতে আলোচনা হয়েছে কি না জানতে চাওয়া হয় প্রণয় ভার্মার কাছে। জবাবে তিনি বলেন, এ বিষয়ে সুনির্দিষ্ট কোনো আলোচনা হয়নি। কীভাবে অন্তর্বর্তী সরকারের সঙ্গে সম্পর্ক আরও এগিয়ে নেওয়া যায়। আমরা মূলত আলোচনা করেছি কীভাবে আমরা কাজগুলো এগিয়ে নিতে পারি।



সচিবের সঙ্গে বৈঠকে আলোচনার বিষয়ে প্রণয় ভার্মা বলেন, এটি নিয়মিত বৈঠক ছিল। আমাদের সম্পর্ক নিয়ে নিয়মিত বৈঠকের অংশ। আমরা দুই দেশের নিরাপত্তা ও উন্নয়ন নিয়ে আলোচনা করেছি। ভারত বাংলাদেশের ওপর নির্ভরশীল, বাংলাদেশ ভারতের ওপর নির্ভরশীল, পারস্পরিক নির্ভরশীলতার সম্পর্ক আরও এগিয়ে নেওয়া দরকার। বাংলাদেশ ও ☛ ৬ এর পাতায় দেখুন

## যুবককে মারধরের অভিযোগে গ্রেপ্তার তিন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর** ।। রাজধানীর অ্যাডভাইজার চৌমহনী থেকে সমীর দাস নামে এক যুবককে বলপূর্বক তুলে নিয়ে যার কতিপয় দুষ্কৃতী। পরবর্তীতে তাকে রাজধানীর হেরিটেজ পার্কের সামনে মারধর করা হয় বলে অভিযোগ উঠে। এই ঘটনায় তিন যুবককে গ্রেফতার করেছে পুলিশ।

এ ব্যাপারে সমীর দাস নামে ওই যুবক থানায় সুনির্দিষ্ট অভিযোগ দায়ের করে। অভিযোগের ভিত্তিতে তিনজনকে গ্রেফতার করা হয়েছে। জানা যায় একটি গাড়ি এবং কয়েকটি বাইক নিয়ে বেশ কয়েকজন যুবক এডভাইজার চৌমুহনী এসে সমীর দাস ☛ ৬ এর পাতায় দেখুন

## কুশিয়ারা নদী থেকে অপরিচিত ব্যক্তির মৃতদেহ উদ্ধারে চাঞ্চল্য

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর** ।। কুশিয়ারা নদী থেকে অপরিচিত ব্যক্তির মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য আসামের করিমগঞ্জে। শনিবার বিকালে করিমগঞ্জ শহরের ভারত-বাংলাদেশ সীমান্তের কুশিয়ারা নদীতে একটি ভাসমান পচাগলা মৃতদেহ উদ্ধার হয়েছে। ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর জওয়ানরা মৃতদেহটি উদ্ধার করেছে।

মৃতদেহটি আইনি প্রক্রিয়া সহ ময়না তদন্তের জন্য সমঝে দেওয়া হয় করিমগঞ্জ জেলা সদর থানা পুলিশের কাছে। পুলিশি তৎপরতায় মৃতদেহটি ময়না তদন্তের তোড়জোড় চলছে। মৃতদেহে পচন ধরায় মৃতদেহটি ময়না তদন্তের জন্য প্রয়োজনে শিলচর মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরন করা হতে পারে বলে জানা গেছে। মৃত ☛ ৬ এর পাতায় দেখুন



জাগরণ আগরতলা ২১ অক্টোবর ২০২৪ ইং
৪ কার্ত্তিক সোমবার, ১৪৩১ বঙ্গাব্দ

# অন্ধ কুসংস্কার: সামাজিক ব্যাধি

অন্ধ কুসংস্কার মানব সমাজের দীর্ঘস্থায়ী সমস্যা, যাহা যুগ যুগ ধরিয়া মানুষের চিন্তা ও কর্মকাণ্ডকে প্রভাবিত করিয়া আসিতেছে। শিক্ষার প্রসার ও বিজ্ঞানের অভাবনীয় উন্নতির পরও আজও আমাদের সমাজে কুসংস্কারের শিকড় দৃঢ়ভাবে গাথিয়া রহিয়াছে। কুসংস্কার হইলো অন্ধবিশ্বাস, যাহা কোনো যুক্তি বা প্রমাণের ওপর নির্ভর না করিয়া, শুধুমাত্র প্রথা, সংস্কৃতি বা ধর্মীয় রীতিনীতির ওপর ভিত্তি করিয়া গড়িয়া ওঠে ।কুসংস্কার সমাজে অগ্রগতির প্রধান অন্তরায়। এটি মানুষকে যুক্তির আলো থেকে দূরে সরাইয়া নিয়া যায়, যাহার ফলে তাহারা সহজেই মিথ্যা বিশ্বাস ও ভ্রান্ত ধারণায় আবদ্ধ হয়। প্রায়শই দেখা যায়, কুসংস্কারের কারণে মানুষ নিজেদের ক্ষতি ডাকিয়া আনে। এমনকি অনেক সময় জীবন পর্য্যন্ত হারাইতে হয়। যেমন, চিকিৎসা বিজ্ঞানের উন্নতির পরও অনেক মানুষ এখনও জ্যোতিষশাস্ত্র বা গোপন বৈদ্যের ওপর নির্ভর করে, যাহার ফলে তাহারা সঠিক চিকিৎসা থেকে বঞ্চিত হয়।

কুসংস্কার শুধু ব্যক্তিকে নয়, পুরো সমাজকেও ক্ষতিগ্রস্ত করে। এটি মানুষকে যুক্তিহীন, অন্ধ ও অসচেতন করিয়া তোলে। শিক্ষার অভাব, দারিদ্র্য এবং সামাজিক কুসংস্কার একে আরও গভীর করিয়া তোলে। বিশেষ করিয়া নারী ও শিশুরা এর প্রধান শিকার। নানা রকম ধর্মীয় ও সামাজিক প্রথা, যেমনঅমঙ্গল বিশ্বাস, কালো বিড়ালের উপস্থিতি, বা সূর্য্যগ্রহণের সময় গর্ভবতী নারীর বাড়ির বাইরে না যাওয়াএই ধরনের কুসংস্কার সমাজের প্রগতির পথে বাধা সৃষ্টি করে ।তবে, কুসংস্কার দূর করিবার একমাত্র উপায় হইলো শিক্ষা ও সচেতনতা বৃদ্ধি। বিজ্ঞানমনস্কতা এবং যুক্তি নির্ভর চিন্তা-ভাবনার চর্চা মানুষকে অন্ধ কুসংস্কারের বন্ধন থেকে মুক্ত করিতে পারে। গণমাধ্যম, সামাজিক প্রতিষ্ঠান ও শিক্ষাপ্রতিষ্ঠানের উচিত এই বিষয়ে ব্যাপক প্রচারণা চালানো, যাহাতে মানুষ কুসংস্কারের বিপদ সম্পর্কে সচেতন হয় এবং যুক্তিভিত্তিক চিন্তাধারার বিকাশ ঘটে।

কুসংস্কারে আচ্ছন্ন হইয়া ঈশ্বরের সাধনার নামে নিজের ঠাকুমাকে বলি দিল এক যুবক। ত্রিশূল দিয়া ৭০ বছরের বৃদ্ধাকে খুন করিবার পর তাঁহার রক্তে স্নান করানো হইল শিবলিঙ্গকে। ভয়াবহ এই ঘটনা ঘটিয়াছে ছত্তিশগড়ে। বৃদ্ধাকে হত্যার পর আত্মহত্যার চেষ্টা করিল অভিযুক্ত যুবক। গুরুতর আহত অবস্থায় তাঁহাকে ভর্তি করা হইয়াছে হাসপাতালে।

ছত্তিশগড়ের দুর্গ জেলার নানকাট্টি গ্রামে ঠাকুমা রুক্মিণী গোস্বামীর সঙ্গে থাকিতেন গুলশন নামের বছর ত্রিশের এক যুবক। গ্রামে এক শিব মন্দিরের পাশেই ছিল তাঁহাদের বাড়ি। গ্রামবাসীদের দাবি, ছোট থেকেই শিবের ভক্ত ছিলেন গুলশন। মন্দিরে নিত্য পুজোও করিতেন তিনি। শিব সাধনার নামে অন্ধ বিশ্বাসের কবলে পড়িয়াই শনিবার সন্ধেয় এই কাণ্ড করিয়া বসে অভিযুক্ত ।নিজের বাড়িতে থাকা ত্রিশূল দিয়া প্রথমে ঠাকুমাকে হত্যা করে সে। এর পর সেই রক্ত নিয়া শিব মন্দিরে গিয়া শিবলিঙ্গকে স্নান করায়। সেখানে পুজো সারিয়া বাড়িতে ফিরিয়া সেই ত্রিশূল দিয়া নিজের ঘাড়ে আঘাত করে অভিযুক্ত। গুরুতর আহত অবস্থায় স্থানীয়রাই তাঁহাকে উদ্ধার করে এবং পুলিশকে গোটা ঘটনার কথা জানায়। বর্তমানে রায়পুরে এইমস হাসপাতালে ভর্তি রহিয়াছেন অভিযুক্ত গুলশন। প্রাথমিক তদন্তে পুলিশের দাবি, কুসংস্কার ও অন্ধবিশ্বাসের ফলেই এই কাণ্ড করিয়াছে অভিযুক্ত যুবক। অতএব, আমাদের সকলের উচিত কুসংস্কার মুক্ত একটি সমাজ গড়িয়া তোলার জন্য সচেষ্ট হওয়া, যেখানে প্রতিটি মানুষ যুক্তি, বিজ্ঞান ও সত্যের আলোকে নিজের জীবন পরিচালনা করিবে। কুসংস্কারের অন্ধকার থেকে মুক্তি পাইলেই আমরা একটি সমৃদ্ধ, প্রগতিশীল ও মানবিক সমাজের দিকে অগ্রসর হইতে পারিব।

## আন্দামান সাগরে ঘূর্ণাবর্ত, দক্ষিণবঙ্গে ভারী বৃষ্টির পূর্বাভাস

কলকাতা, ২০ অক্টোবর (হি.স.): আন্দামান সাগরের কাছে একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে, যা আগামী ২৪ ঘণ্টার মধ্যে গভীর নিম্নচাপে পরিণত হবে। রবিবার আবহাওয়া দফতরের আবহাওয়া বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, এই ঘূর্ণাবর্ত পূর্ব-মধ্য বঙ্গোপসাগরের দিকে সরে যাবে এবং ২৩ অক্টোবর এটি একটি ঘূর্ণিঝড়ে পরিণত হবে। ঘূর্ণিঝড়টি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে ২৪ অক্টোবর সকালে ওডিশা ও উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের কাছে পৌঁছানোর সম্ভাবনা রয়েছে।

২৩ অক্টোবর থেকে দক্ষিণবঙ্গে এর প্রভাব শুরু হবে। ২০ থেকে ২২ অক্টোবর পর্যন্ত এই সিস্টেমের কোনও উল্লেখযোগ্য প্রভাব রাজ্যে পড়বে না। তবে ২৩ ও ২৪ অক্টোবর উপকূলবর্তী জেলাগুলিতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে, বিশেষ করে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরে। এছাড়া, ২৪ অক্টোবরের মধ্যে হাওড়া, হুগলি, ঝাড়গ্রাম—সহ অন্যান্য জেলাগুলিতে কিছু কিছু স্থানে ভারী বৃষ্টিপাত হতে পারে।

এই সময়কালে, ২১ থেকে ২৬ অক্টোবর পর্যন্ত গভীর সমুদ্রে মাছ ধরতে যাওয়ার ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। উপকূলবর্তী এলাকায় ১০০ থেকে ১১০ কিলোমিটার প্রতি ঘণ্টা বেগে দমকা হাওয়া বইতে পারে, যা দুর্বল ঘরবাড়ি এবং গাছপালা ক্ষতিগ্রস্ত করতে পারে।

কলকাতা ও তার আশপাশের এলাকায় ২০ থেকে ২২ অক্টোবর পর্যন্ত বৃষ্টির সম্ভাবনা কম। তবে ২৩ অক্টোবর থেকে মাঝারি ধরনের বৃষ্টির সম্ভাবনা এবং ২৪ অক্টোবর ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

## চিকিৎসকদের পাশে থাকার বার্তা দিলেন শুভেন্দু অধিকারী

শ্যামপুর, ২০ অক্টোবর (হি.স.): ডাক্তারদের আন্দোলনের প্রেক্ষিতে ফের চিকিৎসকদের পাশে থাকার বার্তা দিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রবিবার শ্যামপুর থানায় ডেপুটেশন দিতে এসে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, চিকিৎসকরা যখন পাশে থাকার আবেদন জানাচ্ছেন, তখন তাদের দাবিকে গুরুত্ব দেওয়া উচিত।

কিছুদিন আগেই শ্যামপুরের পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে, যার ফলে ১৬৩ ধারা জারি করা হয়েছিল। ধারা তুলে নেওয়ার পরই শুভেন্দু অধিকারী শ্যামপুরে আসেন এবং ক্ষতিগ্রস্ত মার্কেট কমপ্লেক্স, ভেঙে যাওয়া পূজা মণ্ডপসহ বিভিন্ন এলাকা ঘুরে দেখেন। স্থানীয় পুলিশের সঙ্গে আলোচনা শেষে তিনি সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।

এদিকে, রাজ্য সরকার ইতিমধ্যেই ডাক্তারদের অনশন ছেড়ে আলোচনায় বসার আহ্বান জানিয়েছে। যদিও এখনও চিকিৎসক মহল থেকে তেমন সাড়া মেলেনি। তবে, শুভেন্দু অধিকারীর এই মন্তব্য রাজনৈতিক মহলে বিশেষ তাৎপর্য্য বহন করছে বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

## সুসজ্জিত ব্যবস্থাপনা, বারাণসীতে চক্ষু হাসপাতালের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২০ অক্টোবর (হি.স.): উত্তর প্রদেশের বারাণসীতে চক্ষু হাসপাতালের শুভ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার দুপুরে উত্তর প্রদেশের রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল ও মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের উপস্থিতিতে আর জে শঙ্করা চক্ষু হাসপাতালের শুভ উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী মোদী।এই চক্ষু হাসপাতাল ব্যাপক ব্যবস্থাপনায় সুসজ্জিত। এই হাসপাতাল উদ্বোধন হওয়ার ফলে বিশেষভাবে উপকৃত হবেন বারাণসীর চক্ষু রোগীরা। আর জে শঙ্করা চক্ষু হাসপাতালের উদ্বোধনের পর হাসপাতালের ভিতরে প্রদর্শনীও ঘুরে দেখেন প্রধানমন্ত্রী, রাজ্যপাল ও মুখ্যমন্ত্রী।

# আইনজীবী, বাংলা গায়ক ও সুরকার অতুলপ্রসাদ সেন



প্রাথমিক জীবন ঃ ১৮৭১ সালের ২০ অক্টোবর ঢাকায় তার মাতুলালয়ে জন্মগ্রহণ করেন। তাদের আদি নিবাস শরীয়তপুরের নড়িয়া উপজেলার মগর গ্রামে। অতি অল্পবয়সেই অতুলপ্রসাদ পিতৃহারা হন। বাল্যকালে পিতৃহীন হয়ে অতুল প্রসাদ ভগবদ্ভক্ত, সুকণ্ঠ গায়ক ও ভক্তিগীতিরচয়িতা মাতামহ কালীনারায়ণ গুপ্তের আশ্রয়ে প্রতিপালিত হন। পরবর্তীকালে মাতামহের এসব গুণ তার মাঝেও সঞ্চালিত হয়। মাতামহের নিকটই সঙ্গীত ও ভক্তিমূলক গানে তার হাতেখড়ি। অতুল প্রসাদ ১৮৯০ সালে প্রবেশিকা পাশের পর কলকাতার প্রেসিডেন্সি কলেজে (অধুনা প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়) ভর্তি হন ও কিছুদিন অধ্যয়ন করেন। পরে লন্ডনে গিয়ে আইন শিক্ষা করেন। ইংল্যাণ্ড যাবার পথে ভেনিসের কাছে জাহাজে বসেই একটা বিদেশি গানের সুরে মোহিত হয়ে ঐ সুরকে মাথায় রেখে অতুলপ্রসাদ প্রথম লিখে ফেলেন একটি বিখ্যাত গান — 'উঠ গো ভারতলক্ষ্মী'। লণ্ডনের মিডল টেম্পলে ব্যারিস্টারি পড়াকালীন ব্রিটিশ মিউজিয়াম ঘুরে দেখার সৌভাগ্য হয় তাঁর। চিত্তরঞ্জন দাশ, সরোজিনী নাইডু, অরবিন্দ ঘোষ, দ্বিজেন্দ্রলাল রায় প্রমুখদের সঙ্গে লণ্ডনেই সাক্ষাৎ ঘটে তাঁর। ব্যারিস্টারি পড়ার পাশাপাশি পাশ্চাত্য সঙ্গীত, নাটক, অর্কেস্ট্রা ইত্যাদি শুনতে শুনতে গানের ভিত তৈরি হয় তাঁর মনে। আইন পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণ হয়ে ১৮৯৪ সালে তিনি বাংলায় ফিরে আসেন এবং রংপুর ও কলকাতায় অনুশীলন শুরু করেন। পরবর্তীকালে তিনি লখনউ চলে যান এবং সেখানে অউধ বার অ্যাসোসিয়েশন ও অউধ বার কাউন্সিলের সভাপতি হন। লক্ষ্মৌতে তিনি যেখানে বাস করতেন তার জীবনকালেই তার নামে ঐ রাস্তার নামকরণ করা হয়। তার উপার্জিত অর্থের একটি বড়ো অংশ তিনি স্থানীয় জনসাধারণের সেবায় ব্যয় করেন। তার বাড়ি এবং গ্রন্থস্বত্বও তিনি বিভিন্ন প্রতিষ্ঠানে দান করে গেছেন। বাংলা ভাষা সাহিত্যে ও সঙ্গীতের এক অতি পরিচিত নাম অতুল প্রসাদ সেন। তিনি ছিলেন একাধারে কবি, গীতিকার ও গায়ক। বাংলাভাষীদের নিকট অতুল প্রসাদ সেন প্রধানত একজন সঙ্গীতজ্ঞ ও সুরকার হিসেবেই পরিচিত। তার গানগুলি মূলত স্বদেশি সঙ্গীত, ভক্তিগীতি ও প্রেমের গান; এই তিন ধারায় বিভক্ত। তবে তার ব্যক্তি জীবনের বেদনা সকল ধরনের গানেই কম-বেশি প্রভাব ফেলেছে। এজন্য তার অধিকাংশ গানই হয়ে উঠেছে করুণ-রস প্রধান।

বিবাহ ও লন্ডনের প্রবাস জীবন- ১৮৯২ খ্রিষ্টাব্দে ব্যারিস্টারী ডিগ্রী লাভের উদ্দেশ্য নিয়ে আইন পড়তে অতুলপ্রসাদ লণ্ডনে গমন করেন। কিছুদিন পর বড়মামা কৃষ্ণগোবিন্দ গুপ্ত সেখানে গেলে মামাতো বোন হেমকুসুমের সঙ্গে অতুলপ্রসাদের প্রেম হয় এবং তিনি হেমকুসুমকে বিয়ে করার সিদ্ধান্ত নেন। তখন ভারতবর্ষের আইনে ভাই-বোনে এরকম বিয়ে গ্রহণযোগ্য ছিল না। আর এ ব্যাপারে পরিবারের পক্ষ থেকে ওঠে প্রবল আপত্তি। অতুলপ্রসাদ তার সিদ্ধান্তে অটল থাকলেন। আইনজ্ঞ ব্যারিস্টার অতুলপ্রসাদ তার কর্মগুরু সত্যেন্দ্রপ্রসন্ন সিংহের পরামর্শক্রমে স্কটল্যান্ড গমন করেন; যেখানে এরূপ বিবাহ আইনসিদ্ধ ছিল। স্কটল্যান্ডে গিয়ে ১৯০০ খ্রিষ্টাব্দে মামাতো বোন হেমকুসুমকে বিয়ে করেন অতুলপ্রসাদ।

বিলেতে পসার জমাতে পারেননি অতুলপ্রসাদ। এসময় মারাত্মক অর্থকষ্টের মোকাবিলা করতে হয়। দুটি পুত্র সন্তানের জন্ম হয় যার মধ্য একজনের অকাল মৃত্যু হয়। ১৯০২ খ্রিষ্টাব্দে তিনি জীবিত সন্তান দিলীপকুমারকে নিয়ে ভারতে তথা কলকাতায় প্রত্যাবর্তন করেন। এ সময় আত্মীয়-স্বজনরা কেউ তাদের সাহায্য করতে এগিয়ে আসেনি।

এ বিয়ে শেষাবধি সুখের হয় নি। লখনউ বসবাস কালে অতুলপ্রসাদের মা হেমন্তশশীর দ্বিতীয় স্বামী দুর্গামোহনের মৃত্যু হয়। দুর্গামোহনের মৃত্যুর পর হেমন্তশশী লখনউ চলে আসেন পুত্রের সংসারে। এসময় শাশুড়ি বৌমার বচসা শুরু হয়। পরিণতিতে স্বামী-স্ত্রীর ছাড়াছাড়ি। ছাড়াছাড়ি মিটিয়ে একসঙ্গে থাকার চেষ্টাও সফল হয় নি। হেমন্তশশী ও হেমকুসুমের দ্বন্দ্ব মেটেনি কখনো। হেমন্তশশীর মৃত্যুর পর ঘরে তার ফটো টাঙানো ছিল। তা সরিয়ে ফেলার দাবি তোলেন হেমকুসুম। কিন্তু মায়ের ছবিকে এভাবে অসম্মান করতে নারাজ অতুলপ্রসাদ। এবার হেমকুসুম চিরকালের জন্য স্বামীর ঘর ছেড়ে গেলেন, আর প্রত্যাবর্তন করেন নি।

লক্ষ্মৌতে বসবাস- অতঃপর বিলেত থেকে ব্যারিষ্টারি পাশ করে তিনি কলকাতা ও রংপুরে আইন ব্যবসা শুরু করেন। সেখান থেকে তিনি পরে লক্ষ্মৌতে চলে যান। সেখানে তিনি একজন শ্রেষ্ঠ আইনজীবী হিসেবে প্রতিষ্ঠা লাভ করেন এবং আউধ বার এ্যাসোসিয়েশন ও আউধ বার কাউন্সিলরের সভাপতি নির্বাচিত হন। লক্ষ্মৌ নগরীর সংস্কৃতি ও জীবনধারার সঙ্গেও তিনি ওতপ্রোতভাবে জড়িত হয়ে পড়েন। ১৯০২ থেকে ১৯৩৪ সাল পর্যন্ত অতুল প্রসাদ আইন ব্যবসা উপলক্ষে লক্ষ্মৌতে অতিবাহিত করেন। সে সময় তার বাংলোতে প্রায় প্রতি সন্ধ্যায়ই গানের আসর বসতো। আর সেই আসরে গান শোনাতে আসতেন আহম্মদ খলিফ খাঁ, বরকৎ আলী খাঁ এবং আব্দুল করিমের মতো বিখ্যাত ওস্তাদগণ। ভালো সঙ্গীতের আসর পেলে তিনি আদালত ও মক্কেলদের কথাও ভুলে যেতেন। অতুল প্রসাদ অধিকাংশ গান লক্ষ্মৌতেই রচনা করেন।

পরবর্তীকালে যেসব শিল্পী তার গান গেয়েছেন তারা সুর-তালের ক্ষেত্রে বেশ পরিবর্তন ও পরিবর্ধন করায় তা নিয়ে সর্বমহলে বির্তকের সৃষ্টি হয়। বাংলা সাহিত্যে অতুল প্রসাদই প্রথম ঠুংরির চাল সংযোজন করেন। এছাড়া রাগ প্রধান ঢঙ্গে বাংলা গান রচনা তার থেকেই শুরু হয়। উল্লেখ্য যে, বাংলায় ঠুংরি গীতিধারার প্রথম প্রচলন করেন লক্ষ্মৌর বিশিষ্ট সঙ্গীতজ্ঞ নবাব ওয়াজেদ আলি শাহ। অতুল প্রসাদের বিশেষত্ব এই যে, তিনি বাংলা গানের সুর-তালের বৈশিষ্ট্য অক্ষুণ্ণ রেখেই হিন্দুস্তানি রীতির প্রয়োগ করতে পেরেছিলেন। জীবনের প্রায় অর্ধেক সময় তিনি উত্তর ভারতে কাটান। সেজন্য ওখানকার সাঙ্গীতিক পরিমন্ডলের সাথে মিশে গিয়ে তিনি হিন্দুস্তানি গীত পদ্ধতিকে রপ্ত করতে সমর্থ হন। তাই বাংলা গানে হিন্দুস্তানি ঢঙ্গের মিশ্রণ ঘটানো তার পক্ষে সম্ভব হয়েছিল। অতুল প্রসাদের এই প্রয়াস বাংলা গানে একদিকে যেমন নতুনত্ব এনেছে অপরদিকে তেমনি পরীক্ষা-নিরীক্ষার পথ উন্মুক্ত করে বাংলা গানের জগতে এক বন্ধনমুক্ত শৈল্পিক আবহ নিমার্ণে সক্ষম হয়েছে। হিন্দুস্তানি লঘু খেয়াল, ঠুংরি, ও দাদরা সঙ্গীতের সুষমামন্ডিত সুরের সংগে তার ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন হয়েছিল। হিন্দুস্তানি সুর সংযোজনায় বাংলা গানের কাব্যিক মর্যাদা কিছুটা ক্ষুণ্ণ হয়েছে বলে কেউ কেউ মত প্রকাশ করলেও একটি স্বতঃফুর্ত সাঙ্গীতিকভাব তার প্রায় সকল গানে পরিলক্ষিত হয়। যেখানে সুর সঙ্গীতের মাধুর্য নিয়ে কথার ভাবকে ছাড়িয়ে গিয়েছে সেখানেই অতুল প্রসাদের সার্থকতা। তার ঠুংরি ও দাদরা ভঙ্গিও গানগুলি শৈল্পিক শ্রেষ্ঠত্বের দাবি রাখে। এমন কয়েকটি গানের মধ্যে রয়েছে, কি আর চাহিব বলো

(ভৈরবী/টপ খেয়াল), ওগো নিঠুর দরদী (মিশ্র আশাবরী-দাদরা), যাব না যাব না ঘরে (ঠুংরি) ইত্যাদি। তিনি রাগ প্রধান ঢঙ্গে বাংলা গানে যে সুর সংযোজন শুরু করেন, তা পরবর্তীকালে একটি শক্তিশালী ধারা হিসেবে বিকশিত হয়। কাজী নজরুল ইসলামের গান এবং রাগপ্রধান অঙ্গের অন্যান্য আধুনিক গান এভাবে একটি স্বতন্ত্র ধারা হিসেবে গড়ে ওঠে। ১৯৩৪ সালের ২৬ আগস্ট লক্ষ্মৌয়ে এই মহান ব্যক্তির মৃত্যু হয়।

সঙ্গীত- মূল নিবন্ধ: অতুলপ্রসাদী বাংলা ভাষা সাহিত্যে ও সঙ্গীতের এক অতি পরিচিত নাম অতুল প্রসাদ সেন। তিনি ছিলেন একাধারে কবি, গীতিকার ও গায়ক। বাংলাভাষীদের নিকট অতুল প্রসাদ সেন প্রধানত একজন সঙ্গীতজ্ঞ ও সুরকার হিসেবেই পরিচিত। তার গানগুলি মূলত স্বদেশি সঙ্গীত, ভক্তিগীতি ও প্রেমের গান; এই তিন ধারায় বিভক্ত। তবে তার ব্যক্তি জীবনের বেদনা সকল ধরনের গানেই কম-বেশি প্রভাব ফেলেছে। এজন্য তার অধিকাংশ গানই হয়ে উঠেছে করুণ-রস প্রধান।

উনিশ শতকের শেষ থেকে বিশ শতকের মাঝামাঝি সময় পর্যন্ত রবীন্দ্র প্রতিভার প্রভাববলয়ের মধ্যে বিচরণ করেও যাঁরা বাংলা কাব্যগীতি রচনায় নিজেদের বিশেষত্ব প্রকাশ করতে সক্ষম হন, অতুল প্রসাদ ছিলেন তাদের অন্যতম। সমকালীন গীতিকারদের তুলনায় তার সঙ্গীত সংখ্যা সীমিত হলেও অতুল প্রসাদের অনেক গানে সাঙ্গীতিক মৌলিকত্ব পরিলক্ষিত হয়; আর সে কারণেই তিনি বাংলা সঙ্গীত জগতে এক স্বতন্ত্র আসন লাভ করেছেন। তার গানগুলি অতুল প্রসাদের গান নামে বিশেষ ভাবে প্রতিষ্ঠিত।

অতুলপ্রসাদ বাংলা গানে ঠুংরি ধারার প্রবর্তক। তিনিই প্রথম বাংলায় গজল রচনা করেন। তার রচিত বাংলা গজলের সংখ্যা ৬-৭টি। গীতিপুঞ্জ (১৯৩১) গ্রন্থে তার সমুদয় গান সংকলিত হয়। এই গ্রন্থের সর্বশেষ সংস্করণে (১৯৫৭) অনেকগুলি অপ্রকাশিত গান প্রকাশিত হয়। অতুলপ্রসাদের গানের সংখ্যা ২০৮। অতুলপ্রসাদ সেনের কয়েকটি বিখ্যাত গান হল মিছে তুই ভাবিস মন, সবারে বাস রে ভালো,বঁধুয়া, নিঁদ নাহি আঁখিপাতে, একা মোর গানের তরী, কে আবার বাজায় বাঁশি, ক্রন্দসী পথচারিণী ইত্যাদি। তার রচিত দেশাত্মবোধক গানগুলির মধ্যে প্রসিদ্ধ উঠ গো ভারত-লক্ষ্মী, বলো বলো বলো সবে, হও ধরমেতে ধীর। তার মোদের গরব, মোদের আশা, আ মরি বাংলা ভাষা! গানটি বাংলাদেশ মুক্তিযুদ্ধে বিশেষ অণুপ্রেরণা জুগিয়েছিল। অতুলপ্রসাদের গানগুলি দেবতা, প্রকৃতি, স্বদেশ, মানব ও বিবিধ নামে পাঁচটি পর্যায়ে বিভক্ত। রবীন্দ্রনাথ ঠাকুর এই গানের বিশেষ গুণগ্রাহী ছিলেন। অতুলপ্রসাদী গান নামে পরিচিত এই ধারার একজন বিশিষ্ট সঙ্গীতশিল্পী হলেন কৃষ্ণা চট্টোপাধ্যায়।

তার সর্বমোট গানের সংখ্যা মাত্র ২০৬টি এবং সে সবের মধ্যে মাত্র ৫০-৬০টি গান গীত হিসেবে প্রাধান্য পায়। অতুল প্রসাদের মামাতো বোন সাহানা দেবীর সম্পাদনায় ৭১টি গান স্বরলিপিসহ কাকলি (১৯৩০) নামে দুই খণ্ডে প্রকাশিত হয়। তার অপর গানগুলিও গীতিপুঞ্জ এবং কয়েকটি গান নামে দুটি পৃথক গ্রন্থে প্রকাশিত হয়। ১৯২২-২৩ সালের দিকে কলকাতা থেকে প্রথম অতুল প্রসাদের গানের রেকর্ড বের হয় সাহানা দেবী ও হরেন চট্টোপাধ্যায়ের কণ্ঠে। এছাড়া, অতুল প্রসাদ প্রবাসী (বর্তমান নিখিল-ভারত) বঙ্গ-সাহিত্য সম্মিলন প্রতিষ্ঠার অন্যতম প্রধান উদ্যোক্তা ছিলেন। তিনি উক্ত সম্মিলনের মুখপত্র উত্তরার একজন সম্পাদক এবং সম্মিলনের কানপুর ও গোরখপুর অধিবেশনের সভাপতি ছিলেন। রাজনীতিতে তিনি সরাসরি অংশগ্রহণ না করলেও প্রথমে কংগ্রেসের সমর্থক ছিলেন, পরে লিবারেলপন্থী হন। অতুলপ্রসাদ তার সমগ্র জীবনের উপার্জিত অর্থেরও বৃহৎ অংশ স্থানীয় জনকল্যাণে ব্যয় করেন। এমনকি তিনি তার বাসগৃহ ও গ্রন্থস্বত্বও বিভিন্ন প্রতিষ্ঠানের কল্যাণে দান করে যান।

মৃত্যু- ব্রিটিশ ভারতের লক্ষ্মৌতে বসবাসকালে তিনি ১৯৩৪ সালের ২৬ আগস্ট মারা যান। সেখানেই তার শেষকৃত্য হয়। গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন কাওরাইদ (কাওরাদি) ব্রহ্ম মন্দিরের পাশে সমাধিস্থলে তার চিতাভস্ম সমাহিত করা হয়। এখানে একটি স্মৃতিফলক আছে। এতে লেখা ছিল "মোদের গরব, মোদের আশা, আ মরি বাংলা ভাষা! / তোমার কোলে, তোমার বোলে, কতই শান্তি ভালবাসা!" -- ১৯৭১ খিস্টাব্দে মুক্তিযুদ্ধের সময় তখনকার স্মৃতিফলকটি পাকিস্তানি সৈন্যদের গুলিতে ভেঙ্গে যায়। পরে নতুন করে করা হয়। নতুন স্মৃতিফলকে লেখা আছে: শেষে ফিরব যখন সন্ধা বেলা সাঙ্গ করে ভবের খেলা জননী হয়ে তখন কোল বাড়ায়ে রবে আমার যে শূন্য ডালা, তুমি ভরিয়ো আর তুমি যে শিব তাহা বুঝিতে দিয়ো।

# প্রথম মহিলা শহিদ

ভারতে ব্রিটিশ বিরোধী সশস্ত্র আন্দোলনের প্রথম মহিলা শহিদ ছিলেন প্রীতিলতা ওয়াদ্দেদার। ১৯১১ সালের ৫ মে চট্টগ্রামের পটিয়ার ধলঘাট গ্রামে তিনি জন্মগ্রহণ করেছিলেন। তবে উচ্চশিক্ষার জন্য তিনি কলকাতায় চলে এসেছিলেন। ১৯৩২ সালে তিনি কলকাতার বেথুন কলেজ থেকে বিএ পাশ করেছিলেন। ছোটবেলা থেকেই বিদ্যালয়ের শিক্ষিকার কাছে ঝাঁসি রাণীর গল্প শুনে দেশের স্বাধীনতায় জীবন উৎসর্গ করার স্বপ্ন দেখতেন। কলকাতায় এসে সেই লক্ষ্যে অগ্রগতির জন্য পথের সন্ধান পেয়েছিলেন। আর যখন সেই সুযোগ এল, তখন সহযোগীদের বাঁচাতে গুলির লড়াইয়ে আহত প্রীতিলতা ওয়াদ্দেদার মুখে সায়ানাড পুরে দিয়ে স্বেচ্ছায় মৃত্যুবরণ করলেন।

তিনিও নারী। নারী নেতৃত্ব কেমন হতে পারে তার উদাহরণ তিনি রেখে গেছেন। স্নেহময়ী, মমতাময়ী আবার শত্রু নিধনে খর্গহস্তা। কিন্তু এইদিনটিতে দ্রোহকালের সেই অগ্নিকন্যাকে ভুলে গেলে ইতিহাস হয়ত বাঙালি জাতিকে ক্ষমা করবে না। প্রীতিলতা ওয়াদ্দেদার শুধু সামান্য সশস্ত্র বিপ্লবী ছিলেন না। তিনি ভারতীয়তায় বিশ্বাসী ছিলেন। অস্পৃশ্যতা এবং সাম্প্রদায়িকতার ঊর্ধ্বে উঠে দেশমাতৃকার সেবায় সবাইকে সামিল করার প্রয়াস চালিয়ে গেছেন আজীবন। মাত্র ২১ বছর ৪ মাস ১৯ দিনের জীবনকালে তিনি ভারতীয় নারীর আর্দশ চরিত্রের উদাহরণ রেখে যেতে সক্ষম হয়েছেন।

১৯৩০ সালে ইউরোপিয়ান ক্লাবে আক্রমণের চেষ্টা ব্যর্থ হয়েছিল। অত্যাচারী সাহেবরা এখানে সন্ধ্যার পর এসে আনন্দ উল্লাস করত। মাস্টারদার সিদ্ধান্তে ১৯৩২ সালের ২৩ সেপেম্বর পুনরায় ইউরোপিয়ান ক্লাবে আচমকা আক্রমণের সিদ্ধান্ত নেওয়া হয়। মালকোচাদেওয়া ধুতি আর পাঞ্জাবী সেই সঙ্গে চুল আটকাতে সাদা পাগড়ি আর পায়ে রাবারের জুতা পরে প্রীতিলতা ওয়াদ্দেদার এই আক্রমণের নেতৃত্ব দিয়েছিলেন। রাত আনুমানিক পৌনে এগারটায় এই আক্রমণ সংঘটিত করা হয়। এই আক্রমণ অনেকাংশেই সফল হয়েছিল। তবে এক ব্রিটিশ মিলিটারী অফিসারের ছোড়া রিভালভারের গুলিতে জখম হন প্রীতিলতা ওয়াদ্দেদার। পরে অভিযান শেষে বাকি বিপ্লবীদের সঙ্গে অনেকটা দূর তিনি এগিয়ে যান। কিন্তু বাকী বিপ্লবীদের সঙ্গে দ্রুত চলা আর সম্ভব হচ্ছিল না। ফলে ধরা পড়ে যাওয়ার সম্ভাবনা এড়াতে প্রীতিলতা পটাশিয়াম সায়ানাইড মুখে পুরে দেন ও বাকীদের দ্রুত স্থানত্যাগের নির্দেশ দিয়ে মাটিতে লুটিয়ে পড়েন। বিপ্লবীরা শেষ শ্রদ্ধা জানিয়ে স্থানত্যাগ করেন। ৫ মে ছিল এই অগ্নিযুগের মহান বিপ্লবীর জন্মদিন।

বাঙালি মহিলা বিপ্লবীদের মধ্যে অন্যতম ইন্দুমতী সিংহ ছিলেন ভারতীয় উপমহাদেশের ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলনের একজন ব্যক্তিত্ব ও অগ্নিযুগের নারী বিপ্লবী। ইন্দুমতী সিংহ ১৮৯৮ সালে জন্মগ্রহণ করেন। তার পিতার নাম গোপাল সিংহ। তার ভাই ছিলেন চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের অন্যতম পুরোধা অনন্ত সিংহ। ইন্দুমতী সিংহের পরিবার রাজনৈতিক পরিবার। তিনি বিপ্লবী দলের কর্মী ছিলেন। বিপ্লবী দলের সদস্যের সাথে তার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক হয় এবং নানা মিশনে অংশ নেন। নিজেও অস্ত্র চালনা জানতেন। চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের মামলা পরিচালনার জন্য তিনি অর্থ সংগ্রহ করেন। তিনি সমাজ সেবা ও বিপ্লবী কর্মকাণ্ডে জড়িত ছিলেন। ইন্দুমতী সিংহ ১৯৭৬ সালে ৪ মে মৃত্যুবরণ করেন। ১৯০৫ সালে ১৯ জুলাই এবং বঙ্গভঙ্গ কার্যকর হয় একই বছরের ১৬ই অক্টোবর এবং তা কার্যকর করার পর বাংলায় সশস্ত্র আন্দোলন বিকাশ লাভ করে।

পূর্ণচন্দ্র দাস ছিলেন মাদারিপুর সমিতির প্রধান ব্যক্তি ও আদর্শ। তিনি কলকাতার বঙ্গবাসী কলেজের লেখাপড়া পরিত্যাগ করে ১৯১০ খ্রিঃ ভারতীয় উপমহাদেশের ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলনের গুপ্ত বিপ্লবী দল মাদারিপুর সমিতি গঠন করেন। সমিতিতে আরও সাতাশজন বিপ্লবী তরুণ ছিলেন। ফরিদপুর ষড়যন্ত্র মামলায় পূর্ণচন্দ্রসহ মাদারিপুর সমিতির প্রায় সদস্যরা গ্রেপ্তার হন এবং পাঁচ মাস জেল খাটেন। জেল থেকে মুক্তি পেয়ে পূর্ণচন্দ্র দাস কলকাতায় গিয়ে জোরেসোরে কাজ শুরু করলে সিংহপুরুষ যতীন্দ্রনাথের সাথে পরিচয় ও গভীর ঘনিষ্ঠতা গড়ে ওঠে। নীরেন্দ্রনাথ দাশগুপ্ত ১৯১৫ সালে গোয়েন্দা অফিসার নীরদ হালদারকে গুলি করে হত্যা করেন। চিত্তপ্রিয় রায় চৌধুরী মিনিটে ৩৬০টি গুলি ছোড়ার কৃতিত্বে বাঘাযতীনের নিকট পুরস্কৃত হন। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন দিবসে পুলিশ ইন্সপেক্টর সুরেশ মুখার্জীকে হত্যা ওড়িশার বালেশ্বর জেলায় বুড়িবালাম নদীর তীরে ইংরেজ বাহিনীর বিরুদ্ধে সম্মুখ যুদ্ধে তিনি শহিদ হন। ইংরেজদের সাথে যুদ্ধে যতীন্দ্রনাথ গুরুতর আহত হয়ে হাসপাতালে মৃত্যুবরণ করেন। তার মৃত্যুতে পূর্ণচন্দ্র দাশ হতাশাগ্রস্থ হয়ে কলকাতায় সমিতির সকল সদস্যদের অন্যতম বিপ্লবী নেতা অতুলকৃষ্ণ ঘোষের নেতৃত্বে অর্পণ করেন। তিনি বঙ্গবাসী কলেজের লেখাপড়া পরিত্যাগ করে মাদারীপুরে মাদারীপুর সমিতি নামে একটি বিপ্লবী দল গঠন করেন। ১৯১৪-১৫ সনে তিনি বাঘা যতীনের সঙ্গে কাজ করেন। বালেশ্বরের ট্রেঞ্চযুদ্ধে বাঘা যতীনের চারজন পার্শ্চর তাঁরই দলের কর্মী ছিলেন। বাঘা যতীনের এই চারজন পার্শ্চর ছিলেন চিত্তপ্রিয় রায়চৌধুরী, যতীশ পাল, মনোরঞ্জন দাশগুপ্ত এবং নীরেন দাশগুপ্ত। ১৯১৩ সালে ফরিদপুর ষড়যন্ত্র মামলায় পূর্ণচন্দ্র গ্রেপ্তার হন এবং কিছুদিন পর মুক্তি পান। কিন্তু ১৯১৪ সনে ভারত-রক্ষা আইনে ধৃত হয়ে ১৯২০ সাল পর্যন্ত জেলে আটক থাকেন। পরে তিনি নেতাজি সুভাষচন্দ্রের নবগঠিত ফরওয়ার্ড ব্লকের সঙ্গে যুক্ত হন এবং ১৯৪০ সালে পুনরায় গ্রেপ্তার হয়ে ১৯৪৬ সালে মুক্তি পান। দেশ বিভাগের পর দলীয় রাজনীতি ত্যাগ করেন এবং কলকাতায় উদ্বাস্তু পুনর্বাসন বোর্ডের সদস্য হয়ে বাস্তুহারাদের কল্যাণে তৎপর হন। বালিগঞ্জে এক আততায়ীর ছুরিকাঘাতে তাঁর মৃত্যু ঘটে।

অতুলকৃষ্ণ ঘোষ একজন ভারতীয় বিপ্লবী, অনুশিলন সমিতির সদস্য এবং যুগান্তর দলের নেতা এবং প্রথম বিশ্বযুদ্ধের সময় সময় হিন্দু জার্মান অস্ত্র সংগ্রহ ষড়যন্ত্রের সাথে জড়িত ছিলেন। অতুলকৃষ্ণ ১৮৯০ সালে নদীয়া জেলায় কুষ্টিয়ার এতমামপুর-জাদুবয়রা গ্রামের এক বাঙালি হিন্দু মধ্যবিত্ত পরিবারে জন্মগ্রহণ করেছিলেন, তাঁর পিতা-মাতা তারেশচন্দ্র এবং বিনোদিনী দেবী। ১৯২৪ সালের জানুয়ারিতে, গোপীনাথ সাহা একজন ইংরেজ আর্নেস্ট ডে কে হত্যা করেন, যিনি কলকাতা পুলিশের বহুল-ঘৃণ্য কমিশনার যতীন মুখোপাধ্যায়কে হত্যা করার জন্য তাকে টেগার্ট বলে গণ্য করেছিলেন, অতুলকৃষ্ণকে রাজবন্দি করা হয়েছিল, ১৯২৬ সালে তাকে মুক্তি দেওয়া হয়েছিল। একই বছর তিনি মজিলপুরের মেনকারানী রক্ষিতকে বিয়ে করেন এবং রাজনীতি থেকে নিজেকে পুরোপুরি বিচ্ছিন্ন করে ব্যবসায়ে নামেন। শেষ বয়সে তিনি আধ্যাত্মিক জীবনে বিশ্বাসী হয়ে ওঠেন। তিনি ছিলেন একজন খুব দক্ষ প্রশিক্ষিত কুস্তিবিদ ছিলেন। কিন্তু যে বিষয়টি তাকে চিহ্নিত করেছিল তা ছিল তার দেশভক্তি, আত্মাশক্তি এবং তার একাগ্রতা শক্তি। অতুলকৃষ্ণ ঘোষ ৪ মে ১৯৬৬ সালে কলকাতায় তাঁর বাসভবনে মারা যান।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# উৎসবের ভিড়ের সময় যাত্রীদের ভ্রমণ সহজ করতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের অতিরিক্ত উৎসব স্পেশাল ট্রেন



মালিগাঁও, ২০ অক্টোবর, ২০২৪: আসন্ন উৎসবের মরসুমে যাত্রীদের অতিরিক্ত ভিড় হ্রাস করতে অতিরিক্ত দুই জোড়া উৎসব স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই উৎসব স্পেশাল ট্রেনগুলি আনন্দ বিহার টার্মিনাল-যোগবাণী-আনন্দ বিহার টার্মিনালের মধ্যে তিনটি ট্রিপের জন্য এবং ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস-আগরতলা-ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাসের মধ্যে দুটি ট্রিপের জন্য উভয় দিক থেকে চলাচল করবে।

স্পেশাল ট্রেন নং. ০৪০১০ (আনন্দ বিহার টার্মিনাল-যোগবাণী) ২৯ অক্টোবর থেকে ১২ নভেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত প্রত্যেক মঙ্গলবার ২৩.৪৫ ঘণ্টায় আনন্দ বিহার টার্মিনাল থেকে রওনা দিয়ে তৃতীয় দিনে ০৫.২০ ঘণ্টায় যোগবাণী পৌঁছাবে। ফেরত যাত্রার সময়, স্পেশাল ট্রেন নং. ০৪০০৯ (যোগবাণী-আনন্দ বিহার টার্মিনাল) ৩১ অক্টোবর থেকে ১৪ নভেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত প্রত্যেক বৃহস্পতিবার ০৯.০০ ঘণ্টায় যোগবাণী থেকে রওনা দিয়ে পরের দিনে ১৬.০৫ ঘণ্টায় আনন্দ বিহার টার্মিনাল পৌঁছাবে। উভয় পথে যাত্রার সময় ট্রেনটি গাজিয়াবাদ, বেরেইলি ক্যান্ট., গোন্ডা জং., গোরোখপুর জং., সিওয়ান জং., হাজিপুর জং., বারাউনী জং., বেগুসরাই, খাগারিয়া জং., কাটিহার জং., আরারিয়া কোর্ট এবং ফরবেশগঞ্জ ইত্যাদি হয়ে চলাচল করবে। যাত্রীদের সুবিধার জন্য এই স্পেশাল ট্রেনে একটি এসি ২-টিয়ার কাম ৩-টিয়ার, ষোলোটি শয়ন শ্রেণি এবং দুটি সাধারণ দ্বিতীয় শ্রেণির কোচ থাকবে।

অন্য আরেকটি স্পেশাল ট্রেন নং. ০১০৬৫ (ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস-আগরতলা) ৩১ অক্টোবর থেকে ০৭ নভেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত প্রত্যেক বৃহস্পতিবার ১১.০৫ ঘণ্টায় ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস থেকে রওনা দিয়ে রবিবার ১.১০ ঘণ্টায় আগরতলা পৌঁছবে। ফেরত যাত্রার সময়, স্পেশাল ট্রেন নং. ০১০৬৬ (আগরতলা-ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস) ৩ নভেম্বর থেকে ১০ নভেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত প্রত্যেক রবিবার ১৫.১০ ঘণ্টায় আগরতলা থেকে রওনা দিয়ে বুধবার ০৮.২৫ ঘণ্টায় ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস পৌঁছবে।উভয় পথে যাত্রার সময় ট্রেনটি বদরপুর, গুয়াহাটি, রঙিয়া, নিউ জলপাইগুড়ি, কাটিহার, পাটলিপুত্র, সাতনা, জবলপুর, খান্ডোয়া জং., ভুসবল জং., ইগাতপুরী, কল্যাণ জং. এবং দাদর ইত্যাদি হয়ে চলাচল করবে। যাত্রীদের সুবিধার জন্য এই স্পেশাল ট্রেনে দুটি এসি ৩-টিয়ার, আটটি শয়ন শ্রেণি এবং ছয়টি সাধারণ দ্বিতীয় শ্রেণির কোচ থাকবে।

এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি ওয়েবসাইটে উপলব্ধ এবং বিভিন্ন সংবাদপত্রে ও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সোসিয়াল মিডিয়া প্ল্যাটফর্মে অধিসূচিত করা হয়েছে। যাত্রার করার পূর্বে বিশদ বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের অনুরোধ জানানো হচ্ছে।

# ডিমরিয়ার হঁহরায় নৃশংস হত্যাকাণ্ড, ভগ্নিপতির ছুরিকাঘাতে হত শ্যালক

গুয়াহাটি, ২০ অক্টোবর (হি.স.) : ডিমরিয়ার হঁহরায় নৃশংস হত্যাকাণ্ডের বলি হয়েছেন ধর্মেন্দ্র মেধি নামের এক যুবক। ভগ্নিপতি ডিম্বেশ্বর বনিয়ার ছুরিকাঘাতে মৃত্যু হয়েছে ধর্মেন্দ্রের। ঘটনা শনিবার গভীর রাতে সংঘটিত হয়েছে।

জানা গেছে, প্রায় প্রতিদিনের মতো গতকাল রাতেও ভগ্নিপতি ডিম্বেশ্বর বনিয়া আকণ্ঠ মদ্যপান করে ঘরে গিয়েছিলেন। মধ্যরাতে মাদকাসক্ত ডিম্বেশ্বরের সঙ্গে কোনও বিষয় নিয়ে কথা কাটাকাটি হয় শ্যালক ধর্মেন্দ্রের। এক সময় একটি ছুরি বের করে সে শ্যালক ধর্মেন্দ্র মেধির ওপর উপর্যুপরি ঘা বসাতে থাকে। এতে প্রচণ্ড রক্ত ঝরিয়ে মাটিতে লুটে পড়ে ধর্মেন্দ্র। ব্যবসাসূত্রে ধর্মেন্দ্র মেধিদের বাড়ির একটি ঘরে থাকত ডিম্বেশ্বর বনিয়া। রাতে ভগ্নিপতি এবং শ্যালক উভয়ে তাদের বাণিজ্যিক প্রতিষ্ঠান থেকে একসঙ্গে বাড়ি ফেরে। বাড়ি ফেরার পর সামান্য কোনও বিষয়ে দুজনের মধ্যে বাদানুবাদ হয়। বাদানুবাদে মেজাজ হারিয়ে শ্যালককে ছুরিকাঘাত করে প্রাণ হরণ করে নিয়েছে ভগ্নিপতি।

ঘটনার পর প্রতিবেশীরা ছুরিকাহত ধর্মেন্দ্রকে রক্তাক্ত অবস্থায় নিয়ে যান স্থানীয় হাসপাতালে। হাসপাতালে নিয়ে যাওয়ার পর চিকিৎসা শুরু করার আগেই মৃত্যুর কোলে ঢলে পড়েন ধর্মেন্দ্র মেধি। এদিকে খবর পেয়ে রাতেই ঘটনাস্থলে ছুটে যায় সোনাপুর থানা থেকে পুলিশের দল। পুলিশ অভিযুক্ত ডিম্বেশ্বর বনিয়াকে আটক করে থানায় নিয়ে যায়। অন্যদিকে হাসপাতালে গিয়ে নিহত ধর্মেন্দ্র মেধির মৃতদেহ নিজেদের জিম্মায় নিয়ে ময়না তদন্তের জন্য মর্গে পাঠিয়েছে। গোটা ঘটনা সম্পর্কে তদন্ত শুরু করেছে সোনাপুর থানার পুলিশ।

# ট্রেন থেকে পড়ে গেল স্কুল ছাত্রী, সাংবাদিকের তৎপরতায় বাঁচলো প্রাণ

পূর্ব বর্ধমান, ২০ অক্টোবর (হি.স.): পূর্ব বর্ধমান জেলার মেমারি এলাকায় শনিবার রাতে এক ১৬ বছর বয়সী স্কুল ছাত্রী আপ বর্ধমান লোকাল ট্রেন থেকে দেবিপুর স্টেশনে পড়ে যান। স্থানীয় কয়েকজন দৈনিক যাত্রী ও এলাকার মানুষ তৎক্ষণাৎ তাকে উদ্ধার করেন। যদিও, স্টেশন কর্তৃপক্ষের কোনও সহায়তা পাওয়া যায়নি। টিকিট কাউন্টারে উপস্থিত ব্যক্তি কোনও রকম সাহায্য করেননি, আরপিএফ বা রেল পুলিশেরও দেখা মেলেনি।

খবর পেয়ে এক সাংবাদিক ঘটনাস্থলে পৌঁছন। মেয়েটির অবস্থার আশঙ্কাজনক দেখে তিনি দাঁড়িয়ে থাকতে পারেননি। দ্রুত বাড়ি ফিরে স্ত্রীকে সঙ্গে নিয়ে এবং এলাকার এক রেল সিভিকের সাহায্যে তিনি নিজের প্রাইভেট কারে মেমারি গ্রামীণ হাসপাতালে মেয়েটিকে দ্রুত পৌঁছে দেন। মেমারি থানার পুলিশ ও রেল কর্মকর্তারা হাসপাতালে পৌঁছন এবং মেয়েটি কিছুটা সুস্থ হলে তার বাড়ির ঠিকানা জানান। এই ঘটনাটি প্রমাণ করে যে, সাংবাদিকদের কাজ শুধুমাত্র খবর সংগ্রহ করা নয়, তাদের দায়িত্বও রয়েছে। ঠিক সময়ে হাসপাতালে পৌঁছানোর ফলে ওই কিশোরী প্রাণে বেঁচে যান।

# ডুয়ার্সে চিতাবাঘের হামলায় কিশোরীর মৃত্যু, এলাকায় শোকের ছায়া

পুরাতন মালদা, ২০ অক্টোবর (হি.স.): রবিবার সকাল থেকেই ডুয়ার্সের নাগরাকাটা ব্লকের আংরাভাসা ১ গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ খেরকাটা গ্রামে ভয়ের পরিবেশ। এলাকায় ঘুরে বেড়াচ্ছে চিতা বাঘ। জানা গিয়েছে, শনিবার সন্ধ্যায় ওই এলাকায় চিতাবাঘের হামলায় মৃত্যু হয়েছে এক কিশোরীর। মৃত কিশোরীর নাম সুশীলা গোয়ালা (১২)। সন্ধ্যায় পাশের বাড়ি থেকে ফিরে হাত-মুখ ধুচ্ছিলেন সুশীলা, সেই সময় আচমকাই একটি চিতাবাঘ তার ওপর হামলা করে এবং তাকে তুলে নিয়ে যায় পাশের জঙ্গলে।

এরপর স্থানীয় বাসিন্দারা রক্তের দাগ দেখে কিশোরীর দেহ উদ্ধার করে। ঘটনার পরপরই এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয় এবং চিতাবাঘের আতঙ্ক ছড়িয়ে পড়ে। নাগরাকাটা থানার পুলিশ ও বন দফতরের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান। স্থানীয় বাসিন্দারা তাঁদের ঘিরে বিক্ষোভ দেখান। এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। উল্লেখ্য, গত জুলাই মাসে ডুয়ার্সের বানারহাটের তোতাপাড়া চা বাগানে এক শিশুকে চিতাবাঘ তুলে নিয়ে গিয়েছিল। ওই শিশুটির দেহ পরে চা বাগান থেকে উদ্ধার হয়েছিল। এর আগে ডুয়ার্সে একাধিক চিতাবাঘের হামলায় মৃত্যুর ঘটনা ঘটেছে।

## বনগাঁয় গ্রামবাসীদের হাতে হেনস্থার শিকার কাউন্সিলর

বনগাঁ, ২০ অক্টোবর (হি.স.): বনগাঁ পৌরসভার ৫নং ওয়ার্ডে গ্রামবাসীরা বাঁশ লাঠি ঝাটা দিয়ে পেটালো কাউন্সিলরকে। ঘটনাটি রবিবার সকালে ঘটে। জানা গিয়েছে, এলাকার কাউন্সিলর সি.আই.সি দিলীপ মজুমদারের দেহরক্ষী সুনীল মজুমদার গাইঘাটা থানার জামদানিতে এক মহিলাকে শ্লীলতাহানির অভিযোগে গ্রেফতার হন। এই ঘটনার পর কাউন্সিলর দিলীপ মজুমদার মহিলাকে বোঝানোর চেষ্টা করেন, তবে সেই সময়ে এলাকার মহিলারা কাউন্সিলরকে ঝাটা, জুতো, বাঁশ দিয়ে মারধর করেন বলে অভিযোগ উঠেছে। যদিও, কাউন্সিলর দিলীপ মজুমদার এই ঘটনার একটি ভিডিও মিথ্যা বলে দাবি করেছেন। তিনি বনগাঁ সাইবার ক্রাইম থানায় এই বিষয়ে একটি অভিযোগ দায়ের করেছেন।

## নাবালিকাকে অপহরণের অভিযোগে গ্রেফতার এক, ধৃত পুলিশ হেফাজতে

ক্যানিং, ২০ অক্টোবর (হি.স.): ষোলো বছরের এক নাবালিকাকে অপহরণের অভিযোগে গ্রেফতার হল এক যুবক। ধৃতের নাম মদন নস্কর। বারুইপুর থানার দক্ষিণ বেলেগাছি থেকে গ্রেফতার করা হয় মদন নস্করকে। মদনের শ্যালক বৃন্দাবনের বিরুদ্ধে মূল অভিযোগ। ক্যানিংয়ের নিকারিঘাটা এলাকা থেকে ওই নাবালিকাকে গত ১২ তারিখ অপহরণ করা হয় বলে অভিযোগ। এই বিষয়ে ক্যানিং থানায় লিখিত অভিযোগ দায়ের হয়। অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্তে নেমে পুলিশ মদনকে গ্রেফতার করেছে। ধৃতকে রবিবার আলিপুর আদালতে তোলা হলে বিচারক তিন দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন। এই ঘটনায় মূল অভিযুক্তের খোঁজে শুরু হয়েছে তদন্ত।

# সোনতলির নিখোঁজ যুবকের ক্ষতবিক্ষত মৃতদেহ উদ্ধার

গুয়াহাটি, ২০ অক্টোবর (হি.স.) : কামরূপ (গ্রামীণ) জেলার অন্তর্গত গরৈমারির সোনতলি পুরানগাঁওয়ের নিখোঁজ যুবকের ক্ষতবিক্ষত মৃতদেহ উদ্ধারের ঘটনায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

জানা গেছে, গতকাল শনিবার বিকেল থেকে রহস্যজনকভাবে তাঁর বাড়ি থেকে নিখোঁজ হয়ে গিয়েছিলেন সোনতলি পুরানগাঁওয়ের বাসিন্দা জনৈক শাহজাহান আলি আহমেদের বছর ২৩-এর ছেলে সফিউর রহমান। নিখোঁজ হওয়ার পর থেকে সফিউরের মোবাইল ফোনের সুইচও বন্ধ হয়ে পড়ে। রাত পর্যন্ত সে বাড়ি না ফেরায় পরিবারের লোকজন বিভিন্ন স্থানে তাকে খুঁজতে থাকেন। এমতাবস্থায় তাঁরা খবর পান, জোরশিমুলি পুলিশ ফাঁড়ি এলাকার মহাবীর পথারে গুমি-নগরবেরা ইঅ্যান্ডডি বাঁধের পাশে এক যুবককে সংজ্ঞাহীন অবস্থায় পাওয়া গেছে। খবর পেয়ে সঙ্গে সঙ্গে রাতেই ঘটনাস্থল গুমি-নগরবেরা ইঅ্যান্ডডি বাঁধে যান পরিবারের সদস্যরা। তাঁরা সংজ্ঞাহীন যুবককে সফিউর রহমান বলে শনাক্ত করে মুমূর্ষু অবস্থা সোনতলি সামূহিক স্বাস্থ্যকেন্দ্রত নিয়ে আসেন। স্বাস্থ্যকেন্দ্রে কর্তব্যরত ডাক্তার পরীক্ষা-নিরীক্ষা করে তাকে মৃত বলে ঘোষণা করেন।

যুবক সফিউর রহমানের শরীরের বিভিন্ন অঙ্গে বহু আঘাতে চিহ্ন পাওয়া গেছে। তার মুখ দিয়ে প্রচুর রক্তক্ষরণও হয়েছে। ইতিমধ্যে ঘটনাস্থলে এবং নিহতের বাড়িতে পুলিশ গিয়ে তদন্ত শুরু করেছে। পুলিশের তদন্তকারী আধিকারিক বলেছেন, তদন্তে ঘটনার প্রকৃত রহস্য তাঁরা উদ্ঘাটন করবেন।এদিকে যুবক সফিউর রহমানের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে পুরানগাঁও অঞ্চলে তীব্র চাঞ্চল্য ও প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

# জল জমাকে কেন্দ্র করে উত্তেজনা, কংগ্রেস কাউন্সিলর ও তাঁর স্বামীকে হেনস্থা

বিধাননগর, ২০ অক্টোবর (হি.স.): বিধাননগর পৌরনিগমের ১৪ নম্বর ওয়ার্ডের হাতিয়াড়া সারদা পল্লীতে রাস্তায় জল জমাকে কেন্দ্র করে উত্তেজনা সৃষ্টি হয়। এই ঘটনায় মহিলা কংগ্রেস কাউন্সিলর এবং তাঁর স্বামী, প্রাক্তন কাউন্সিলরকে হেনস্থা করা হয়। অসুস্থ হয়ে শয্যাশায়ী প্রাক্তন কাউন্সিলর রবিবার ইকোপার্ক থানায় অভিযোগ দায়ের করেছেন।

শনিবার রাতে এলাকার কিছু মানুষ আচমকা তাদের বাড়ির সামনে চড়াও হয়ে রাস্তায় জল জমাকে কেন্দ্র করে বাড়ির সামনে অবরোধ করে উত্তেজনা তৈরি করে। এই ঘটনায় কংগ্রেস কাউন্সিলর ও তার স্বামী অভিযোগ করেন যে, দীর্ঘদিন ধরে বিধাননগর পৌরসভা কর্তৃপক্ষ রাস্তাঘাটের অবস্থা উন্নত করেনি। এর ফলে এলাকার বাসিন্দারা ক্ষুব্ধ হয়ে উত্তেজনার পরিস্থিতি তৈরি করে এবং প্রতিবাদ জানান। কংগ্রেস কাউন্সিলর এবং তাঁর স্বামীর দাবি, যদিও রাস্তাঘাটের দেখভালের দায়িত্ব পৌরসভা কর্তৃপক্ষের, তবুও তাদের বাড়ির সামনে এসে উত্তেজনা সৃষ্টি করা হয়। এলাকার বাসিন্দাদের অভিযোগ, দীর্ঘদিন ধরে রাস্তায় জল জমে থাকার কারণে দুর্ঘটনা ঘটছে এবং এই পরিস্থিতির প্রতি পৌরসভার উদাসীনতা ক্ষোভের কারণ হয়ে দাঁড়িয়েছে।

# ধুবড়ির গেরামারিতে উদ্ধার বিপুল পরিমাণের সন্দেহজনক হেরোইন, আটক পাচারকারী

ধুবড়ি (অসম), ২০ অক্টোবর (হি.স.) : ধুবড়ি জেলার অন্তর্গত গৌরীপুর থানাধীন বটেরতলে ১৭ নম্বর জাতীয় সড়কে অভিযান চালিয়ে বিপুল পরিমাণের সন্দেহজনক হেরোইন সহ এক মাদক পচারকারীকে আটক করেছে পুলিশ। এর সঙ্গে বাজেয়াপ্ত করা হয়েছে মাদক পাচারে ব্যবহৃত এএস কিউ ৭৩৮২ নম্বরের একটি মোটর বাইক।

প্রাপ্ত খবরে প্রকাশ, গোপন তথ্যের ভিত্তিতে আজ রবিবার দুপুর গৌরীপুর থানার ওসি জিতুমণি বৈশ৭ র নেতৃত্বে পুলিশের এক দল অভিযানে নেমে রাজিমুল হক নামের এক মাদক কারবারিকে আটক করে। রাজিমুলের হেফাজত থেকে শতাধিক কন্টেইনার ভরতি সন্দেহজনক হেরোইন উদ্ধার করেছে পুলিশের অভিযানকারী দল। এর পর ধৃত রাজিমুলকে সঙ্গে নিয়ে গেরামারি প্রথম খণ্ড গ্রামে তার বাসগৃহে অভিযান চালিয়ে আরও দুটি সাবান কেস থেকে দুই প্যাকেট সন্দেহজনক হেরোইন, হেরোইন ভরতি বহু কন্টেইনার এবং নগদ প্রায় ২১ হাজার টাকা বাজেয়াপ্ত করেছে পুলিশ। ওসি জিতুমণি বৈশ্য জানান, রাজিমুল দীর্ঘদিন থেকে আলমগঞ্জ সহ গৌরীপুরে মাদক করবার চালিয়ে আসছে বলে অভিযোগ ছিল।

# পুরাতন মালদায় মঙ্গলবাড়ি বাঘাযতীন সংঘের শ্যামল কালী পুজোর খুঁটি পূজা অনুষ্ঠিত হলো

পুরাতন মালদা, ২০ অক্টোবর (হি.স.): রবিবার সকাল সাড়ে এগারোটা নাগাদ পুরাতন মালদার মঙ্গলবাড়ি বাঘাযতীন সংঘে শ্যামল কালী পুজোর খুঁটি পূজা অনুষ্ঠিত হয়। ক্লাব প্রাঙ্গণে আয়োজিত এই খুঁটি পূজা অনুষ্ঠানে ক্লাবের সকল সদস্যরা উপস্থিত হন এবং নিষ্ঠার সাথে পূজা অনুষ্ঠিত হয়।

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পুরাতন মালদা পৌরসভার চেয়ারম্যান কার্তিক ঘোষ, ক্লাব সদস্যরা ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিরা। খুঁটি পুঁতে পূজার সূচনা করেন তাঁরা। বাঘাযতীন সংঘের অন্যতম সদস্য ও পৌরসভা চেয়ারম্যান কার্তিক ঘোষ জানান, এই বছর ৪৭তম কালী পুজো অনুষ্ঠিত হতে চলেছে। শালপাতার মাধ্যমে পুজোর মণ্ডপ নির্মাণ করা হবে এবং পুজোর দিনগুলোতে নানা অনুষ্ঠানের আয়োজন করা হবে।

# মায়ঙে সড়ক দুর্ঘটনা, হত এক, আহত তিন, সংকটজনক এক

মরিগাঁও (অসম), ২০ অক্টোবর (হি.স.) : মরিগাঁও জেলার অন্তর্গত মায়ঙের বুঢ়ামায়ঙে ভয়াবহ এক সড়ক দুর্ঘটনায় ঘটনাস্থলেই একজনের মৃত্যু হয়েছে। একই ঘটনায় গুরুতরভাবে আহত হয়েছেন তিনজন। নিহতকে জনৈক মহিদুল ইসলাম বলে শনাক্ত করা হয়েছে। এছাড়া আহতদের মধ্যে সংকটজনক অবস্থায় ফইজুল হককে গুয়াহাটিতে বেসরকারি হাসপাতাল জিএনআরসিতে পাঠানো হয়েছে। অন্য দুজনকে মরিগাঁও অসামরিক হাসপাতালে ভরতি করা হয়েছে।

ঘটনা আজ রবিবার সকাল প্রায় পাঁচটা নাগাদ সংঘটিত হয়েছে। চার চাকার একটি গাড়ির আরোহী ছিলেন চারজন। এঁরা সকলেই মায়ঙের পাভকাতি গ্রামের বাসিন্দা। গুয়াহাটি থেকে আসার পথে দুগ্ধ পরিবাহী একটি টেম্পোর সঙ্গে সংঘর্ষ হয় চার চাকার গাড়ি। ঘটনা দেখে স্থানীয়রা খবর দেন পুলিশকে। খবর পেয়ে ছুটে যায় পুলিশ। ইত্যবসরে অকুস্থলে ছুটে যান হতাহতদের পরিবারের লোকজন। তাঁরা হতাহদের নিয়ে যান গুয়াহাটির জিএনআরসি এবং মরিগাঁও অসামরিক হাসপাতালে।

# দেবেন্দ্র ফড়নবিসের সঙ্গে সাক্ষাৎ রামদাসের, একগুচ্ছ বিষয়ে হয়েছে আলোচনা

মুম্বই, ২০ অক্টোবর (হি.স.): মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিসের সঙ্গে রবিবার সাক্ষাৎ করলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়ার (আঠাওয়ালে) প্রধান রামদাস আঠাওয়ালে। মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনে আসন বণ্টন নিয়ে এদিন তাঁদের কথা হয়েছে। দেবেন্দ্র ফড়নবিসের মুম্বইয়ের বাসভবনে হয় এই বৈঠক।বৈঠকের পর রামদাস বলেছেন, 'আমরা উপ-মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিস এবং সিনিয়র বিজেপি নেতাদের সঙ্গে আলোচনা করেছি। বৈঠকে আমরা অনুরোধ করেছি, রিপাবলিকান পার্টিকে বেশি নয়, মাত্র ৫টি আসন পাওয়া উচিত। সরকার এলে আমাদের নেতাকে মন্ত্রিসভায় মন্ত্রীর পদ দেওয়া উচিত, আসন্ন মহানগর পালিকা এবং জেলা পঞ্চায়েত নির্বাচনেও রিপাবলিকান পার্টির আসন পাওয়া উচিত। এ বিষয়ে আমাদের আশ্বস্ত করা হয়েছে।

**14/EE/PWD(R&B)/STB/2024-25 dated: 09-10-2024**

The Executive Engineer, Santirbazar Division, PWD (R&B), Santirbazar, South Tripura invites on behalf of the 'Governor of Tripura' percentage rate e-tender from the Central & State public sector undertaking / enterprise and eligible Contractors /Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/Other State PWD up to 3.00 P.M. on 23-10-2024 for the following work:

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF TECHNICAL BID | DOCUMENT DOWNLOADING AND BIDDING AT APPLICATION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | DNIT No: 76/EE/PWD(R&B)/STB/2024-25 | Rs.15,13,838.00 | Rs.30,277.00 | 180 Days | Up to15.00 Hrs on 23-10-2024 | At 16.00 Hrs on 24-10-2024 | https://tripuratenders.gov.in | Appropriate Class |
| 2 | DNIT No: 77/EE/PWD(R&B)/STB/2024-25 | Rs. 21,57,885.00 | Rs. 43,158.00 | 180 Days | | | | |
| 3 | DNIT No: 78/EE/PWD(R&B)/STB/2024-25 | Rs. 24,20,662.00 | Rs. 48,413.00 | 180 Days | | | | |
| 4 | DNIT No: 79/EE/PWD(R&B)/STB/2024-25 | Rs. 24,20,674.00 | Rs. 48,413.00 | 180 Days | | | | |
| 5 | DNIT No: 80/EE/PWD(R&B)/STB/2024-25 | Rs. 18,26,627.00 | Rs. 36,533.00 | 180 Day | | | | |
| 6 | DNIT No: 81/EE/PWD(R&B)/STB/2024-25 | Rs. 17,90,639.00 | Rs. 35,813.00 | 180 Days | | | | |
| 7 | DNIT No: 82/EE/PWD(R&B)/STB/2024-25 | Rs. 24,15,695.00 | Rs. 48,314.00 | 180 Days | | | | |
| 8 | DNIT No: 83/EE/PWD(R&B)/STB/2024-25 | Rs. 24,21,669.00 | Rs. 48,433.00 | 180 Days | | | | |
| 9 | DNIT No: 84/EE/PWD(R&B)/STB/2024-25 | Rs. 11,23,460.00 | Rs. 22,469.00 | 180 Days | | | | |
| 10 | DNIT No: 100/EE/PWD(R&B)/STB/2023-24 | Rs. 22,98,520.00 | Rs. 45,970.00 | 180 Days | | | | |

For & on behalf of Governor of Tripura

ICA/C-2097/24

(Er. Tapas Marak) Executive Engineer,
PWD(R&B) Santirbazar Division,
Santirbazar South Tripura

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## বাড়িতেই অল্প উপকরণ দিয়েই বানিয়ে ফেলুন মুখরোচক ফ্রায়েড চিকেন



বর্ষাকাল মানে বিকেল হতেই ভাজাভুজি খেতে মন চায়। চায়ের সঙ্গে "টা" মানেই তো বাইরের চপ, শিঙাড়া কিংবা কাটলেট। বাড়ির খুদেদের আবার রেস্তরাঁর মতো ফ্রায়েড চিকেনের দিকে ঝোঁক বেশি। তবে রোজ রোজ বাইরে থেকে আনা ফ্রায়েড চিকেন খাওয়া মোটেও স্বাস্থ্যকর নয়। এ বার দোকানের স্বাদ সহজেই আনুন বাড়ির হেঁশেলে।

খুব সহজ ক'টা ধাপেই তা সম্ভব। দেখে নিন রেসিপি। আর বাড়িতেই বানিয়ে ফেলুন হুবহু রেস্তরাঁর স্বাদের ফ্রায়েড চিকেন।

উপকরণ: ৪টি চিকেন লেগ পিস, ১ টেবিল চামচ রেড চিলি সস, ১ টেবিল চামচ সয়া সস, স্বাদ মতো নুন, ১ টেবিল চামচ আদা-রসুন বাটা, ১টি লেবুর রস, ১টি ডিম,১ কাপ ময়দা, ১ টেবিল চামচ লঙ্কার গুঁড়ো,১ চা চামচ আদা-রসুন পাউডার, ১ চা চামচ সাদা গোলমরিচের গুঁড়ো

প্রণালী: চিকেন লেগ পিসগুলি একটি বড় পাত্রে নিয়ে তার সঙ্গে নুন, রেড চিলি সস সয়া সস আদা-রসুন বাটা, লেবুর রস ও ডিম ভাল করে মেখে নিন। মিশ্রণটি ঘণ্টাখানেক ফ্রিজে রেখে দিন। এ বার আর একটি পাত্রে ময়দা, নুন, গোলমরিচ গুঁড়ো, আদা-রসুন গুঁড়ো, লঙ্কার গুঁড়ো ভাল করে মিশিয়ে নিন। এ বার লেগ পিসগুলিতে ময়দার মিশ্রণ মাখিয়ে সেগুলি ঠান্ডা বরফ জলে ডুবিয়ে নিন। তার পর আবার সেগুলি ময়দার মিশ্রণে এ পিঠ-ও পিঠ করে গরম তেলে বাদামি করে ভেজে নিন। গরম গরম পরিবেশন করুন রেস্তরাঁর মতো ফ্রায়েড চিকেন।

## আপনার বাড়ির জলই চুল পড়ার কারণ নয় তো ?



রাস্তার ধুলো-ধোঁয়া, দূষণ তো আছেই, খাওয়াদাওয়ায় অনিয়মও চুল পড়ার অন্যতম কারণ। তবে কারণ আরও আছে। ভাল করে ভেবে দেখুন তো, আপনার বাড়ির জলই চুল পড়ার কারণ হয়ে উঠছে কি না?

জলে যদি আয়রন বেশি থাকে তা হলে চুল পড়তে বাধ্য। বাড়ির কলের জল যদি "হার্ড" বা খনিজ সমৃদ্ধ হয়, তা হলে তো চুল পড়বেই।

কারণ এই জলে ক্যালশিয়াম ও ম্যাগনেশিয়ামের মাত্রাও বেশি থাকে যা চুলের গোড়ায় জমে থেকে গোড়া আলগা করে দেয়। এমন জল দিয়ে রোজ মাথা ধুলে বুঝতে পারবেন, চুল রুক্ষ ও নির্জীব হয়ে যাচ্ছে। মাথায় হাত দিলেই গোছা গোছা চুল উঠবে। চুলে জটও পড়বে বেশি।

এই সমস্যার সমাধান করতে হলে "ওয়াটার সফনার" লাগানোর ব্যবস্থা করুন। দাম বেশি পড়তে পারে, কিন্তু এই মেশিনে এমন ফিল্টার থাকে যা জলের ময়লা ও খনিজ উপাদানগুলিকে ছেঁকে নিয়ে জল বিশুদ্ধ করতে পারে। কল বা শাওয়ারের মুখে এই ফিল্টার লাগিয়ে নিলে আর কোনও সমস্যা থাকবে না। তবে ফিল্টার মাঝেমধ্যেই পরিষ্কার করাতে হবে না হলে আয়রন বা খনিজের স্তর জমা হতে হতে কল বা শাওয়ারের মুখ বন্ধ হয়ে যাবে। জলে অতিরিক্ত ক্লোরিন থাকলেও চুলের বারোটা বেজে যাবে। ক্লোরিন এমনিতে জল পরিশুদ্ধ করে। কিন্তু অতিরিক্ত ক্লোরিন চুলের ক্ষতি করে। তাই যাঁরা সুইমিং পুলে সাঁতার কাটেন, তাঁরা সতর্ক থাকতে হবে। শাওয়ার ক্যাপ পরে তবেই সাঁতার কাটা উচিত। তার পর চুল পরিষ্কার জলে ধুয়ে নিতে হবে।

চুল পড়ার সমস্যা কমাতে রোজ পর্যাপ্ত পরিমাণে জল এবং পুষ্টিগুণ সমৃদ্ধ খাবার খাওয়াও জরুরি। সঙ্গে অবশ্যই প্রয়োজন চুলে যত্ন। যদি আপনার চুল তৈলাক্ত হয়, তা হলে এক দিন অন্তর শ্যাম্পু অবশ্যই করবেন। যদি কোঁকড়া চুল হয়, তা হলে ভাল কন্ডিশনার এবং সিরাম লাগানো প্রয়োজন। সপ্তাহে অন্তত দু'থেকে তিন দিন যদি তেল লাগিয়ে ভাল করে মাসাজ করা যায়, তা হলেও চুলের স্বাস্থ্য ভাল থাকবে।

## তেঁতুল ফেলে না দিয়ে কী ভাবে ঘরোয়া কাজে ব্যবহার করবেন ?



বিভিন্ন প্রকার চাট হোক কিংবা ফুচকা মুখরোচক খাবারের স্বাদ বৃদ্ধি করতে তেঁতুলের কোনও জবাব নেই। তেঁতুল দিয়ে কোনও পদ বানাবেন বলে বাজার থেকে কিনে আনলেন বটে, কিন্তু সবটা ব্যবহার না হলে দীর্ঘ দিন সেটি ফ্রিজেই পড়ে থাকে। কেবল রান্নাতেই নয়, বাড়ির আরও বিভিন্ন কাজে কিন্তু কাজে লাগাতে পারেন তেঁতুল। জেনে নিন, বাড়িতে তেঁতুল থাকলে কোন কোন কাজ সহজেই সেরে ফেলতে পারেন।

১) বাসন চকচকে করতে তেঁতুল কিন্তু বেশ কাজের। লেবু ও ভিনিগারের মতো তেঁতুলের অ্যাসিডিক গুণ স্টিল কিংবা পিতলের বাসন পরিষ্কার করতে কাজে আসে। অনেক সময় বাসনের তেল চিটচিটে ভাব কিছুতেই যেতে চায় না, তেঁতুলের সাহায্যে সেই সমস্যারও সমাধান সম্ভব।

২) হেঁশেলে মাছির উপদ্রব বেড়েছে? এক টুকরো তেঁতুলে কিন্তু মুশকিল আসান হতে পারে। তেঁতুলের অ্যান্টিব্যাক্টেরিয়াল গুণ ও গন্ধ পোকামাকড় তাড়াতে উপকারী। হেঁশেলে কিংবা বাগানে পোকা তাড়াতে তেঁতুল কাজে লাগাতে পারেন।

৩) সাবানের বিকল্প হিসাবেও কিন্তু তেঁতুল কাজে লাগাতে পারেন। ত্বকের জন্য বেশ উপকারী হেঁশেলের এই উপাদান। জীবাণু ও ভাইরাসের আক্রমণ থেকে ত্বককে রক্ষা করতে পারে তেঁতুল।

৪) কম খরচে ত্বক উজ্জ্বল করতে চাইলে ব্যবহার করতে পারেন তেঁতুল। তেঁতুলে ফসফরাস, অ্যামিনো অ্যাসিড, ম্যাগনেশিয়াম ইত্যাদি মিনারেল রয়েছে যা ত্বকের জন্য উপকারী।পরিমাণ মতো তেঁতুল গরম জলে কিছু ক্ষণ ফুটিয়ে নিন। ঠান্ডা হলে ক্বাথ বার করে নিন। দু"চামচ তেঁতুলের ক্বাথের সঙ্গে এক চা চামচ হলুদ গুঁড়ো ভাল করে মিশিয়ে নিয়ে ত্বকে লাগিয়ে নিন। মিনিট ১৫ রেখে জল দিয়ে ধুয়ে ফেলুন।

৫) খুশকির সমস্যা দূর করতেও তেঁতুলের ক্বাথ ব্যবহার করতে পারেন। মাথার ত্বকে সেই ক্বাথ ভাল করে ঘষে নিয়ে শ্যাম্পু করে নিন। তেঁতুলের গুণেই খুশকির সমস্যা দূর হবে। চুলে আসবে জেল্লা।

## ঘি খেয়েও রোগা হওয়া যায়

ঘি খেতে ভালবাসেন কিন্তু খেতে পারেন না শুধু ওজন বেড়ে যাওয়ার ভয়ে। রোগা হওয়ার জন্য এর চেয়েও বড় বড় ত্যাগ স্বীকার করতে হয়। কষ্ট করলে তবেই যে কেষ্ট মেলে, তা কে না জানে! তবে ওজন ঝরানোর জন্য ঘি খাওয়া বন্ধ করার দরকার নেই। ঘি খেয়েও রোগা হওয়া যায়। তার মানে রোজ সেদ্ধ ভাতে ঘি মেখে খেয়েও ছিপছিপে থাকবেন, এমন আশা করা ঠিক নয়।

তা হলে উপায়? কী ভাবে খেতে পারেন?

টোস্টের সঙ্গে- টোস্টে মাখনের বদলে ঘি মাখিয়ে খেতে পারেন। তবে রোজ নয়। মাঝেমাঝে জলখাবারে ঘি মাখানো টোস্ট থাকতেই পারে। হাত খুলে ঘি না মাখালেই ভাল। সপ্তাহে ১-২ দিন পরিমাণ মতো ঘি খাওয়া যায়।

ঘি ভাত- সরাসরি ভাতে ঘি মেখে না খেয়ে বরং ঘি ভাত বানিয়ে খেতে পারেন। গাজর, বিন্স, ক্যাপসিকাম দিয়ে যে ফ্রায়েড রাইস বানালেন তাতে অল্প করে গাওয়া ঘি মিশিয়ে নিন। খেতেও ভাললাগবে, আবার ওজন থাকবে নিয়ন্ত্রণে।

বেকিং- কেক বানানোর জন্য ডিসেম্বর পর্যন্ত অপেক্ষা করার দরকার নেই, তার আগেই বানাতে পারেন। বেকিং-এর সময় খানিকটা ঘি দিতে পারেন। স্বাদ লেগে থাকবে মুখে। আবার ঘি খাওয়াও হল।



## এখন হাঁটুর ব্যথা বয়স দেখে হয় না

ব্যথা-বেদনা এখন আর বয়স মেনে হয় না। বিশেষ করে আর্থাইটিসের মতো সমস্যা যে কোনও বয়সে এসে হানা দিতে পারে। তা ছাড়া রোজের জীবনে যে একটানা অনিয়ম চলে, তার প্রভাব পড়ে জীবনে। দীর্ঘ ক্ষণ এক জায়গায় বসে থেকে পেশিগুলি শক্ত হয়ে যায়। সেখান থেকেই ব্যথা-বেদনার সূত্রপাত। আর বয়স বাড়লে সেটাই ভয়ঙ্কর হয়ে ওঠে। হাঁটুতে ব্যথা হলে অনেক কিছুই খাওয়া বারণ হয়ে যায়। পাঁঠার মাংস, রঙিন পানীয়ের মতো অনেক খাবারই খাওয়া যায় না। হাঁটুতে ব্যথার সমস্যা কমাতে একটি পানীয়ের খোঁজ দিয়েছেন পুষ্টিবিদেরা। খাদ্যতালিকায় এই পানীয় বা স্মুদি রাখলে উপকার পাবেন দ্রুত। ভাবছেন তো কী ভাবে বানাবেন সেই জাদু পানীয়? রইল প্রণালী।

উপকরণ:

পালংশাক এক কাপ, ব্লুবেরি এক কাপ, গ্রিক ইয়োগার্ট আধ কাপ, বরফ এবং ঠান্ডা জল প্রয়োজন মতো।

প্রণালী:

এই উপকরণগুলি একসঙ্গে মিক্সিতে ঘুরিয়ে নিন। মিশ্রণটি ঘন হয়ে এলেই গ্লাসে ঢেলে চুমুক দিন। রোজ না হলেও এক দিন অন্তর এটি খেতে পারেন। আর্থাইটিসের সমস্যা কিছুটা হলেও নিয়ন্ত্রণে থাকবে।



## ডিজিটাল প্রযুক্তিতে সড়গড় করে তুলুন বাড়ির বয়স্কদের

অনলাইনে কাজকর্ম, ই-ব্যাঙ্কিং ইত্যাদিতে এখনও ভয় পান অনেক বয়স্কেরাই। ব্যাঙ্কের পাসবই আপডেট থেকে শুরু করে, টাকা ট্রান্সফার বা ইলেকট্রিকের বিল জমা দেওয়া... আপনি সব কাজই যথাস্থানে গিয়ে করতে ভালবাসেন। কিন্তু বাদ সাধে তাঁদের শারীরিক অবস্থা। কর্মসূত্রে ছেলেমেয়েরা হয়তো দূরে, বাড়িতে বয়স্ক দম্পতি একাই থাকেন, তখন ডিজিটাল প্রযুক্তির খুঁটিনাটি শিখে রাখলে অনেক সুবিধা হয়।

ছোট্ট স্মার্টফোনের স্ক্রিন ছুঁয়ে বা কম্পিউটারের কি-বোর্ডের বোতাম চেপেই এক নিমেষে সেরে ফেলা যায় হাজারো কাজ। কী ভাবে বাড়ির বয়স্কদের ডিজিটাল প্রযুক্তির পাঠ দেবেন? সাইবার দুনিয়ার কোনটি ঠিক আর কোনটি ভুল, তা-ও শেখাতে হবে ধৈর্য্য ধরেই।

কী কী বোঝাবেন? ১) অনলাইন অ্যাপে কী ভাবে টাকাপয়সার লেনদেন করা যায়, তা শিখিয়ে দিন। বলতে ভুলবেন না, বেশির ভাগ অ্যাপই কিন্তু লেনদেনের সময় কার্ডের খুঁটিনাটি সেভ করে রাখার অপশন দেয়। এটি এড়িয়ে চলাই ভাল। একটু সময় লাগলেও প্রত্যেক বার লেনদেনের সময় নতুন করে কার্ডের বিস্তারিত দিয়ে লেনদেন করতে শেখান। ২) কম্পিউটারে অ্যান্টিভাইরাস সফঅয়্যার ইনস্টল করে দিন। মোবাইলেই হোক কিংবা কম্পিউটার বা ল্যাপটপে, লেনদেনের অ্যাপ যেন সুরক্ষিত থাকে তা শিখিয়ে দিন। কোনও অচেনা অ্যাপ ব্যবহার না করাই ভাল। ৩) নিজের এটিএম পিন, ব্যাঙ্কের এমপিন কাউকেই জানাবেন না। ব্যাঙ্ক অ্যাপের পাসওয়ার্ড কয়েক দিন ছাড়া-ছাড়া বদলে দিন। লেনদেনের সময় সবসময়ে ওটিপি বা ওয়ান টাইম পাসওয়ার্ড চাইছে কি না, দেখে নিন। ৪) অজানা নম্বর থেকে কোনও লিঙ্ক এলে বা ইমেল করা হলে তা একেবারেই খুলে দেখবেন না। জানবেন এগুলি সবই নিয়ন্ত্রণ করছে হ্যাকারেরা। যে মুহূর্তে আপনি লিঙ্ক খুলবেন বা প্রতারকদের পাঠানো কোনও ফর্ম ভরে টাকা দিতে যাবেন, সেই মুহূর্তে আপনার নাম, ঠিকানা, ব্যাঙ্কের বিস্তারিত বিবরণী হ্যাকারদের কাছে পৌঁছে যাবে।

## কেশ কিং অ্যান্টি-হেয়ারফল শ্যাম্পু জোড়া



সঙ্গে পলক তিওয়ারির 'ভাইব্রেন্স' শিল্পা শেট্টির 'রেডিয়েন্স' তার নতুন ব্র্যান্ড যোগাযোগ

এ রাজু হিরানি ফিল্মস দ্বারা প্রযোজিত, নতুন টেলিভিশন বাণিজ্যিক প্রতিশ্রুতি দেয় তাজা, স্টিকি এবং একটি মনোযোগ আকর্ষণ করার অভিজ্ঞতা এ ত্রিপুরা, কেশ কিং অ্যান্টি-হেয়ারফল শ্যাম্পু শিল্পা শেঠির কালজয়ী সৌন্দর্য্যের সাথে টিনসেল শহরের একজন উদীয়মান তারকা পলক তিওয়ারির তারুণ্যের শক্তিকে একত্রিত করেছে। শিল্পা ২০১৯ সাল থেকে ব্র্যান্ডের মুখ এবং কেশ কিং আয়ুর্বেদ তেল - ভারতের নং ১ হেয়ারফল বিশেষজ্ঞকেও সমর্থন করে।

রাজু হিরানি ফিল্মস দ্বারা তৈরি, নতুন কেশ কিং অ্যান্টি-হেয়ারফল শ্যাম্পু বাণিজ্যিক দুটি সেলিব্রিটির মধ্যে একটি চিত্তাকর্ষক বিনিময়ের বৈশিষ্ট্য রয়েছে, যা অতীতের 'উদে জব জুলফে তেরি' এর নস্টালজিক বলিউড নম্বরের সাথে মিশ্রিত। বিজ্ঞাপনটি মে মাসে সম্প্রচারিত হবে।

এই নতুন উন্নয়ন সম্পর্কে বলতে গিয়ে, শ্রু. প্রীতি সুরেকা, ডিরেক্টর, ইমামি লিমিটেড, বলেন, "কেশ কিং একটি শক্তিশালী আয়ুর্বেদিক শংসাপত্র সহ চুল এবং মাথার ত্বকের যত্নের সলিউশন ব্র্যান্ড। বছরের পর বছর ধরে, ব্র্যান্ডটি শিল্পা শেঠির ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসেবে তার মূল টিজিকে কার্যকরভাবে পূরণ করেছে। শিল্পা, যোগব্যায়ামের মাধ্যমে সুস্থ জীবনযাপনের প্রচারে তার দক্ষতার সাথে, প্রাকৃতিক সমাধানের প্রতি ব্র্যান্ডের প্রতিশ্রুতিকে পুরোপুরি মূর্ত করে। উপরন্তু, আমরা আজকের প্রজন্মের কাছে আবেদন জানাতে অত্যন্ত প্রতিভাবান পলক তিওয়ারিকেও যোগ দিয়েছি, যারা তাদের ক্রমাগত চুল পড়া সমস্যাগুলির জন্য বর্তমান বাজার যা অফার করে তার চেয়ে ভাল চুলের সমাধান খুঁজছেন। পলক তিওয়ারি, বলিউডের একজন উদীয়মান তরুণ প্রতিভা শিল্পার মনোমুগ্ধকর সৌন্দর্যে তারুণ্যের সতেজতাকে পরিপূরক করবে, ব্র্যান্ডের মেসেজিংকে সমসাময়িক প্রান্তে বাড়িয়ে তুলবে।"

কেশ কিং এর ব্র্যান্ড ওয়াগনের সর্বশেষ সদস্য পলক তিওয়ারি বলেছেন, "ভারতের আয়ুর্বেদের সমৃদ্ধ ঐতিহ্য সামগ্রিক স্বাস্থ্য এবং সুস্থতার জন্য সামগ্রিক সমাধান প্রদান করে। আজকের দ্রুতগতির এবং চাহিদাপূর্ণ জীবনধারায়, চুল পড়ার মতো দৈনন্দিন চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রাকৃতিক প্রতিকার অপরিহার্য। আমি আমার দীর্ঘ tresses ভালোবাসি, যে নিয়মিত যত্ন এবং মনোযোগ প্রয়োজন. আমার চুলের শক্তি এবং সজীবতা বজায় রাখার জন্য, আমি কেশ রাজার মতো খাঁটি এবং নির্ভরযোগ্য আয়ুর্বেদিক সমাধানগুলিকে আন্তরিকভাবে বিশ্বাস করি। কেশ কিং অ্যান্টি - হেয়ারফল শ্যাম্পু-এর সাথে যোগ দিতে পেরে আমি রোমাঞ্চিত এবং প্রতিভাবান এবং সেলিব্রেটেড শিল্পা শেঠির সাথে স্ক্রিন শেয়ার করার জন্য এটি একটি অতিরিক্ত বিশেষত্ব।' অভিজ্ঞতার কথা বলতে গিয়ে, শিল্পা শেঠি বলেন, "কেশ কিং-এর সাথে আমার যাত্রা প্রায় ৫ বছর ব্যাপী এবং আমি এই খাঁটি আয়ুর্বেদিক পণ্যটির সাথে যুক্ত হতে পেরে গর্বিত বোধ করছি যা এর গুণমান, সুবিধা এবং কার্যকারিতার জন্য এর বিশ্বস্ত ব্যবহারকারী বেস অর্জন করেছে। পলক বলে আমি খুশি।"

## কফি দিয়ে রকমারি পদে স্বাদ ও গন্ধ বৃদ্ধি করা যায়



শীতের দিনে এক কাপ ধূমায়িত কফি কিংবা গরমে বরফ মেশানো ঠান্ডা কফি, এক চুমুকেই শরীর ও মন জুড়িয়ে যায়। স্নায়ুকে চাঙ্গা করতে, মেদ ঝরাতে, মানসিক ক্লান্তি দূর করতে কফির জুড়ি মেলা ভার। তবে কফি বলতে আমরা বুঝি পানীয়, যা ঠান্ডা বা গরম দু"ভাবেই খাওয়া যায়। কিন্তু রকমারি পদও কফির গুণে সুস্বাদু হয়ে উঠতে পারে। কী ভাবে কোন খাবারে মেশাবেন কফি?

স্মুদি- ওট দিয়ে তৈরি স্মুদি যদি একঘেয়ে লাগে, তা হলে স্বাদ বদলে ব্যবহার করতে পারেন কফি। ওটের সঙ্গে দুধ, রকমারি ফল ও বাদাম মিশিয়ে স্মুদি তৈরির সময় মিশিয়ে দিন এক চামচ কফি। তা হলেই স্মুদিতে মিশবে কফির স্বাদ, জুড়বে পুষ্টিগুণও।

প্যানকেক- ময়দা, দুধ ও ডিমের মিশ্রণ দিয়ে প্যানকেক তৈরি হয়। এই মিশ্রণে কিছুটা কালো কফি ও কিছুটা কফির গুঁড়ো মিশিয়ে দিতে পারেন। সমস্ত উপকরণ মিশিয়ে প্যানকেক তৈরি করে নিলেই তাতে বেশ কফির গন্ধ পাওয়া যাবে। অনেকের ডিমের গন্ধ লাগে, কফি মেশালে সেই গন্ধও ঢাকা পড়ে যাবে।

ফ্রেঞ্চ টোস্ট- দুধ, ডিমের মিশ্রণে পাঁউরুটি ডুবিয়ে ফ্রেঞ্চ টোস্ট করা হয়। ওই মিশ্রণে যদি কিছুটা কালো কফি বানিয়ে মিশিয়ে দেওয়া যায়, তা হলে পাউরুটির মধ্যে কফির গন্ধ ও স্বাদ মিশবে। বেশ অন্য রকম স্বাদ পাওয়া যাবে। কফি-প্রেমী হলে মন্দ লাগবে না।

কাপ কেক- বাড়িতে কাপ কেক বানানোর সময় মিশ্রণে যদি কফির বেশ কিছুটা গুঁড়ো মিশিয়ে নেওয়া যায়, তা হলে কেকের গন্ধই বদলে যায়। হাতের কাছে যদি ভ্যানিলা এসেন্স বা কোকো পাউডার না থাকে, তা হলে বেশ কিছুটা কফি মিশিয়ে নিলে ডিমের আঁশটে গন্ধ চলে যায়, আবার অন্য রকম স্বাদও হয়।

ইয়োগার্ট-ইয়োগার্টেও এক চামচ কফি মিশিয়ে নিতে পারেন। তবে বিশেষ কোনও স্বাদ-গন্ধের ইয়োগার্টে নয়, তা হলে একটার সঙ্গে অন্য স্বাদ তালগোল পাকিয়ে যাবে।

### মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান- ৭.০

**দীপক রঞ্জন কর**

মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান
রাজ্য সরকারের এক অঙ্গীকার এক আহ্বান।
রাজ্যের সর্বত্র ২১অক্টোবর হতে ৩রা নভেম্বর
পালন হতে চলছে স্বাস্থ্য কর্মসূচি আড়ম্বর।

আইরন,ভিটামিন ফলিক এসিডের পরিপূরণ
টিটেনাসও ডিপথেরিয়ার হবে টিকাকরণ।
"কৃমিমুক্ত শিশু স্বাস্থ্যবান শিশু"-জানিবে সবে,
স্বাস্থ্য বিধি নিষেধ মেনে সবাই সচেতন হবে।

শিশুর শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে
কর্মযজ্ঞটি অপুষ্টিও অবসাদ দূর করার পক্ষে।
রাজ্যের সকল বিদ্যালয় সহ অঙ্গনওয়াড়ি
স্কুল বহির্ভূত শিশুর এ এফ পি নজরদারি।

অপরিণত বয়সে বিবাহ আর সন্তান ধারণ
স্বাস্থ্যবিধিতে রয়েছে নিষেধ,করেছে বারণ,
কিশোর কিশোরীদের হতে আরও সচেতন
এ সব নিয়েই স্বাস্থ্য কর্মসূচির এ আয়োজন।

কলেজ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থী
১ থেকে ১৯ বছরের শিশু কিশোর প্রতিটি,
রাজ্য সরকার তথা জাতীয় স্বাস্থ্য মিশন
এহেন কর্মসূচির গুরুত্ব দিয়েছেন ভীষণ।।

**সৌম্যস্বপন চক্রবর্তী'র দুটি কবিতা**

### অশ্বমেধের ঘোড়া

রোদ্দুর-রোদ্দুর-রোদ্দুর।
হিন্দু-মুসলিম-জৈন-খ্রিস্টান-বৌদ্ধ-শিখ - - -
কে নেই ?
রাজা বললেন
এখানে প্রাচীর তৈরি হবে।
রোদ্দুর বলল, দেখো।
এদিকে মন্দিরের ঘন্টা ভেঙে
দেবদাসীরা বেরিয়ে এসেছে বাইরে।
ফসল ঘরে তুলতে হবে।
দিগন্তজুড়ে ছুটে চলেছে অশ্বমেধের ঘোড়া,
রোদ্দুর।

### কে বলে তুই হারিয়ে গেছিস

কে বলে তুই হারিয়ে গেছিস
তুই রয়েছিস গানে,
তুই রয়েছিস প্রাণের প্রদীপ
কালের অভিমানে।
তুই রয়েছিস ধানের খেতে
তুই রয়েছিস ঘাসে,
তুই রয়েছিস শপথের পথ
ভোরের পূর্বাভাসে।
তুই রয়েছিস রবির মায়ায়
তুই রয়েছিস মেঘে,
তুই রয়েছিস চেতনার তান
ক্রুদ্ধ ঝড়ের বেগেী
তুই রয়েছিস প্রীতির ডাকে
তুই রয়েছিস শ্বাসে,
কে বলে তুই হারিয়ে গেছিস
তুই রয়েছিস পাশে।



রবিবার আগরতলায় সিপিআইএম এর উদ্যোগে ৪ দফা দাবি আদায়ে এক বিক্ষোভ সমাবেশ আয়োজিত হয়।

# মুখ্যমন্ত্রীর বৈঠকে যেতে রাজি, তবে অনশনে অনড় জুনিয়র ডাক্তাররা

কলকাতা, ২০ অক্টোবর (হি.স.): মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ডাকে সাড়া দিয়ে সোমবার বিকেলের বৈঠকে যোগ দেবেন আন্দোলনরত জুনিয়র ডাক্তাররা। তবে, অনশনে এখনও অনড় তাঁরা। সদর্থক আলোচনা হলেই, অনশন উঠবে বলেই জানিয়েছেন জুনিয়র ডাক্তাররা। এই মর্মে মুখ্যসচিব মনোজ পন্থকে ইমেলও পাঠানো হয়েছে জুনিয়র ডাক্তারদের তরফে।ইমেলে জানানো হয়েছে, অনশন তুলে নেওয়া হচ্ছে না সোমবারের আগে। সোমবার মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকের পরেই অনশন তুলে নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। প্যান জিবি বৈঠকের পর আন্দোলনকারী জুনিয়র ডাক্তার দেবাশিস হালদার রবিবার বলেন, "১৪ দিন পর অনশনমঞ্চে আসেন মুখ্যসচিব এবং স্বরাষ্ট্রসচিব। ফোনের মাধ্যমে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা হয়। কিন্তু এই কথোপকথনে অনশনকারীরা দুঃখ পেয়েছেন। তাঁদের অনুভূতি আঘাত পেয়েছে।'দেবাশিস আরও বলেন, 'আমাদের দাবি নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে আমাদের মনে হয়েছে এত দিন পরেও ১০ দফা দাবি নিয়ে উনি হয়তো জানেন না, বা তাঁকে জানানো হয়নি। তবে আমরা কী চাইছি তা বিস্তারিত ভাবে জানিয়েই মুখ্যসচিবকে ইমেল করেছি। প্রয়োজনে তা নিয়ে আমরা কাল আবার বলব।"

## ওদালগুড়ির পশ্চিম গেলাবিলে সড়ক দুর্ঘটনা, হত এক

ওদালগুড়ি (অসম), ২০ অক্টোবর (হি.স.) : ওদালগুড়ি জেলান্তর্গত ওরাঙের পশ্চিম গেলাবিল এলাকায় সংঘটিত এক ভয়াবহ সড়ক দুর্ঘটনায় ঘটনাস্থলে মৃত্যু হয়েছে বাই-সাইকেল আরোহী ৫২ বছর বয়সি জনৈক প্রেম পৌড়েলে। নিহত প্রেম পৌড়েল পশ্চিম গেলাবিলের সোনাজুলি গ্রামের বাসিন্দা।

জানা গেছে, আজ রবিবার ওরাঙের দিক থেকে আগত গুয়াহাটিগামী এএস ১৩ এসি ২৫৬৬ নম্বরের দুরন্ত গতির একটি আল্ট্রা বাসের ধাক্কায় মৃত্যু হয়েছে আরোহী প্রেম পৌড়েলের। নিহত প্রেম পৌড়েলের মৃতদেহ উদ্ধার করে পুলিশ ময়না তদন্তের জন্য ওদালগুড়ি সিভিল হাসপাতালে পাঠিয়েছে।

## তিন যুগ পর ভারতের মাটিতে নিউজিল্যান্ড জয় পেল

বেঙ্গালুরু, ২০ অক্টোবর (হি.স.): পঞ্চম দিন বৃষ্টির জন্য খেলা শুরু হয়েছে একটু দেরিতে। বৃষ্টিতে ম্যাচে আর বিঘ্ন ঘটেনি। মধ্যাহ্ন বিরতির আগেই সহজ জয় তুলে নিলো নিউজিল্যান্ড। তিন ম্যাচের সিরিজ নিউজিল্যান্ড এগিয়ে গেল ১-০তে।

রবিবার নিউজিল্যান্ড ৮ উইকেটে জিতেছে। টেস্টে ১৯৮৮ সালের পর ভারতের মাটিতে কিউইরা আর জয় পায়নি। ভারতে নিউজিল্যান্ড প্রথম জয়টি পেয়েছিল ১৯৬৯ সালে নাগপুরে। এই নিয়ে তারা ভারতের মাটিতে তিনটি ম্যাচ জিতল।

পঞ্চম দিনে নিউজিল্যান্ডের জয়ের জন্য দরকার ছিল ১০৭ রান। নিউজিল্যান্ড এই রান তুলে নিল ২ উইকেট হারিয়ে। অপরাজিত থাকেন উইল ইয়ং ও রাচিন রবীন্দ্র। ইয়ং ৪৮ ও রবীন্দ্র করেন ৩৯ রান। যে দুটো উইকেট পড়েছে সেই দুটো উইকেটই নিয়েছেন বুমরাহ।

ম্যাচ সেরা হয়েছেন নিউজিল্যান্ডের প্রথম ইনিংসে ১৩৪ রান করা রাচিন রবীন্দ্র।

## ভারত-জার্মানি দ্বিপাক্ষিক হকি সিরিজ: ২২ সদস্যের ভারতীয় পুরুষ দল ঘোষণা

নয়াদিল্লি, ২০ অক্টোবর (হি.স.): রবিবার হকি ইন্ডিয়া নয়াদিল্লিতে বর্তমান বিশ্ব চ্যাম্পিয়ন জার্মানির বিরুদ্ধে আসন্ন দ্বিপাক্ষিক সিরিজে খেলার জন্য ২২ সদস্যের ভারতীয় পুরুষ দলের নাম ঘোষণা করেছে।

ভারতীয় হকি দল ২৩ ও ২৪ অক্টোবর মেজর ধ্যানচাঁদ ন্যাশনাল স্টেডিয়ামে জার্মানির সঙ্গে দুই ম্যাচের সিরিজ খেলবে। ভারতীয় দলের নেতৃত্বে থাকবেন হরমনপ্রীত সিং এবং সহ-অধিনায়ক বিবেক সাগর প্রসাদ।

দ্বিপাক্ষিক হকি সিরিজের জন্য ঘোষিত ভারতীয় দল:গোলরক্ষক:কৃষাণ বাহাদুর পাঠক, সুরজ কারকেরা।ফরওয়ার্ডস:মনদীপ সিং,অভিষেক, সুখজিৎ সিং, আদিত্য অর্জুন লালগে, দিলপ্রীত সিং, শীলানন্দ লাকড়া।ডিফেন্ডার:জারমানপ্রীত সিং, অমিত রোহিদাস, হরমনপ্রীত সিং (অধিনায়ক), বরুণ কুমার, সুমিত, সঞ্জয়, নীলম সঞ্জীপ জেস।মিডফিল্ডার:মোঃ রাহিল মঈন, মনপ্রীত সিং, বিবেক সাগর প্রসাদ (সহ অধিনায়ক), বিষ্ণু কান্ত সিং, নীলকান্ত শর্মা, শমসের সিং, রাজিন্দর সিং।

## মরিগাঁওয়ে গরু পাচারে ব্যবহৃত গাড়িতে জনতার অগ্নিসংযোগ, পাচারকারীকে উত্তমমধ্যম

মরিগাঁও (অসম), ২০ অক্টোবর (হি.স.) : মরিগাঁও জেলার অন্তর্গত মায়ঙের তেতেলিগুঁড়ি গ্রামে গরু পাচারে ব্যবহৃত এএস ০১ আরসি ৭৫৫১ নম্বরের গাড়িতে অগ্নিসংযোগ করেছেন স্থানীয় জনতা। গরু চুরির অভিযোগে জহুর আলি নামের এক ব্যক্তিকে ধরে উত্তমমধ্যম দিয়েছেন তারা। ঘটনাকে কেন্দ্র করে গ্রামের পরিস্থিতি বেসামাল হয়ে পড়ে।

উত্তেজিত জনতা জহুর আলিকে মারধর করে একটি ঘরে বেঁধে রেখে খবর দেন পুলিশকে। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে পৌঁছে মায়ং থানার পুলিশ। পুলিশ জহুর আলিকে নিজেদের জিম্মায় নিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

## হাড়োয়ায় নিরাপত্তা জোরদার, সিসিটিভি ও নাকা চেকিংয়ে চলছে নজরদারি

হাড়োয়া, ২০ অক্টোবর (হি.স.): আগামী ১৩ নভেম্বর হাড়োয়া বিধানসভা আসন—সহ ৬টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন ইতিমধ্যে ভোটের দিন ঘোষণা করেছে এবং ফলাফল ২৩ নভেম্বর প্রকাশিত হবে। তাই ভোটের আগে এলাকায় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে নির্বাচন কমিশন ও স্থানীয় প্রশাসন সক্রিয় হয়েছে।

রবিবার সকাল থেকেই হাড়োয়াতে আঁটোসাঁটো করা হয়েছে নিরাপত্তা। হাড়োয়া ব্লক প্রশাসন ও থানা যৌথ উদ্যোগে ইতিমধ্যে হাড়োয়া ঢোকার প্রধান সড়কে সিসিটিভি ক্যামেরা বসানো হয়েছে। পাশাপাশি, এলাকাজুড়ে চলছে নাকা চেকিং, যেখানে যানবাহনের বৈধ কাগজপত্র পরীক্ষা করা হচ্ছে এবং যাত্রীদের পরিচয় যাচাই করা হচ্ছে। এই উদ্যোগের মাধ্যমে কে কোথায় যাচ্ছে এবং কী উদ্দেশ্যে আসছে তা খতিয়ে দেখা হচ্ছে। নির্বাচন কমিশন ও পুলিশের এই তৎপরতা দেখে এলাকার সাধারণ মানুষ ও যানবাহনের চালকেরা সন্তোষ প্রকাশ করেছেন।

## প্রসূতির মৃত্যু, উত্তেজনা মেখলিগঞ্জ হাসপাতালে

মেখলিগঞ্জ, ২০ অক্টোবর (হি.স.): এক প্রসূতির মৃত্যুকে কেন্দ্র করে রবিবার সকালে উত্তেজনা ছড়াল মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে। অভিযোগ, চিকিৎসার গাফিলতিতে মৃত্যু হয়েছে প্রসূতির। জানা গেছে, শনিবার প্রসবের জন্য মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে ভর্তি করানো হয় এক প্রসূতিকে। সেদিনই সন্তানের জন্ম দেন তিনি। কিন্তু তারপরে শারীরিক অবস্থার অবনতি হতে থাকে প্রসূতির। রাতে মৃত্যু হয় তাঁর। এই খবর জানাজানি হতেই রবিবার সকাল থেকে হাসপাতালের সামনে মৃতার পরিবারের লোকজন এবং পরিচিতরা ভিড় করতে থাকেন। অভিযোগ, ভেঙে ফেলা হয় প্রসূতি বিভাগের দরজার একাংশ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ মোতায়েন করা হয়।

## বিজেপি প্রার্থী রাহুল লোহারের ভোট প্রচার শুরু, বীরপাড়ায় জনসংযোগ

আলিপুরদুয়ার, ২০ অক্টোবর (হি.স.): প্রার্থী ঘোষণা হওয়ার পরই রবিবার মাদারিহাট বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রাহুল লোহার ভোট প্রচারে নামলেন। এদিন তিনি বীরপাড়া কালিমন্দিরে পুজো দিয়ে প্রচার শুরু করেন এবং বীরপাড়া বাজারে জনগণের মধ্যে জনসংযোগ বাড়ান।

বীরপাড়া সাপ্তাহিক হাটে উপস্থিত ক্রেতা-বিক্রেতাদের সঙ্গে সরাসরি কথা বলে প্রচার করেন রাহুল লোহার। তার সঙ্গে ছিলেন সাংসদ মনোজ টিগ্গা, যিনি প্রার্থীকে সমর্থন জানিয়ে প্রচারে অংশ নেন।

এদিন প্রচারে রাহুল লোহার বলেন, 'এলাকার হাসপাতাল, চা বাগান শ্রমিকদের সমস্যা সহ একাধিক ইস্যু নিয়ে আমরা ময়দানে নেমেছি।' বিজেপি প্রার্থী জানান, এই সমস্যা গুলি নির্বাচনকে সামনে রেখে তারা গুরুত্বসহকারে তুলে ধরবেন।

## মেট্রো রেলের ৪০ বছর পূর্তি উপলক্ষে ওয়াকাথন এবং অন্যান্য উদযাপন

কলকাতা, ২০ অক্টোবর (হি.স.): কলকাতা মেট্রো রেলওয়ে ১৮ থেকে ২৪ অক্টোবর ২০২৪ পর্যন্ত তার ৪০ বছরের সাফল্যময় সেবা উদযাপন করছে। এই উপলক্ষে রবিবার সকালে পার্ক স্ট্রিট থেকে এসপ্ল্যানেড পর্যন্ত একটি ওয়াকাথনের আয়োজন করা হয়। মেট্রো রেলওয়ের জেনারেল ম্যানেজার শ্রী পি. উদয় কুমার রেড্ডি এই ওয়াকাথনটির সূচনা করেন। অনুষ্ঠানে মেট্রো রেলওয়ে মহিলা কল্যাণ সংস্থার সভাপতি শ্রীমতী পি. শ্রীলতা, মেট্রো রেলের উচ্চপদস্থ কর্মকর্তা, রেলওয়ে প্রোটেকশন ফোর্স, ইস্টার্ন রেলওয়ের স্কাউটস ও গাইডস, এবং প্রচুর সংখ্যক মেট্রো কর্মচারী অংশগ্রহণ করেন। এই ওয়াকাথনের বিশেষ আকর্ষণ ছিল রানাপা (স্টিল্ট) শিল্পী ও ঢাকিদের পরিবেশনা।

ওয়াকাথনে দুটি ট্যাবলো প্রদর্শিত হয়, যার একটি ছিল পুরোনো নন-এসি রেকের প্রতিরূপ এবং অন্যটি কলকাতার সমৃদ্ধ ঐতিহ্য ও সংস্কৃতির সঙ্গে মেট্রোর সামাজিক ও অর্থনৈতিক অবদানের চিত্র তুলে ধরে। এই ট্যাবলো দুটি পথচারীদের দৃষ্টি আকর্ষণ করে।প্রায় এক ঘণ্টা ধরে চলা এই ওয়াকাথন এসপ্ল্যানেড মেট্রো স্টেশনে শেষ হয়। পার্ক স্ট্রিট থেকে এসপ্ল্যানেড পর্যন্ত পুরো পথটিকে মেট্রোর বিবর্তন ও অগ্রগতি তুলে ধরা গেট, ব্যানার ও হোর্ডিং দিয়ে সুন্দরভাবে সজ্জিত করা হয়েছিল। পথ চলার সময় সাধারণ মানুষও এই ওয়াকাথনে অংশ নেন। ওয়াকাথন শেষ হওয়ার পর, এসপ্ল্যানেড থেকে হাওড়া ময়দান হয়ে আবার ফিরে আসার জন্য ৩০ জন অনাথ শিশুর জন্য একটি বিশেষ আনন্দ যাত্রার আয়োজন করা হয়।

## যাত্রী স্বাচ্ছন্দ্যে জোর রেলের, দীপাবলি ও ছটপুজোয় চলবে বিশেষ ট্রেন

নয়াদিল্লি, ২০ অক্টোবর (হি.স.): দীপাবলি এবং ছটপুজোর সময় উত্তর ও পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে যাত্রী ভিড় সামাল দিতে সেন্ট্রাল রেলওয়ে মুম্বই, পুণে এবং নাগপুর-সহ মহারাষ্ট্রের বিভিন্ন জায়গা থেকে মোট ৫৭০ টি বিশেষ ট্রেন চালানোর কথা ঘোষণা করেছে। মহারাষ্ট্রের লাতুর, সাওয়ান্তওয়াড়ি রোড, নাগপুর, পুনে, কোলাপুর, নান্দেদ এবং অন্যান্য স্থানে যাতায়াতকারী যাত্রীদের জন্য এই উৎসব স্পেশাল ট্রেন পরিষেবার মধ্যে ১০৮টি সেন্ট্রাল রেলওয়ে পরিচালনা করছে। এছাড়াও দীপাবলি ও ছটপুজোর সময় উত্তর প্রদেশ ও বিহারেও চলবে বিশেষ ট্রেন।

## শিলিগুড়ি কুমোরটুলিতে চলছে শ্যামা মূর্তি তৈরির কাজ

শিলিগুড়ি, ২০ অক্টোবর (হি.স.): সদ্য শেষ হয়েছে বাঙালির দুর্গা পুজো। এর পরেই পালা কালী পুজোর। তার আগেই দীপাবলি ও শ্যামা পুজো উপলক্ষে শিলিগুড়ি কুমোরটুলিতে জোর কদমে চলছে শ্যামা মায়ের মূর্তি তৈরির কাজ। উৎসবের দিনগুলি চলে আসার আগে প্রস্তুতি তুঙ্গে। রবিবার শিলিগুড়ির কুমোরটুলির শিল্পীরা জানান, হাতে গোনা কয়েকটি দিন বাকি, তাই মূর্তি তৈরির কাজ জোর কদমে চলছে। এদিকে বৃষ্টিতে ও আবহাওয়ার খামখেয়ালিতে কিছুটা হলেও ব্যাহত হচ্ছে মূর্তি তৈরির কাজ। উল্লেখ্য, এই বছরে অন্তত ৫০টি মূর্তি তৈরি করা হচ্ছে এবং বেশ কিছু মূর্তির বায়না ইতিমধ্যেই হয়ে গিয়েছে। শ্যামা পুজো ও দীপাবলির আনন্দে মাততে শিলিগুড়ির কুমোরটুলি এখন সেজে উঠেছে উৎসবের সাজে।

## দুর্গাপুজোর মিটতেই অনশন মঞ্চে উপস্থিত বিদেশি পর্যটকরা

কলকাতা, ২০ অক্টোবর (হি.স.): আর জি কর আন্দোলনের আঁচ ছড়িয়েছে ভারতের সীমানা পেরিয়ে বিদেশেও। বহু প্রতিবাদ ভাইরাল হয়েছে সোশ্যাল মিডিয়ায়। অনেক সংবাদ মাধ্যমেও সেই ছবি ধরা পড়েছে। এবার সরাসরি কলকাতায় এসে বিদেশিদের সমর্থন দিতে দেখা যায়। রবিবার এমনই এক বিরল ঘটনার সাক্ষী হয়ে রইল কলকাতা। দুর্গাপুজো উপলক্ষে কলকাতায় এসেছিলেন প্রবাসী বাঙালি এবং জার্মানির বাসিন্দারা। তাঁদের মূল পরিকল্পনা ছিল, আন্দোলনকারীদের প্রতি কুর্নিশ জানানো এবং পাশে দাঁড়ানো। এরই প্রেক্ষিতে, তাঁরা অনশন মঞ্চে গিয়ে আন্দোলনকারীদের সঙ্গে সাক্ষাৎ করেন। আন্দোলনের সঙ্গে যুক্ত চিকিতকদের প্রতি তাঁদের সহানুভূতি ও সমর্থন জানান।

## জলবন্দি স্বরূপনগর ব্লকের বাসিন্দারা খাল কেটে মুক্তি পেলেন জলযন্ত্রণা থেকে

উত্তর ২৪ পরগনা, ২০ অক্টোবর (হি.স.): দীর্ঘ দেড় মাস ধরে জলবন্দি হয়ে থাকা স্বরূপনগর ব্লকের বেশ কয়েকটি গ্রাম পঞ্চায়েতের মানুষ অবশেষে রবিবার খাল কেটে মুক্তি পেলেন জলবন্দি দশা থেকে। এলাকার চারটি গ্রাম পঞ্চায়েতচারঘাট, সগুনা, গোবিন্দপুর, তেপুল মির্জাপুরের কয়েক হাজার মানুষ বেহাল নিকাশি ব্যবস্থার কারণে জলবন্দি হয়ে পড়েছিল। এই অবস্থায় দুর্গাপুজোও জলবন্দি অবস্থায় কাটাতে হয় গ্রামবাসীদের। এখন কালীপুজোর আগে ধেয়ে আসছে ঝড়, যার ফলে আরও জলবদ্ধতার আশঙ্কা রয়েছে।

গ্রামবাসীরা অতিষ্ঠ হয়ে কোদাল, কুড়ুল দিয়ে নদীর খাল কেটে জল বের করার চেষ্টা করেন।

## শপথ নিলেন প্রাবোও সুবিয়ান্তো, নতুন প্রেসিডেন্ট পেল ইন্দোনেশিয়ার

জাকার্তা, ২০ অক্টোবর (হি.স.): ইন্দোনেশিয়ার নতুন প্রেসিডেন্ট হিসেবে শপথ গ্রহণ করেছেন প্রাবোও সুবিয়ান্তো। রবিবার পার্লামেন্টে আনুষ্ঠানিকভাবে শপথ নিয়েছেন তিনি। এর মধ্য দিয়ে বিদায়ী প্রেসিডেন্ট জোকো উইদোদোর কাছ থেকে দেশ শাসনের ভার নিলেন ৭৩ বছর বয়সী প্রাবোও। ১৯৪৫ সালে ইন্দোনেশিয়া স্বাধীনতা অর্জনের পর প্রাবোও হলেন দেশটির অষ্টম প্রেসিডেন্ট।

ইন্দোনেশিয়ায় প্রাবোও সুবিয়ান্তো রবিবার বিশ্বের তৃতীয় বৃহত্তম গণতন্ত্রের রাষ্ট্রপতি হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন। সুবিয়ান্তো হলেন বিশ্বের সবচেয়ে জনবহুল মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশের অষ্টম রাষ্ট্রপতি। দেশের স্পেশাল ফোর্সের প্রাক্তন কমান্ডার ১৪ ফেব্রুয়ারির নির্বাচনে প্রায় ৬০ শতাংশ ভোট পেয়ে জয়ী হন। নির্বাচনের আগে তিনি স্কুলের শিশুদের জন্য বিনামূল্যে খাবার দেওয়ার নীতি প্রণয়নের কথা ঘোষণা করেছিলেন।

## স্থানীয়দেরই অগ্রাধিকার, ৬ বিধানসভা উপনির্বাচনে প্রার্থীদের নাম ঘোষণা তৃণমূলের

কলকাতা, ২০ অক্টোবর (হি.স.): পশ্চিমবঙ্গের ৬টি বিধানসভা আসনে উপনির্বাচনে প্রার্থীদের নাম ঘোষণা করে দিল তৃণমূল কংগ্রেস। শনিবার ৬টি বিধানসভা আসনে উপনির্বাচনে প্রার্থীদের নাম ঘোষণা করেছিল বিজেপি, আর রবিবার প্রার্থীদের নাম প্রকাশ করল মমতা বন্দ্যোপাধ্যায়ের দল তৃণমূল কংগ্রেস। তৃণমূলের প্রার্থিতালিকায় আপাতভাবে কোনও চমক নেই। বরং প্রার্থী হিসাবে স্থানীয়দেরই অগ্রাধিকার দেওয়া হয়েছে। সিতাই বিধানসভা কেন্দ্রে তৃণমূলের প্রার্থী হয়েছেন সঙ্গীতা রায়। মাদারিহাট কেন্দ্রে ঘাসফুল শিবিরের প্রার্থী জয় প্রকাশ টোপ্পো। নৈহাটিতে প্রার্থী করা হয়েছে সনৎ দে-কে। হাড়োয়া বিধানসভা কেন্দ্রের প্রার্থী শেখ রবিউল ইসলাম। মেদিনীপুরে তৃণমূলের টিকিটে প্রতিদ্বন্দ্বিতা করবেন সুজয় হাজরা। তালড্যাংরা কেন্দ্রে প্রার্থী করা হয়েছে ফাল্গুনী সিংহবাবুকে।উল্লেখ্য, সিতাই বিধানসভা কেন্দ্রে বিজেপির প্রার্থী হয়েছেন দীপক কুমার রায়। মাদারিহাট কেন্দ্রে পদ্মশিবিরের প্রার্থী রাহুল লোহার। নৈহাটিতে বিজেপির পক্ষ থেকে প্রার্থী করা হয়েছে রূপক মিত্রকে। হাড়োয়া বিধানসভা কেন্দ্রের প্রার্থী বিমল দাস। মেদিনীপুরে বিজেপির টিকিটে প্রতিদ্বন্দ্বিতা করবেন শুভজিৎ রায়। তালড্যাংরা কেন্দ্রে প্রার্থী করা হয়েছে অনন্যা রায় চক্রবর্তীকে।এই ছয় বিধানসভা আসনের বিধায়কেরা গত লোকসভা নির্বাচনে সাংসদ হয়েছেন। তবে তাঁদের মধ্যে বসিরহাটের সাংসদ হাজি নুরুল ইসলামের সম্প্রতি মৃত্যু হয়েছে। হাড়োয়া আসনের বিধায়ক পদ ছেড়ে তিনি সাংসদ হন। হাড়োয়াতে উপনির্বাচন হলেও বসিরহাট লোকসভা আসনে এখনই ভোটগ্রহণ হচ্ছে না। যে ছ'টি আসনে উপনির্বাচন হবে তার মধ্যে বিজেপি ২০২১ সালে জিতেছিল একটিতে। দলের আরও কয়েক জন বিধায়ক লোকসভায় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করলেও জয় পান একমাত্র মনোজ টিগ্গা। মাদারিহাটের বিধায়ক মনোজ সাংসদ হওয়ায় সেই আসনে ভোটগ্রহণ হবে। এ ছাড়াও কোচবিহারে সিতাই আসন ছেড়ে তৃণমূলের সাংসদ হয়েছেন জগদীশচন্দ্র বর্মা বাসুনিয়া। নৈহাটির বিধায়ক পার্থ ভৌমিক ব্যারাকপুরের সাংসদ হয়েছেন, মেদিনীপুর এবং তালড্যাংড়া আসন এখন শূন্য রয়েছে যথাক্রমে জুন মালিয়া এবং অরূপ চক্রবর্তী সাংসদ হওয়ায়। প্রসঙ্গত, সিতাই, মাদারিহাট, নৈহাটি, হাড়োয়া, মেদিনীপুর এবং তালড্যাংড়া আসনে ১৩ নভেম্বর ভোটগ্রহণ হবে। সর্বত্রই গণনা হবে ২৩ নভেম্বর।

## জুনিয়র চিকিৎসকদের সঙ্গে মাওবাদীদের কোনও তফাৎ নেই, মন্তব্য দেবাংশুর

আউশগ্রাম, ২০ অক্টোবর (হি.স.): বিতর্কিত মন্তব্য করে দলের অস্বস্তি বাড়ালেন তৃণমূল কংগ্রেস নেতা দেবাংশু ভট্টাচার্য। আর জি কর ইস্যুতে ডাক্তারদের আন্দোলন প্রসঙ্গে দেবাংশু বলেছেন, জুনিয়র চিকিৎসকদের সঙ্গে মাওবাদীদের কোনও তফাৎ দেখি না। এদের আন্দোলনের পিছনে কলকাঠি নাড়ছে বেসরকারি নার্সিংহোম, হাসপাতালের মালিকরা। দেবাংশু আরও বলেছেন, এতে কোনও লাভ হবে না, ২০২৬-এও খেলা হবে। বাংলায় বিরোধীরা শূন্য আসন পাবে। পূর্ব বর্ধমানের আউশগ্রামের গেড়াই ফুটবল মাঠে গিয়ে এমনই বিস্ফোরক মন্তব্য করলেন তৃণমূল নেতা দেবাংশু ভট্টাচার্য। দলের বিজয়া সম্মিলনীর অনুষ্ঠানে যোগ দিতেই রবিবার আউশগ্রামে যান দেবাংশু। আর সেখানেই বিতর্কিত এই মন্তব্য করে দলকে রীতিমতো বিপাকে ফেললেন তিনি।

## শুভজিৎ রায়ের প্রচার শুরু, মেদিনীপুর শহরে উদ্দীপনা

মেদিনীপুর, ২০ অক্টোবর (হি.স.): শনিবার সন্ধ্যায় প্রার্থী ঘোষণা হওয়ার পর রবিবার সকালে মেদিনীপুর বিধানসভা কেন্দ্রের মেদিনীপুর শহরে ভোট প্রচারে নেমে পড়েছেন বিজেপি প্রার্থী শুভজিৎ রায়। পশ্চিম মেদিনীপুর জেলার তৃণমূল জেলা সভাপতি সুজয় হাজরার বাড়ির কাছে মির্জাবাজার এলাকায় শুরু হয় তার প্রচার।

গণসংযোগে শুভজিৎ রায় বর্তমান পরিস্থিতি ও নানা ইস্যু তুলে ধরেন সাধারণ মানুষের কাছে। তিনি জানান, রাজ্য সরকারের দুর্নীতি, আরজি কর হাসপাতালে ডাক্তারদের মৃত্যু, মেদিনীপুর পৌরসভার অনিয়ম এবং পৌর পরিষেবা থেকে বঞ্চিত সাধারণ মানুষের সমস্যাগুলি নির্বাচনী প্রচারে গুরুত্ব সহকারে তুলে ধরবেন। তিনি জানান, মানুষের কাছ থেকে ভালো সাড়া পাচ্ছেন এবং এসব ইস্যু নির্বাচনে কাজে লাগাতে আশাবাদী।

এদিনের প্রচার প্রার্থী শুভজিৎ রায়ের মধ্যে এক নতুন উদ্দীপনা তৈরি করেছে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।



রবিবার কংগ্রেস সদর কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। নিজস্ব ছবি।

## উরি সেক্টরে অনুপ্রবেশের চেষ্টা বানচাল, নিহত এক সন্ত্রাসবাদী

শ্রীনগর, ২০ অক্টোবর (হি.স.): জম্মু ও কাশ্মীরের বারামুল্লা জেলার উরি সেক্টরে সন্ত্রাসবাদীদের অনুপ্রবেশের চেষ্টা বানচাল করে দিল সেনাবাহিনী। ভারতীয় ভূখণ্ডে অনুপ্রবেশের সময় এক সন্ত্রাসবাদীকে নিকেশ করেছে সেনাবাহিনী। ভারতীয় সেনাবাহিনীর চিনার কর্পস রবিবার সকালে জানিয়েছে, বিশ্বস্ত সূত্রে খবর পাওয়া যায়, ভারতীয় ভূখণ্ডে অনুপ্রবেশের চেষ্টা হতে পারে। সেই খবর পাওয়ার পর বারামুল্লার উরি এলাকায়, নিয়ন্ত্রণরেখা বরাবর অভিযান চালায় সেনাবাহিনী এবং জম্মু ও কাশ্মীর পুলিশ। নিয়ন্ত্রণ রেখায় সন্দেহজনক গতিবিধি নজরে আসতেই গুলি চালান সেনাবাহিনীর জওয়ানরা। শনিবার উরি সেক্টরের কামালকোটে এলাকায় অনুপ্রবেশের চেষ্টা বানচাল করে দিয়েছে সেনাবাহিনী। শেষ খবর অনুযায়ী, এই অভিযানে এক সন্ত্রাসবাদী নিকেশ হয়েছে এবং অভিযান অব্যাহত রয়েছে।

## যমুনার দূষণ নিয়ে বিজেপিকে তোপ গোপাল রাইয়ের, স্বচ্ছ করার আশ্বাস পরিবেশ মন্ত্রীর

নয়াদিল্লি, ২০ অক্টোবর (হি.স.): বিগত দু''দিনের মতো রবিবারও দিল্লির কালিন্দী কুঞ্জে যমুনা নদীর জলে ভেসে বেড়াতে দেখা গেল বিষাক্ত ফেনা। এজন্য দিল্লি সরকারকে দুষছে বিজেপি, পাল্টা বিজেপিকে আক্রমণ করলো আম আদমি পার্টি (এএপি)। রবিবার দিল্লির পরিবেশ মন্ত্রী গোপাল রাই বলেছেন, 'বিজেপি সমস্যা তৈরি করে, তারপর ভিডিও বানায়। আমাদের কাজ এটা পরিষ্কার করা, পরিষ্কারের কাজ চলছে এবং আমরা ছট পুজোর জন্য প্রস্তুতি নিচ্ছি, পরিষ্কারের কাজ চলছে কালিন্দী কুঞ্জেও, আমরা উত্তর প্রদেশ থেকে আসা সমস্ত ময়লা পরিষ্কার করব।' দিল্লিতে বায়ুদূষণ প্রসঙ্গে মন্ত্রী গোপাল রাই বলেছেন, 'দিল্লিতে দূষণের মাত্রা ''মৃদু'' পর্যায়ে রয়েছে। কিন্তু আনন্দ বিহারে দূষণের মাত্রা গত ৪-৫ দিন ধরে খুব খারাপ স্তরে রয়েছে, আনন্দ বিহার হল দিল্লির বাস টার্মিনাল এবং কৌশাম্বী বাস টার্মিনাল এর ঠিক বিপরীতে। উত্তরপ্রদেশ থেকে এখানে প্রচুর ডিজেল বাস আসছে। সেই বাসগুলির ধোঁয়া দিল্লির দূষণকে দ্বিগুণ করছে। আমি উত্তর প্রদেশ সরকারকে কৌশাম্বী বাস ডিপোতে জল ছিটানোর জন্য অনুরোধ করছি। আমরা যৌথ প্রচেষ্টায় সমাধান আনতে পারি।'

## নদী বাঁধ ভেঙে প্লাবিত গ্রাম, ফসল নষ্ট, মাথায় হাত কৃষকদের

গঙ্গাসাগর, ২০ অক্টোবর (হি.স.): গঙ্গাসাগর এলাকায় নদী বাঁধ নিয়ে বড়সড় আন্দোলনের প্রস্তুতি নিচ্ছে বিজেপি। রবিবার বিজেপি নেতা আরুনভ দাস এই ঘটনাকে কেন্দ্র করে রাজ্যের সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিমচন্দ্র হাজরাকে তীব্র কটাক্ষ করেছেন। তিনি জানান, মন্ত্রী মশাই নদী বাঁধ মেরামতে ব্যর্থ। চক ফুলডুবির মানুষ মন্ত্রীর আগমন ঘটলে বিক্ষোভের প্রস্তুতি নিচ্ছে।

উল্লেখ্য, কোজাগরী লক্ষ্মীপুজোর পূর্ণিমার ভরা কোটালের জোয়ারের জলে গঙ্গাসাগরের চক ফুলডুবি এলাকায় নদী বাঁধ ভেঙে বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়েছে। জোয়ারের নোনা জল ঢুকে নষ্ট হয়েছে চাষের জমি ও পানের বরজ। ফলে মাথায় হাত পড়েছে কৃষকদের। আনুমানিক ৫০ থেকে ৬০ বিঘা জমি এই জোয়ারের কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে। একইসঙ্গে মাছ চাষেও ব্যাপক ক্ষতি হয়েছে।

যদিও খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় সাগর ব্লক প্রশাসন এবং সিভিল ডিফেন্সের কর্মীরা। সাগর পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ আব্দুল সমীর শাহ এবং পঞ্চায়েত প্রধান গোবিন্দ মন্ডল ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি পরিদর্শন করেন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (**টোলফ্রি :** ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (**পি বি এক্স**), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## জুনিয়র ডাক্তারদের ১০ দফা দাবি, রাজ্যকে ডেডলাইন বেঁধে অচলাবস্থা তৈরি! কটাক্ষ কুণালের

নন্দীগ্রাম, ২০ অক্টোবর (হি.স.): রাজ্যে জুনিয়র ডাক্তাররা ১০ দফা দাবি নিয়ে রাজ্য সরকারকে ডেডলাইন বেঁধে দিয়েছেন। আগামী মঙ্গলবার থেকে কার্যত রাজ্যে অচলাবস্থা সৃষ্টি হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। জুনিয়র ডাক্তারদের দাবির মুখে রাজ্য সরকারের তরফ থেকে এখনও কোনও সুনির্দিষ্ট পদক্ষেপের কথা জানা যায়নি।

এই প্রসঙ্গে রবিবার তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুনাল ঘোষ বলেন, 'এই সরকার সংবেদনশীল, এটি জ্যোতি বসুর সরকার নয়। কিছু বাম এবং অতি বাম শক্তি জুনিয়র ডাক্তারদের আবেগকে বিপথে চালিত করছে। রাজনৈতিক অপশক্তিরা বাচ্চা ছেলেমেয়েদের ঘুঁটি করে রাজ্যে অচলাবস্থা তৈরির চেষ্টা করছে। কিন্তু মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অভিভাবকের মতো তাদের পাশে রয়েছেন।'

জুনিয়র ডাক্তারদের দাবি ও আন্দোলন রাজ্য স্বাস্থ্য ব্যবস্থায় বড় প্রভাব ফেলতে পারে বলে মনে করা হচ্ছে।

## পিছিয়ে পড়েও ওয়েস্ট হ্যামের বিরুদ্ধে টটেনহ্যামের জয়

লন্ডন, ২০ অক্টোবর (হি.স.): শনিবার রাতে ইংলিশ প্রিমিয়ার লিগে ৪-১ গোলে জিতেছে অ্যাঞ্জে পস্টেকগ্লুর শিষ্যরা।

আন্তর্জাতিক ফুটবলের বিরতির পর ওয়েস্ট হ্যামের মুখোমুখি হয় পস্টেকগ্লুর শিষ্যরা। ১৮ মিনিটের মাথায় গোলও খায় তারা। দ্য হ্যামার্সদের এগিয়ে দেন মোহাম্মদ কুদুস। ঠিক ১৮ মিনিট পর দেজান কুলুসেভস্কি সমতায় ফেরান স্বাগতিকদের।

দ্বিতীয়ার্ধের তিন মিনিটের ব্যবধানে দুই গোল করে টটেনহ্যাম। ৫২ মিনিটে বিসোমার এবং ৫৫ মিনিটে নিজেদের ভুলে গোল খায় ওয়েস্ট হ্যাম। ৬০ মিনিটে শেষের গোলটি করেন সন হিয়ং মিন।

এই জয়ের ফলে ৮ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে টেবিলের সাত নম্বরে টটেনহ্যাম। ৮ পয়েন্ট নিয়ে ওয়েস্ট হ্যাম আছে পনেরো নম্বরে। ১৮ পয়েন্ট নিয়ে সবার শীর্ষে লিভারপুল।

## টাটাদের কারখানা ফেরানোর দাবি শুভেন্দুর, পাল্টা জবাব কুণালের

নন্দীগ্রাম, ২০ অক্টোবর (হি.স.): বিজেপি নেতা শুভেন্দু অধিকারী বলেছেন, তাঁদের দল ক্ষমতায় এলে সিঙ্গুরে টাটাদের কারখানা ফেরানো হবে। সিঙ্গুরের জমি নিয়ে পুরানো বিতর্ক আবারও সামনে উঠে এসেছে, যেখানে এক সময় তৃণমূলের নেতৃত্বে কৃষক আন্দোলনের মাধ্যমে টাটাদের প্রকল্প বাতিল হয়েছিল।

এই প্রসঙ্গে রবিবার তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুণাল ঘোষ বলেন, 'তৃণমূল টাটাদের তাড়ায়নি, বরং জমি নীতির বিরুদ্ধে আন্দোলন হয়েছিল। সেই সময় মমতা বন্দ্যোপাধ্যায়ের ডান হাত ছিলেন শুভেন্দু অধিকারী এবং তখন তার কোনও বিরোধিতা দেখা যায়নি। এখন দলবদলের পর উল্টো মন্তব্য করলে তার কোনও গুরুত্ব নেই।'

শুভেন্দু অধিকারীর এই মন্তব্যকে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হিসেবে দেখছে তৃণমূল, এবং তারা এটিকে গুরুত্ব দিতে রাজি নয়, তা কুণালের বক্তব্যের মাধ্যমে স্পষ্ট।

## ত্রাণ ও নদী সংস্কারের দাবিতে বন্যাকবলিত মানুষের বিক্ষোভে রাস্তা অবরোধ

বসিরহাট, ২০ অক্টোবর (হি.স.): রবিবার উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার বাদুড়িয়া ব্লকের বাগজোলা গ্রাম পঞ্চায়েতের খাজরা, রায়পুর, এবং কানুপুর এলাকার বন্যাকবলিত মানুষজন ত্রাণ না পাওয়া ও পদ্মা নদীর সংস্কার-সহ ফসলের ক্ষতিপূরণের দাবিতে রাস্তায় নেমে বিক্ষোভ দেখান। দীর্ঘ দেড় মাস ধরে জলবন্দী অবস্থায় থাকা এই এলাকার মানুষ প্রশাসনের অবহেলার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে রাস্তা অবরোধ করেন। এই এলাকাগুলি বন্যার কারণে বিপর্যস্ত অবস্থায় রয়েছে, ঘরবাড়ির ভেতরে জল জমে আছে, কোথাও হাঁটু সমান, আবার কোথাও কোমর সমান জল দেখা যাচ্ছে। এলাকার হাজার হাজার বিঘা ফসলের জমি জলের তলায়, ফলে প্রচুর ফসলের ক্ষতি হয়েছে। ত্রাণ না পাওয়ার অভিযোগে, স্থানীয় প্রশাসন বা পঞ্চায়েত থেকে কোনও সাহায্য না পেয়ে অসহায় মানুষজন বাধ্য হয়ে বিক্ষোভে নামেন বলে বক্তব্য স্থানীয়দের। তাঁদের দাবি, অবিলম্বে ত্রাণের ব্যবস্থা করা হোক এবং পদ্মা নদীর সংস্কার করা হোক, যাতে এই দীর্ঘস্থায়ী সমস্যার সমাধান হয়।

বিক্ষোভকারীদের বক্তব্য, পদ্মা নদীর যথাযথ সংস্কার না হলে এই সমস্যার কোনও সমাধান হবে না, এবং বারবার বন্যার শিকার হতে হবে।

## শহীদ আইটিবিপি দুই জওয়ানকে চোখের জলে বিদায়, নকশালবাদকে হুঁশিয়ারি মন্ত্রীর

রায়পুর, ২০ অক্টোবর (হি.স.): ছত্তিশগড়ের মাওবাদী অধ্যুষিত নারায়ণপুর জেলায় শনিবার মাওবাদীদের পুঁতে রাখা আইইডি বিস্ফোরণে প্রাণ হারান দু''জন আইটিবিপি জওয়ান। শহীদ দুই জওয়ানকে রবিবার চোখের জলে বিদায় জানানো হল, ছত্তিশগড়ের মন্ত্রী টাঙ্ক রাম ভার্মা দুই আইটিবিপি জওয়ানের মৃতদেহ বহন করেন। নকশালবাদকে হুঁশিয়ারি দিয়ে ছত্তিশগড়ের মন্ত্রী টাঙ্ক রাম ভার্মা বলেছেন, 'গতকাল নারায়ণপুর জেলায় নকশালদের দ্বারা আইইডি হামলায় প্রাণ হারানো দুই আইটিবিপি জওয়ানকে আমি শ্রদ্ধা জানাই। ছত্তিশগড়ে বিজেপি সরকার গঠনের পর থেকেই নকশালদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। ছত্তিশগড়কে নকশালমুক্ত করতে কাজ করছে রাজ্য সরকার।'

## টেস্ট ক্রিকেটের ইতিহাসে ভিন্ন এক নজির গড়লো ভারত

কলকাতা, ২০ অক্টোবর (হি.স.): ভারত- নিউজিল্যান্ডের প্রথম টেস্টের ফলাফল যাই হোক, এরইমাঝে টেস্ট ইতিহাসে ভিন্নরকম এক নজির গড়লো ভারত। ক্রিকেট বিশ্বে প্রথম দেশ হিসেবে এক ক্যালেন্ডার বর্ষে টেস্টে ১০০টি ছক্কা হাঁকাল ভারত।

টেস্ট ক্রিকেটে আগে আগ্রাসী ব্যাটিংয়ের রীতি ছিল না। এখন এই রীতিটার সফল প্রয়োগ দেখাচ্ছে। কিন্তু টেস্ট ক্রিকেটে একশ ছক্কা মারার প্রথম নজিরটা গড়ল ভারতই। টেস্ট ইতিহাসে এক ক্যালেন্ডার বর্ষে ১০০ ছক্কা মারার নজির গড়ল তারা। এখনও পর্যন্ত চলতি বছরে টেস্ট ক্রিকেটে ১০৮টি ছক্কা হাঁকিয়েছে ভারত।

এই তালিকায় দ্বিতীয় স্থানে আছে ইংল্যান্ড। ২০২২ সালে টেস্ট ক্রিকেটে ৮৯টি ছক্কা মেরেছিল ইংলিশরা। ২০২১ সালে ভারত মেরেছিল ৮৭টি ছক্কা। নিউজিল্যান্ড টেস্ট ক্রিকেটে এক বছরে ৮১টি ছক্কা মেরেছিল ২০১৪ সালে।

## সোমবার ইংলিশ ক্রিকেটার স্যার জিওফ্রে বয়কটের জন্মদিন

কলকাতা, ২০ অক্টোবর (হি.স.): স্যার জিওফ্রে বয়কট ওবিই (জন্ম ২১ অক্টোবর ১৯৪০) একজন প্রাক্তন টেস্ট ক্রিকেটার , যিনি ইয়র্কশায়ার এবং ইংল্যান্ডের হয়ে ক্রিকেট খেলেছেন। ১৯৬২ থেকে ১৯৮৬ পর্যন্ত একটি বিস্তৃত ক্যারিয়ারে, বয়কট নিজেকে ইংল্যান্ডের অন্যতম সফল উদ্বোধনী ব্যাটসম্যান হিসেবে প্রতিষ্ঠিত করেছেন।

১৯৬৪ সালে অস্ট্রেলিয়ার বিপক্ষে একটি টেস্ট ম্যাচ দিয়ে বয়কটের আন্তর্জাতিক অভিষেক হয়। ইংল্যান্ডের হয়ে ১০৮টি টেস্ট ম্যাচ খেলার পর, বয়কটের আন্তর্জাতিক কেরিয়ার ১৯৮২ সালে শেষ হয়। তিনি ৮ হাজারের বেশি টেস্ট ম্যাচে রান করেন। টেস্ট কেরিয়ারে ২২টি সেঞ্চুরি রয়েছে।

১৯৬৫ সালে তিনি উইজডেন ক্রিকেটার্স অ্যালমান্যাক কর্তৃক বর্ষসেরা পাঁচ ক্রিকেটারের একজন হিসেবে মনোনীত হন এবং ২০০৯ সালে তিনি আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের হল অফ ফেমে অন্তর্ভুক্ত হন।

খেলার কেরিয়ার শেষ হওয়ার পর তিনি রেডিও এবং টেলিভিশনে ক্রিকেট ধারাভাষ্যকার ছিলেন। ২০০২ সালে গলার ক্যান্সার ধরা পড়ার পর আর তাকে ধারাভাষ্য দিতে দেখা যায়নি। তিনি সফল বিকিরণ চিকিৎসার মধ্য দিয়ে গিয়ে সুস্থ হয়ে উঠছেন।

যেসব সম্মান বয়কট পেয়েছেন:**১৯৮০ সালে 'ক্রিকেটের সেবার জন্য' বয়কটকে সিভিল ডিভিশনে অর্ডার অফ দ্য ব্রিটিশ এম্পায়ার অফিসার করা হয়েছিল।

**তিনি ৩ মে, ২০১৯ নাইট উপাধি পেয়েছিলেন।

**তিনি ১৯৯৩ সালে মেরিলেবোন ক্রিকেট ক্লাবের সম্মানসূচক আজীবন সদস্যপদ লাভ করেন।

**তিনি মার্চ ২০১২ থেকে মার্চ ২০১৪ পর্যন্ত ইয়র্কশায়ার কাউন্টি ক্রিকেট ক্লাবের সভাপতি ছিলেন।

**২০ জুলাই ২০১০-এ লিডস মেট্রোপলিটন ইউনিভার্সিটি তাকে স্পোর্টস সায়েন্সের সম্মানসূচক ডক্টরেট প্রদান করে।

## দিল্লিতে সিআরপিএফ স্কুলের বাইরে বিস্ফোরণ, তদন্তে নামল ফরেন্সিক দল

নয়াদিল্লি, ২০ অক্টোবর (হি.স.): রবিবাসরীয় সকালে দিল্লিতে সিআরপিএফ স্কুলের বাইরে বিস্ফোরণের শব্দে আতঙ্ক ছড়ালো। রবিবার সকালে দিল্লির রোহিণীর প্রশান্ত বিহার এলাকায় একটি সিআরপিএফ স্কুলের বাইরে বিস্ফোরণের শব্দ শোনা যায়। কী কারণে এই বিস্ফোরণ, তা এখনও স্পষ্ট নয়। বিস্ফোরণের শব্দ শুনে স্থানীয় বাসিন্দারা ছুটে গিয়ে দেখেন, কালো ধোঁয়ায় ঢেকে গেছে স্কুল চত্বর।স্কুলের সামনে দাঁড়িয়ে থাকা গাড়ির কাচগুলিও ভেঙে পড়ে থাকতে দেখা যায়। এমনকি স্কুল থেকে বেশ কিছুটা দূরে থাকা কয়েকটি দোকানের সাইনবোর্ডও বিস্ফোরণের অভিঘাতে খুলে পড়ে যায়। তবে রবিবার স্কুল বন্ধ থাকায় প্রাণহানির কোনও ঘটনা ঘটেনি। বিস্ফোরণের খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছয় দিল্লি পুলিশের একটি দল। খবর দেওয়া হয় ফরেন্সিক দলকেও। ফরেন্সিক দল ঘটনাস্থলে গিয়ে নমুনা সংগ্রহের কাজ শুরু করেছে। পুলিশ জানিয়েছে, দিল্লির প্রশান্ত বিহার অঞ্চলে থাকা ওই স্কুলটি পরিচালনা করে থাকেন সিআরপিএফ আধিকারিক এবং কর্মীরা। এলাকায় সিআরপিএফ স্কুল বলেই পরিচিত সেটি। রবিবার ৭.৪৭ মিনিটে বিস্ফোরণের শব্দ পাওয়া যায়। শব্দের উৎপত্তিস্থল অনুসরণ করে অনেকেই স্কুলের সামনে হাজির হন। দেখেন সেখান থেকে কালো ধোঁয়া বেরিয়ে আসছে।স্থানীয় এক বাসিন্দা জানিয়েছেন, সিলিন্ডার বিস্ফোরণ অথবা বিল্ডিং ধসে পড়ার একমাত্র সম্ভাবনার কথা আমরা ভাবছি, ১০ মিনিট মতো এলাকা ধোঁয়ায় আচ্ছন্ন ছিল। এখানকার দোকানের কাঁচ ভেঙে গিয়েছে এবং হোর্ডিংগুলো উল্টে গিয়েছে। ৫ মিনিটের মধ্যেই এখানে পুলিশ চলে এসেছে, কারণ কাছাকাছি একটি ক্রাইম ব্রাঞ্চ, থানা এবং জেলা আদালত রয়েছে। এটা ভালো যে কেউ কোনও আঘাত পায়নি।'

## উত্তর প্রদেশ থেকে আসা বাসের জন্য দিল্লিতে বাতাসের গুণমান খারাপ হচ্ছে, মন্তব্য এএপি-র

নয়াদিল্লি, ২০ অক্টোবর (হি.স.): দিল্লিতে দূষণের জন্য উত্তর প্রদেশ থেকে আসা বাসকে দায়ী করলো আম আদমি পার্টি। রবিবার এএপি-র পক্ষ থেকে দাবি করা হয়েছে, উত্তর প্রদেশ থেকে আসা বাসের জন্য দিল্লিতে বাতাসের গুণমান খারাপ হচ্ছে। আম আদমি পার্টি নেতৃত্বাধীন দিল্লি সরকার দাবি করেছে, দিল্লিতে, বিশেষ করে আনন্দ বিহার এলাকায় বাতাসের গুণমান খারাপ হওয়ার নেপথ্যে একটি বড় কারণ হল প্রতিবেশী রাজ্য উত্তর প্রদেশ থেকে আসা বাসগুলি।দিল্লির মুখ্যমন্ত্রী অতিশী এবং পরিবেশ মন্ত্রী গোপাল রাই রবিবার আনন্দ বিহার এলাকার পরিস্থিতি পর্যবেক্ষণ করেন। যেখানে রবিবার সকাল ৮.৩০ মিনিটে এয়ার কোয়ালিটি ইনডেক্স ৪৫৪-এ হয়ে গেছে। বায়ু দূষণ নিয়ন্ত্রণে গৃহীত পদক্ষেপগুলি তুলে ধরে মুখ্যমন্ত্রী বলেন, দূষণ বিরোধী ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং ধুলো নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য দল গঠন করা হয়েছে।

## রাজস্থানে টেম্পোর সঙ্গে বাসের সংঘর্ষ, মৃত ১১

ঢোলপুর, ২০ অক্টোবর (হি.স.): রাজস্থানে ঢোলপুরে শনিবার রাতে ভয়াবহ দুর্ঘটনা। একটি বাসের সঙ্গে টেম্পোর মুখোমুখি সংঘর্ষ। তার জেরে মৃত্যু হলো ১১ জনের। বারি কোতয়ালি থানার ভারপ্রাপ্ত পুলিশ আধিকারিক শিব লহরী মীনা বলেছেন, 'শনিবার রাত এগারোটা নাগাদ, একটি স্লিপার বাস ধৌলপুর থেকে জয়পুরে যাচ্ছিল। সুনিপুরের কাছে একটি টেম্পোর সঙ্গে সংঘর্ষে দুর্ঘটনাটি ঘটেছে।'

জানা গিয়েছে, একটি অনুষ্ঠান থেকে ফিরছিলেন বাস যাত্রীরা। কীভাবে দুর্ঘটনা ঘটল এখনও স্পষ্ট নয়। খবর পেয়ে পুলিশ মৃতদেহগুলি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। এই ঘটনায় আহত হয়েছেন বেশ কয়েকজন। হাসপাতালে চিকিৎসাধীন তাঁরা।

## কাশ্মীরে এই প্রথমবার অনুষ্ঠিত আন্তর্জাতিক ম্যারাথন, উদ্বোধনে ওমর ও সুনীল শেট্টি

শ্রীনগর, ২০ অক্টোবর (হি.স.): কাশ্মীরে এই প্রথমবার অনুষ্ঠিত হল আন্তর্জাতিক ম্যারাথন। রবিবার সকালে শ্রীনগরের পোলো স্টেডিয়াম থেকে কাশ্মীরের প্রথম আন্তর্জাতিক ম্যারাথনের শুভ সূচনা করেছেন মুখ্যমন্ত্রী ওমর আব্দুল্লাহ ও অভিনেতা সুনীল শেট্টি। কাশ্মীর ম্যারাথন ২০২৪-এ অংশ নিতে বিভিন্ন দেশের ক্রীড়াবিদরা শ্রীনগরের পোলো স্টেডিয়ামে জড়ো হন। এরপর রবিবার সকালে পতাকা নেড়ে কাশ্মীর ম্যারাথন ২০২৪-এর সূচনা করেন মুখ্যমন্ত্রী ওমর আব্দুল্লাহ ও অভিনেতা সুনীল শেট্টি।অভিনেতা সুনীল শেট্টি এদিন বলেছেন, 'মানুষ কাশ্মীরে আসতে চায় এবং এই ধরনের একটি অনুষ্ঠান সমগ্র বিশ্বকে একটি বার্তা দেয় যে, সারা বিশ্বের মানুষ এখানে অংশগ্রহণ করতে আসছে এবং এটি একটি বড় বিষয়। জম্মু ও কাশ্মীর বিশ্বের জন্য একটি স্বর্গ।' সুনীল শেট্টি আরও বলেছেন, 'ম্যারাথন দারুণ। বিপুল সংখ্যক মানুষ ম্যারাথন নিয়ে উচ্ছ্বসিত। এটি একটি খুব ভালো অভিজ্ঞতা ছিল।'

## ইংলিশ প্রিমিয়ার লিগ: পাঁচ ম্যাচ পর গোলের খরা কাটিয়ে ইউনাইটেডের জয়

ম্যানচেস্টার, ২০ অক্টোবর (হি.স.): ইংলিশ প্রিমিয়ার লিগে ব্রেন্টফোর্ডের বিরুদ্ধে ম্যাচের প্রথমার্ধের এক্সট্রা টাইমে গোল হজম করে ম্যানচেস্টার ইউনাইটেড। তবে দ্বিতীয়ার্ধে দুই গোল করে জয় পায় ম্যানচেস্টার ইউনাইটেড। চলতি প্রিমিয়ার লিগে এটি তাদের তৃতীয় জয়। তবে ৩০০০ মিনিটের গোলখরা কাটিয়ে ইউনাইটেডের জয় পেল।

ওল্ড ট্র্যাফোর্ডে শনিবার রাতে প্রিমিয়ার লিগের ম্যাচে ২-১ গোলে জিতেছে ম্যান ইউনাইটেড। ম্যানচেস্টার ইউনাইটেডের হয়ে গোল করেন আলেহান্দ্রো গার্নাচো, রাসমুস হয়লুন।ব্রেন্টফোর্ডের হয়ে গোলটি করেন জ্যামাইকার ডিফেন্ডার ইথান পিনক।

ম্যাচের পাঁচ মিনিট যোগ করা সময়ের কর্নার থেকে উড়ে আসা বল হেডে জালে পাঠান জ্যামাইকার ডিফেন্ডার ইথান পিনক। বিরতির পর খেলা শুরুর ৯০ সেকেন্ডের মধ্যে দলকে সমতায় ফেরান গার্নাচো। মার্কাস র‍্যাশফোর্ডের ক্রস থেকে বল পেয়ে বক্সের বাইরে থেকে কোনাকুনি শটে গোলটি করেন ২০ বছর বয়সী এই ফরোয়ার্ড। ৬০ মিনিটের পর দুর্দান্ত এক গোলে এগিয়ে যায় স্বাগতিকরা। গোলটি করেন হয়লুন। গোলটির ক্ষেত্রে দারুণ অবদান আছে অধিনায়ক ফের্নান্দেসের। লিগে আট ম্যাচে এটা তাদের তৃতীয় জয়। সঙ্গে দুই ড্রয়ে ১১ পয়েন্ট নিয়ে দশম স্থানে উঠেছে ইউনাইটেড। তাদের চেয়ে ১ পয়েন্ট কম নিয়ে ১২ নম্বরে ব্রেন্টফোর্ড। আর সাত ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে শীর্ষে লিভারপুল।

## এমবাপে-ভিনিসিউসের গোলে জয় পেল রিয়াল মাদ্রিদ

মাদ্রিদ, ২০ অক্টোবর (হি.স.): লা লিগায় সেল্তার মাঠে শনিবার রাতে ২-১ গোলে জিতেছে কার্লো আনচেলত্তির দল। এদিন চ্যাম্পিয়নদের সঙ্গে রীতিমতো লড়াই করল সেল্তা ভিগো। পিছিয়ে পড়েও একবার সমতায় এসে পয়েন্ট পাওয়ার আশাও জাগিয়ে তুলেছিল তারা। শেষ পর্যন্ত পারল না। কিলিয়ান এমবাপে ও ভিনিসিউস জুনিয়রের গোলে জয় পেল রিয়াল মাদ্রিদ।

২০ মিনিটে দুর্দান্ত গোলে দলকে এগিয়ে দেয় এমবাপে। নিজেদের সীমানায় সেল্তা পজেশন হারালে বল নিয়ন্ত্রণে নেন ফরাসি তারকা, এরপর প্রায় ৩০ গজ দূর থেকে জোরাল শটে গোলটি করেন তিনি।

বিরতির চার মিনিট পর গোল হজম করে রিয়াল। আক্রমণে উঠে বক্সে দারুণ ক্রস বাড়ান অস্কার মিনগেসা, সেখানে একেবারে ফাঁকায় গোল করে সমতা টানেন সুইডেনের মিডফিল্ডার উইলিয়ত।

৬৩ মিনিটে ফেদেরিকো ভালভেরদে ও কামাভিঙ্গাকে তুলে লুকা মদ্রিচ ও রদ্রিগোকে মাঠে নামান রিয়াল কোচ। মাঠে নামার তিন মিনিট পর দলকে গোল করে এগিয়ে দেন মদ্রিচ।

এই জয়ের পর রিয়ালের ১০ ম্যাচে পয়েন্ট হলো ২৪। তাদের চেয়ে এক ম্যাচ কম খেলে সমান পয়েন্ট নিয়ে শীর্ষে বার্সেলোনা।

## রবিবার থেকে সাতদিনের সিঙ্গাপুর, অস্ট্রেলিয়া সফরে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান

নয়াদিল্লি, ২০ অক্টোবর (হি.স.): কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান রবিবার সাতদিনের সফরে সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া যাচ্ছেন। শিক্ষাক্ষেত্রে পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে সহযোগিতামূলক অংশগ্রহণকে উৎসাহিত করাই তাঁর এই সফরের লক্ষ্য বলে জানা গেছে। জানা যাচ্ছে, প্রথম পর্যায়ে সিঙ্গাপুর সফরে ধর্মেন্দ্র প্রধান রবিবার সেখানে প্রবাসী ভারতীয়দের এক সমাবেশে ভাষণ দেবেন। সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লরেন্স ওং এবং উপপ্রধানমন্ত্রী গান কিম ইয়ং ও অন্য বরিষ্ঠ নেতৃবৃন্দের সঙ্গে সোমবার সাক্ষাৎ করবেন। পাশাপাশি অস্ট্রেলিয়া সফরে ধর্মেন্দ্র প্রধান ২৩ অক্টোবর মেলবোর্নে সেখানকার শিক্ষামন্ত্রী জেশন ক্লেয়ারের সঙ্গে সাক্ষাৎ করবেন। অস্ট্রেলীয় আন্তর্জাতিক শিক্ষা সংক্রান্ত সম্মেলনে তিনি ভাষণ দেবেন। এছাড়াও অস্ট্রেলিয়ায় তাঁর একাধিক কর্মসূচি রয়েছে বলে জানা গেছে।

## কুশিয়ারা নদী থেকে অপরিচিত

● প্রথম পাতার পর

ব্যক্তিটির পরিচয় জানা যায়নি। ফুল প্যান্ট ও টিশার্ট পরহিত মৃত ব্যক্তিটির বয়স অনুমানিক পয়তাল্লিশের কাছাকাছি হবে বলে ধারনা করছেন প্রত্যক্ষদর্শীরা। পুলিশ পুরো ঘটনাটি গভীরভাবে খতিয়ে দেখছে। করিমগঞ্জ শহরে মরদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য দেখা দেয়।

## যুবককে মারধরের

● প্রথম পাতার পর

নামে ওই যুবককে সেখান থেকে তুলে নিয়ে যায় হেরিটেজ পার্ক সংলগ্ন এলাকায়। সেখানে নিয়ে গিয়ে তাকে বেধড়ক মারধর করা হয়।

পুলিশ এ ব্যাপারে মামলা গ্রহণ করে এখন পর্যন্ত তিনজনকে গ্রেফতার করেছে এবং তাদের ব্যবহৃত একটি গাড়িও আটক করেছে। অভিযুক্ত অন্যান্যদের নামধাম উদ্ধার করার জন্য পুলিশ তৎপরতা অব্যাহত রেখেছে। পুলিশ রিমান্ডের আবেদন জানিয়ে তাদেরকে আদালতে সোপর্দ করা হয়েছে বলে জানান পশ্চিম থানার ওসি পরিতোষ দাস।

## ত্রিপুরায় সদস্যতা অভিযানে ১২

● প্রথম পাতার পর

সদস্যতা অভিযানে ত্রিপুরায় ১২ লক্ষের টার্গেট ছিল। এখন পর্যন্ত যা খবর তাতে ৬ লক্ষের অধিক সদস্য পদ অনলাইনে পূর্ণ হয়েছে। অফলাইনে এই সংখ্যা আরো বেশি হবে। আমাদের যে লক্ষ্যমাত্রা সেটা অবশ্য পূরণ হবে। এই বিধানসভা কেন্দ্রে ২০ হাজার টার্গেট ছিল। এখন পর্যন্ত ১২ হাজারের অধিক হয়েছে। আজকে সহ এই সংখ্যা আরো বৃদ্ধি পাবে। যারা যারা সদস্য পদ নিয়েছেন ভারতীয় জনতা পার্টির পরিবারের পক্ষ থেকে আমি তাদের সকলকে স্বাগত জানাই।

## বাংলাদেশের জন্য সহসা

● প্রথম পাতার পর

ভারতের যৌথ পরামর্শক সভা নিয়ে হাইকমিশনার জানান, দ্রুত সময়ের মধ্যে আমরা এফওসি করতে চাই।

এদিকে, বাংলাদেশিদের জন্য খুব সহসা ভারতের পর্যটক ভিসা চালু না হওয়ার ইঙ্গিত দিয়েছেন ঢাকায় নিযুক্ত দেশটির হাইকমিশনার প্রণয় ভার্মা। ভারতের পর্যটক ভিসা পুনরায় চালুর বিষয়ে করা এক প্রশ্নের জবাবে প্রণয় ভার্মা বলেন, এখন যাদের জরুরি প্রয়োজন তাদের ভিসা দেওয়া হচ্ছে। কারণ, আমাদের লোকবল কম। আমাদের কার্যক্রম স্বাভাবিক হলে এটি (পর্যটক ভিসা) শুরু করা সম্ভব হবে।

বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে ফেরাতে ঢাকার বিদেশ মন্ত্রণালয় এখনো কোনো আনুষ্ঠানিক নির্দেশনা পায়নি। মন্ত্রণালয়ের জনকূটনীতি অনুবিভাগের মহাপরিচালক তৌফিক হাসান এমনটি জানান। রবিবার বিদেশ মন্ত্রণালয়ে তিনি সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। এদিন বিকেলে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা বিদেশ সচিব মো. জসীম উদ্দিনের সঙ্গে বৈঠক করেন। সম্প্রতি বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। ১৮ নভেম্বরের মধ্যে শেখ হাসিনাকে গ্রেপ্তার করে এ ট্রাইব্যুনালে উপস্থিত করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

# জাতীয় ফুটবলে পূর্বোত্তরের জয়জয়কার
# দুর্দান্ত জয়ে দারুন সূচনা সিকিম, ত্রিপুরার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জাতীয় ফুটবল আসরে উত্তর-পূর্ব ভারতের জয়জয়কার। উমাকান্ত মিনি স্টেডিয়ামে রবিবার যেন গোলের বন্যা। আর ওই গোলের বন্যায় ভাসলো চন্ডিগড়। প্রথম ম্যাচে গুজরাট। জাতীয় সিনিয়র মহিলা ফুটবলের 'জি' গ্রুপে। ঘরের মাঠে নিজেদের প্রথম ম্যাচে বিপক্ষ চন্ডিগড়কে পর্যুদস্ত করল ত্রিপুরা। রাজ্যদল জয় পায় ৫-০ গোলে। তবে এদিন যদি ত্রিপুরা কম করে এক ডজন গোলে জয় পেতো তাহলে অবাক হওয়ার মতো কিছু ছিল না। দুটি গোল করলেও মৌসুমী ওরাং এবং শ্রেয়া দেব একাই নষ্ট করেছেন কমপক্ষে আরও তিনটি সহজ গোলের সুযোগ। রবিবার বিকেলে হয় দু-দলের ম্যাচটি। শক্তিতে ত্রিপুরার মেয়েরা কিছুটা পিছিয়ে থাকলেও গতি এবং দক্ষতায় বিপক্ষকে অনেকটাই পেছনে ফেলে দিয়েছে ত্রিপুরার মেয়েরা। তবে সফররত দলকে লজ্জা জনক পরাজয় থেকে রক্ষা করেছেন গোলরক্ষক আসি। কমপক্ষে একাই ছয়টি গোল রুখে দিয়েছেন ওই গোল রক্ষকটি। ম্যাচ শুরুর নয় মিনিটে গোল পেয়ে যায় ত্রিপুরা। মৌসুমী ওরাংয়ের শট চন্ডিগড়ের গোলরক্ষক ফিস্ট করে ফেরালেও পুনরায় সুযোগ পেয়ে মৌসুমী এগিয়ে দেন ত্রিপুরাকে। ২৮ মিনিটে সন্ধ্যা দেবীর লম্বা সেন্টার থেকে অনেকটা একক দক্ষতায় ব্যবধান বাড়ান মৌসুমী ওরাং। দ্বিতীয়ার্ধের ৯ মিনিটে বিপক্ষে বক্সে ঢুকে দুরন্ত শট করে ব্যবধান বাড়ান মারিনা জমাতিয়া। ২৫ মিনিটে শ্রেয়া দেব ত্রিপুরার পক্ষে ৪-০ করেন। বক্সের বাইরে প্রায় ২৫ গজ থেকে কুসুম লক্ষ্মী দেবী শট ছত্রিশগড়ের গোলকিপারের মাথার উপর দিয়ে জালে জড়িয়ে যায়। ত্রিপুরা এগিয়ে যায় ৫-০ গোলে। এরপর বেশ কয়েকটি সুযোগ পেলেও জাল নাড়াতে পারেননি ত্রিপুরার মেয়েরা। ২২ অক্টোবর ত্রিপুরা গুরুত্বপূর্ণ ম্যাচে খেলবে সিকিমের বিরুদ্ধে। ওই ম্যাচের আগে সুযোগ নষ্ট করা নিয়ে চিন্তায় ত্রিপুরার কোচ সুজিত ঘোষ। খেলা শেষে সুজিত ঘোষ বলেন, সিকিম ম্যাচে এভাবে সুযোগ নষ্ট করলে জয় পাওয়া কঠিন হয়ে যাবে। তাই সোমবার অনুশীলনে সেই জায়গার উপরেই জোর দেওয়া হবে। এদিকে দিনের প্রথম ম্যাচের সিকিম ৪-১ গোলে পরাজিত করে গুজরাটকে। প্রথমার্ধে সিকিম ৩-১ গোলে এগিয়ে ছিল। বিজয়ী দলের পক্ষে হ্যাটট্রিকসহ চারটি গোলই করেন সিমরাণ গুরুং। শুরুতে খেলার ২৬ মিনিটের মাথায় গুজরাটের খুশবু সরোজের গোল দর্শকদের অনেকেই গুজরাটকে ফেভারিট ভেবে নেয়। কিন্তু পরক্ষণে যথেষ্ট গুছিয়ে খেলে সিকিম দুই অর্ধে পরপর চারটি গোল বেশ দক্ষতার ছাপ রেখে দেয়। প্রথম ম্যাচে সিমরান গুরুং এবং বিকেলের ম্যাচে ত্রিপুরার মৌসুমী উড়াং প্লেয়ার অফ দ্যা ম্যাচের খেতাব পেয়েছে।

# রাজ্য ফুটবলের ঐতিহাসিক মুহূর্ত টিএফএ-র নিখুঁত আয়োজনে সম্পৃক্ত

---- সুপ্রভাত দেবনাথ।

আগরতলা, ২০ অক্টোবর।। ঘড়ির কাঁটা এবং জাতীয় ফুটবলের লীগ পর্যায়ের ম্যাচ। দুটো বিষয় ঠিক সমানতালে বললে কম বুঝাবে। একেবারে সমান্তরালে, এমন নিখুঁত আয়োজনের প্রকৃত বাস্তবায়ন সত্যিকার অর্থেই স্বাধীনোত্তর ত্রিপুরায় প্রথম ঘটেছে বলা চলে। ঐতিহাসিক মুহূর্ত ঠিক সাড়ে নয়টায়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সিনথেটিক টার্ফ মাঠে অনারম্বর আয়োজনের মধ্যেই সুশৃংখল নিয়মানুবর্তিতার পরিস্ফুটন। ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের সভাপতি প্রণব সরকার একদিকে টি এফ এ-র পতাকা উত্তোলন করছেন, অপরদিকে ঠিক ৯:৩০ মিনিটে ম্যাচ শুরুর ঐতিহাসিক বাঁশির আওয়াজ রেফারি প্রিয়ব্রত সিং লাঙ্গপোক লাকপাম এর মুখ থেকে। সামগ্রিক আয়োজনের সুশৃংখল বাস্তবায়নে অত্যন্ত অকৃত্রিম খুশি ম্যাচ কমিশনার সুদেষ্ণা মুখার্জি সঠিক সময়ে অনলাইনে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের ওয়েবসাইটে রাজ্যের ঐতিহ্যবাহী উপাকান্ত মিনি স্টেডিয়ামের নামাঙ্কিত খেলার আপডেট দিতে পেরেছেন। সেটাও ত্রিপুরার জন্য অনেকটা গৌরবের। ২৯ তম সিনিয়র মহিলা জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশিপ তথা রাজ মাতা জিজা ভাই ট্রফি ২০২৪-২৫ এর গ্রুপ স্টেজ বিশেষ করে জি গ্রুপের খেলায় চারটি দল সিকিম, গুজরাট, চন্ডিগড়, ত্রিপুরার ছটি ম্যাচ ঘিরে মোট বাজেট ২১ লক্ষ টাকার মধ্যে ১৭ লক্ষ টাকার কিছু বেশি অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন প্রদান করলেও সুনিপুন ও যথার্থ আয়োজনের নিরিখে টিএফএ-র প্রত্যাশা অনুযায়ী রাজ্য সরকারের ক্রীড়া দপ্তর আর্থিক সহযোগিতায় এগিয়ে আসছেন বলে অনুমেয়। মুখ্যত, উপযুক্ত সময় পেয়ে টিএফএ সামগ্রিক আয়োজন সাফল্যমন্ডিত করে তুলতে প্রয়োজনীয় নয়টি উপ-কমিটি গঠন এর মধ্য দিয়ে মূলতঃ কাজের বিকেন্দ্রীকরণ এ ধরনের প্রথমবারের মতো জাতীয় সিনিয়র ফুটবলের যথার্থ আয়োজন সম্ভব হয়েছে বলে ক্রীড়া মহলের অভিমত। প্রথম দিনের দুবেলায় দুটি ম্যাচ দারুন ভাবে অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী চারটি ম্যাচ ও প্রত্যাশিত সাফল্যের সঙ্গে শেষ হবে বলে ধারণা করেই রাজ্যের ক্রীড়া জগতে কদিনের জন্য আবারও দিন গুনবে। কেননা আগামী নভেম্বর মাসেই ১৫, ১৭ এবং ১৯ তারিখ ত্রিপুরায় অনুষ্ঠিত হতে যাচ্ছে ৭৮-তম জাতীয় সন্তোষ ট্রফির ডি গ্রুপের চ্যাম্পিয়নশীপের খেলা। যেখানে স্বাগতিক ত্রিপুরা সহ মনিপুর, সিকিম, মিজোরাম রাজ্য দল অংশ নিতে আসবে।

# রঞ্জি ট্রফি : সরাসরি মেঘালয় জয়ের চাবিকাঠি ত্রিপুরার বোলারদের হাতে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জয়ের চাবিকাঠি এখন বোলারদের হাতে। রঞ্জি ট্রফির চতুর্থ তথা অন্তিম দিনের খেলা আগামীকাল। শিলং এর পোলো গ্রাউন্ডে প্রতিপক্ষ মেঘালয় এই মুহূর্তে ১৫২ রানে পিছিয়ে রয়েছে। হাতে উইকেট পুরো দশটি। সারাদিনের খেলা। ২২২ রানে প্রথম ইনিংস শেষ করা দল মেঘালয় যদিও দ্বিতীয় ইনিংসে চমকপ্রদ কিছু করে, ব্যাটে বলে অতিরিক্ত রান সংগ্রহ করে নেয় তখন ত্রিপুরার ব্যাটার্সরা সরাসরি জয়ের লক্ষ্যে ঝাঁপিয়ে পড়তে পারবে।

এবং সরাসরি জয়ের প্রত্যাশা মেটাতে পারবে। প্রকৃতি এবং মাঠ কেমন আচরণ করে? তার উপরও নির্ভর করছে খেলার ভবিষ্যৎ। ইতোমধ্যে ত্রিপুরা প্রথম ইনিংসে লিড নিয়ে ৩ পয়েন্ট প্রাপ্তির একটা ফাউন্ডেশন গড়ে নিয়েছে। তেমন কোনও অঘটন না ঘটলে পয়েন্টের আধিক্য ত্রিপুরা পাবে বলে অনুমেয়। তৃতীয় দিনের খেলায় ত্রিপুরা ৩৭৭ রানে ইনিংস ঘোষণা করলে, জবাবে ব্যাট করতে নেমে মেঘালয় ৭৭.৪ ওভার খেলে ২২২ রানে প্রথম ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। ফলোঅনে খেলতে নেমে দিনের খেলা শেষে মেঘালয় দুই ওভারে বিনা উইকেটে তিন রান সংগ্রহ করেছে।

রাজ্য দলের ব্যাটিং লাইনআপে শ্রীদাম পালের ১৪৬ রান শরথের ৭২ রান, মনি শংকর মুরাসিং এর ৬০ রান এবং মনদীপ সিংয়ের ৫৯ রান উল্লেখযোগ্য।

মেঘালয় দলের পক্ষে অজয় দুহান ৯৩ রানে অপরাজিত থেকে প্রথম ইনিংসকে সমৃদ্ধ করে তুলেছিল। বোলিংয়ে মনি শংকর মুরাসিং ৫২ রানে ছয় তুলে নিয়ে আবারও দুর্দান্ত পারফরমেন্সের স্বাক্ষর রেখেছে। এছাড়া অজয় সরকার দুইটি, বিক্রম দেবনাথ ও পারভেজ সুলতান একটি করে উইকেট পেয়েছে।

গ্রুপ লিগের অন্য খেলায় বরোদার বিরুদ্ধে সার্ভিসেস ৩৩৭ রানে পিছিয়ে রয়েছে। উড়িষ্যা জম্মু-কাশ্মীরের বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিয়ে খেলছে। যদিও ম্যাচ ড্র তে নিষ্পত্তি হওয়ার উপক্রম। অপর খেলায় মুম্বাই মহারাষ্ট্রের বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিয়েছে। সরাসরি জয় এর লক্ষ্যে আগামীকাল খেলতে নামবে।

# নাইডু ট্রফি : ম্যাকনেইলের নট আউট ২৩২ ত্রিপুরার বিরুদ্ধে বড় স্কোরের লক্ষ্যে কর্ণাটক

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। পাহাড় প্রমাণ রানের লক্ষ্যে এগুচ্ছে কর্ণাটক। ওপেনার ম্যাকনেইলের অপরাজিত ডাবল সেঞ্চুরি।

প্রকার চতুর্বেদী ৯ রানের জন্য শতরান হাতছাড়া করে প্যাভেলিয়নে ফিরলেও বিশাল উনাত সেঞ্চুরির কাছাকাছি পৌঁছে নাইট ওয়াচম্যানের ভূমিকায় রয়েছে। আগরতলার নরসিংগড়ে পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে সফরকারী কর্ণাটক বনাম ত্রিপুরার কর্নেল সি কে নাইডু ট্রফি ম্যাচ আজ, রবিবার থেকে শুরু হয়েছে। প্রথম দিন পুরোটা দখল করে কর্ণাটক একদিকে পাহাড় প্রমাণ রান সংগ্রহের ইঙ্গিত দিচ্ছে। অপরদিকে দিনভর খেলে আগামীকালও সারাদিন দাপট দেখাবে বলে পরিমেয়।

সারাদিনের খেলায় ত্রিপুরার বোলাররা বিশেষ করে অমিত আলী, দীপ্তনু চক্রবর্তী, ইন্দ্রজিৎ দেবনাথ, অভিজিৎ দেববর্মার মতো বোলাররা সারা দিনে ৯০ ওভারের মধ্যে মাত্র একটি উইকেট দখল করতে সক্ষম হয়েছে। ৯০ ওভার খেলে কর্ণাটক এক উইকেট হারিয়ে ৪০৭ রান সংগ্রহ করেছে। আগামীকাল ম্যাচের দ্বিতীয় দিনে খেলার চেহারা কি হয় তাই এখন দেখার বিষয়।

গ্রুপ লীগের অন্য খেলায় চন্ডিগড়ের প্রথম ইনিংসে ১৩১ রানের জবাবে তামিলনাড়ু দিনের খেলা শেষে ৩৫ ওভারে ২ উইকেটে ১২১ রান সংগ্রহ করে। উত্তরাখণ্ডের বিরুদ্ধে কেরালা বৃষ্টি বিঘ্নিত প্রথম দিনে ৫৫ ওভারে দুই উইকেট হারিয়ে ২৩১ রান সংগ্রহ করেছে। ওড়িশার বিরুদ্ধে মহারাষ্ট্র দিনের খেলা শেষে ৮৪ ওভারে পাঁচ উইকেট হারিয়ে ২৬৮ রান সংগ্রহ করেছে।

# এএফসি অনূর্ধ ১৭ এশিয়ান কাপ বাছাইপর্বের জন্য ভারত ২৩ সদস্যের দল ঘোষণা করেছে

কলকাতা, ২০ অক্টোবর (হি.স.): রবিবার পুরুষদের জাতীয় দলের প্রধান কোচ ইশফাক আহমেদ ২৩ থেকে ২৭ অক্টোবর থাইল্যান্ডে অনুষ্ঠিতব্য এএফসি অনূর্ধ ১৭ এশিয়ান কাপ ২০২৫ কোয়ালিফায়ারের জন্য ২৩ সদস্যের একটি দল ঘোষণা করেছেন।

ভারতীয় দল গ্রুপ ডি-তে রয়েছে। তারা ব্রুনাই দারুসসালাম (২৩ অক্টোবর), তুর্কমেনিস্তান (২৫ অক্টোবর) এবং আয়োজক থাইল্যান্ডের (২৭ অক্টোবর) মুখোমুখি হবে।

যোগ্যতা পর্বে ১০টি গ্রুপ রয়েছে। গ্রুপের বিজয়ী এবং পাঁচটি সেরা দ্বিতীয় স্থানাধিকারী দল এএফসি অনূর্ধ ১৭ এশিয়ান কাপ ২০২৫-এ স্বাগতিক সৌদি আরবের সাথে যোগ দেবে।

ভারতের ২৩ সদস্যের স্কোয়াড:গোলরক্ষক : আহিবাম সুরজ সিং, রোহিত, নন্দন রায়।ডিফেন্ডার : করিশ সোরাম, মোহাম্মদ কাইফ, চিংথাম রেনিন সিং, ব্রহ্মচারিমায়ুম সুমিত শর্মা, থুঙ্গাম্বা উশাম সিং, ইয়াফরেম্বা চিঙ্গাখাম, জোদ্রিক আব্রাঞ্চেস। মিডফিল্ডার :আব্দুল সালহা শিরগোজরি, অহংশাংবাম স্যামসন, কে আজলান শাহ, লেভিস জাংমিনলুন, মাহমুদ সামি, মানভাকু পার মালনগিয়াং, মোঃ আরবাশ, নিংথোখংজাম ঋষি সিং, বিশাল যাদব, এনগামগৌউ মাতে।

ফরোয়ার্ড : ভারত লায়েনজাম, প্রেম হাঁসডাক, হেমনিচুং লুঙ্কিম।

# পশ্চিম জেলাভিত্তিক পাওয়ার লিফটিং চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। বেশ উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে পশ্চিম ত্রিপুরা জেলা পাওয়ার লিফটিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল ১০টায় স্থানীয় এনএসআরসিসি-তে পশ্চিম ত্রিপুরা জেলা পাওয়ার লিফটিং অ্যাসোসিয়েশন এর উদ্যোগে এই পশ্চিম জেলা ভিত্তিক পাওয়ার লিফটিং চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন সংস্থার সভাপতি তথা বিধায়ক পিনাকী দাস চৌধুরী। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের সচিব সুকান্ত ঘোষ। বিশেষ অতিথি হিসেবে রাজ্য ক্রীড়া পর্ষদের জয়েন্ট সেক্রেটারি স্বপন সাহা প্রমুখ উপস্থিত ছিলেন। দিনভর প্রতিযোগিতা শেষে বিশেষ অনুষ্ঠানে বিজয়ীদের পুরস্কৃত করা হয়েছে। প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সম্পাদক সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছেন।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# বিজেপির কার্যকর্তাদের প্রয়াণ, প্রয়াতদের বাসভবনে গিয়ে শোক প্রকাশ নেতৃবৃন্দের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর ।।** বামুটিয়া বিধানসভার বিভিন্ন গ্রামে বেশ কয়েকজন কার্য্যকর্তার প্রয়ানে বিজেপি নেতৃবৃন্দের এক প্রতিনিধি দল প্রয়াতদের বাসভবনে গিয়ে আজ শোক প্রকাশ করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

গত ১৯ এ অক্টোবর নবগ্রামের মায়ারানী সাহা (৮৫) বার্ধক্যজনিত কারণে মৃত্যুবরণ করেন নিজ বাসভবন। মৃত্যুকালে তিন ছেলে দুই মেয়ে সহ বহু আত্মীয় স্বজন রেখে গেছেন। উনার এক ছেলে বিশ্বজিৎ সাহা বিজেপি বামুটিয়া মন্ডলের কোষাধক্ষ।

অন্যদিকে গত ১৩ই অক্টোবর রাঙ্গুটিয়া গ্রামের পুরানো বিজেবি কার্য্যকর্তা রঞ্জিত পাল(৬৪) নিজ বাসভবনে পরলোক গমন করেন। মৃত্যুকালে এক ছেলে দুই মেয়ে সহ বহু হিতাকাঙ্ক্ষী রেখে গেছেন। গান্ধী গ্রামের পুরানো দলীয় কার্য্যকর্তী রত্না সূত্রধর( ৫৫ )গত ১৪ই অক্টোবর দীর্ঘ রোগভোগের পর মৃত্যুকে বরণ করে নেন। মৃত্যু কালে স্বামী এক ছেলে এক মেয়ে সহ বহু আত্মীয়-স্বজন রেখে গেছেন। উনার স্বামী অজিত সূত্রধর বামুটিয়া মন্ডলের প্রথম শ্রেণীর কার্য্যকর্তা। বিভিন্ন পোস্টে বিভিন্ন সময় ছিলেন। প্রত্যেকটি পদে অত্যন্ত দক্ষতার সহিত তিনি পরিচালনা করেন।

উপরোক্ত ব্যক্তিদের বাসভবনে গিয়ে উনাদের আত্মীয়- স্বজনের সঙ্গে মিলিত হয়ে প্রয়াতাদের আত্মার সদগতি কামনা করা হয়। শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়।প্রতিনিধি দলে ছিলেন গোমতীর প্রাক্তন চেয়ারম্যান সমীর দাস, প্রাক্তন জেলা পরিষদের সদস্য সমরেশ বিশ্বাস, প্রাক্তন মন্ডল সভাপতি কাজল দে, বিশিষ্ট সাংবাদিক ও সমাজসেবী বাদল চন্দ্র দাস, ফণী ভূষণ শীল, বিভাস দাস, মনোরঞ্জন দাস সহ অনেকে।

## যমুনার জলে ভাসতে দেখা গেল বিষাক্ত ফেনা, চিন্তায় দিল্লির বাসিন্দারা

নয়াদিল্লি, ২০ অক্টোবর (হি.স.): রবিবারও দিল্লির যমুনা নদীতে দূষণের দৃশ্য ধরা পড়ল। রবিবার সকালে দেখা যায়, যমুনার জল সাদা ফেনায় ঢেকে রয়েছে। বিভিন্ন কারখানার রাসায়নিক জলে মেশার কারণে এই ফেনার সৃষ্টি হচ্ছে বলে মনে করছেন পরিবেশবিদরা।

রবিবার সকালে দিল্লির কালিন্দী কুঞ্জ এলাকায় দেখা যায়, যমুনার জলে বিষাক্ত ফেনা ভেসে বেড়াচ্ছে। এদিন যমুনা ঘাট পরিষ্কার করতে আসা এক এনজিও কর্মী বলেন, নদীতে প্রচুর ফেনা রয়েছে, এটি ত্বকের পাশাপাশি চোখের জন্যও বিষাক্ত। নদীতে মেশা পয়ঃ নিষ্কাশন জলের কারণে নদীর জল দূষিত হচ্ছে।

এদিকে, অক্টোবরের মাঝামাঝি থেকেই বায়ুদূষণের কবলে দিল্লি। বাতাসের গুণগতমানও ক্রমশ নীচের দিকে নেমে গিয়েছে। সবমিলিয়ে বায়ুদূষণ ও যমুনার জল দূষণে চিন্তিত দিল্লি বাসীরা।

## দক্ষিণের একাধিক রাজ্যে দু’’দিন ভারী বৃষ্টির পূর্বাভাস

নয়াদিল্লি, ২০ অক্টোবর (হি.স.): আগামী দু’’দিন তামিলনাড়ু, পুদুচেরি এবং কর্ণাটকে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। পাশাপাশি আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে রবিবার এবং সোমবার ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

এদিকে পূর্ব মধ্য বঙ্গোপসাগর এবং সন্নিহিত উত্তর আন্দামান সাগরের উপর সোমবার নিম্নচাপ সৃষ্টি হবে বলে আবহাওয়া দফতর সূত্রে জানা গেছে। এটি ক্রমশ উত্তর-পশ্চিম দিকে আরও ঘনীভূত হয়ে বুধবার নাগাদ গভীর নিম্নচাপে পরিণত হতে পারে। এর জেরে আগামী সপ্তাহে ওড়িশায় ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে বলে হাওয়া অফিস সূত্রে জানা গেছে।

## ত্রিপুরা জুট মিল যৌথ আন্দোলন কমিটির সাধারণ অধিবেশন অনুষ্ঠিত



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর ।।** সুপ্রীম কোর্ট ও হাই কোর্টের নির্দেশ অনুযায়ী ১৯৯৬ সালের পয়লা জানুয়ারি থেকে জুটমিলে কর্মরত ১৬৪৭ জনের প্রাপ্য একত্রে মিটিয়ে দেওয়ার দাবিতে রবিবার আগরতলা টাউন হলে ত্রিপুরা জুট মিল যৌথ আন্দোলন কমিটির সাধারণ অধিবেশন অনুষ্ঠিত হয়।

সুপ্রিম কোর্ট ও হাইকোর্টের নির্দেশ কার্য্যকর করার দাবিতে জুটমিল যৌথ আন্দোলন কমিটি আগামী ৬ নভেম্বর জুটমিল প্রাঙ্গনে গণ বিক্ষোভ আন্দোলনের ডাক দিয়েছে।

বিক্ষোভ আন্দোলনকে সফল করার লক্ষ্যে রবিবার আগরতলা টাউন হলে যৌথ আন্দোলন কমিটির সাধারণ অধিবেশন অনুষ্ঠিত হয়।

অধিবেশনে বক্তব্য রাখতে গিয়ে যৌথ আন্দোলন কমিটির নেতৃবৃন্দ বলেন, পেমেন্টের ১৫ দিন পূর্বে পে স্লিপ ও আইপিএস যথাবিহিত বন্টন করতে হবে।

ইউনিয়ন বাজি বন্ধ করতে হবে।আদালতের নির্দেশ মেনে সকলের প্রাপ্য মিটিয়ে দিতে হবে।

## দৃষ্টিহীনদের নিয়ে জাতীয় স্তরের ক্রিকেট এবং দাবা প্রতিযোগিতায় অংশ নেবে রাজ্যের দৃষ্টিহীন খেলোয়াড়রা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর ।।** আগামী ডিসেম্বর মাসে দৃষ্টিহীনদের নিয়ে জাতীয় স্তরের ক্রিকেট প্রতিযোগিতার আসর বসছে উড়িষ্যায়। এবং ২৬শে নম্বর থেকে আগরতলায় অনুষ্ঠিত হচ্ছে উত্তর পূর্বাঞ্চলীয় দাবা প্রতিযোগিতা।

আর এই দুইটি প্রতিযোগিতার জন্য রবিবার খেলোয়াড়দের তালিকা প্রকাশ করলো অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটি।

আগামী ডিসেম্বর মাসে দৃষ্টিহীনদের নিয়ে জাতীয় স্তরের ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে উড়িষ্যা। আর এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে রাজ্য দল। তাই রবিবার এক সাংবাদিক সম্মেলন করে বি ওয়ান, বি টু, বি থ্রি, এই তিনটি ক্যাটাগরিতে মোট ২২ জনের টিম ঘোষণা করল অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটি। এই ২২ জন এর মধ্যে কোচ ও টিম ম্যানেজার সহ ১৬ জনের দল আগামী ১০ই ডিসেম্বর উড়িষ্যার উদ্দেশ্যে রওনা দেবে। এছাড়াও আগামী ২৬ থেকে ২৮ শে অক্টোবর আগরতলা প্রেসক্লাবে অনুষ্ঠিত হতে যাচ্ছে উত্তর পূর্বাঞ্চলীয় দাবা প্রতিযোগিতা। অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির উদ্যোগে আয়োজিত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১৪ জনের টীম ঘোষণা করা হয়।

রবিবার এক সাংবাদিক সম্মেলন করে এই নামের তালিকা প্রকাশ করে অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটি। উপস্থিত ছিলেন কমিটির সম্পাদক সঞ্জয় ধন ভৌমিক, সহ-সম্পাদক সুজিত দাস সহ অন্যান্যরা।

## প্রয়াত রাজ্য মাস্টার সদস্য সংগঠক শিক্ষক নারায়ন নন্দি ও শরীর শিক্ষক কানু রায়ের প্রয়াণে স্মরণসভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর ।।** এনএসআরসিসি প্রাঙ্গনে প্রয়াত রাজ্য মাস্টার সদস্য সংগঠক শিক্ষক নারায়ন নন্দি ও শরীর শিক্ষক কানু রায়ের প্রয়াণে স্মরণসভা অনুষ্ঠিত হয়। প্রয়াত রাজ্য মাস্টার্স অ্যাথলেটিক্স এসোসিয়েশনের জেষ্ঠ সদস্য তথা প্রাক্তন পোল ভোল্টার, ক্রীড়া সংঘটক ও ক্রীড়া শিক্ষক নারায়ণ নন্দী এবং শরীর শিক্ষক কানু রায়ের অকাল প্রায়নে রাজ্য মাস্টার্স অ্যাথলেটিক্স ও রাজ্য অ্যাথলেটিক্স সংস্থার উদ্যোগে তাদের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ ও স্মরণ সাভার আয়োজন করা হয়। স্থানীয় এন এস আর সি সি প্রাঙ্গনে হয় এই স্মরণসভা।

## আগুনে ভস্মীভূত বসতবাড়ি পরিদর্শনে কংগ্রেস দল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর ।।** প্রতাপগড় বিধানসভার অর্নগত আড়ালিয়া উত্তর যোগেন্দ্রনগর এলাকার বাসিন্দা বাচ্চু মিয়ার বাড়ি আগুনে ভস্মীভূত হয়ে যায়। আজ ত্রিপুরা প্রদেশ কংগ্রেস সভাপতি আশিষ কুমার সাহা, ও বিধায়ক সুদীপ রায় বর্মনের নির্দেশে যুব নেতা মোঃ শাহজাহান ইসলাম, ছাত্র নেতা আমির হোসেন, মহিলা কংগ্রেস সাধারন সম্পাদিকা শ্রেয়শী লস্কর, ব্লক যুব কংগ্রেস সভাপতি টোটন দে, প্রতাপগড় বিধানসভার সংখ্যালঘু নেতা সামাল মিয়া, স্বপন দেব সহ অন্যান্যরা ওনার বাড়ি পরিদর্শনে গিয়ে ওনাদের সঙ্গে দেখা করে, এই কঠিন সময়ে ওনাদের পাশে থাকার আশ্বাস দেন।

কংগ্রেস নেতৃত্বরা ক্ষয়ক্ষতি সম্পর্কে বিস্তারিত খোঁজখবর নেন। ক্ষতিগ্রস্থদের পাশে থাকার আশ্বাস দেন তিনি।

## যত্রতত্র ফেলে রাখা মূর্তিগুলি সঠিক স্থানে বিসর্জন বিশ্ব হিন্দু পরিষদের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর ।।** রাজ্যের বিভিন্ন স্থানে ঘটা করে পূজা পার্বণ সম্পন্ন করার পর যত্রতত্র ফেলে রাখা হচ্ছে দেব দেবীর মূর্তি। আর দেবদেবীর মূর্তিকে যারা অবমাননা করছেন তাদের সচেতন করার জন্য রবিবার বামুটিয়া এলাকায় যত্রতত্র ফেলে রাখা মূর্তিগুলি সঠিক স্থানে বিসর্জন দিল বিশ্ব হিন্দু পরিষদ।

সনাতনীদের বারো মাসে তের পার্বণ হলেও বিশেষ করে শরৎকালে পুজোর সংখ্যাটা একটু বেশি থাকে। এই সময় দুর্গাপুজো কালীপুজো থেকে শুরু করে প্রতি ঘরে পূজিত হন দেবী লক্ষী। কিন্তু ঘটাকরে পুজো পার্বণ সম্পন্ন করলেও রাজ্যের একটা অংশের মানুষ পুজোর পরে যত্রতত্র ফেলে রাখেন দেবদেবীর মূর্তি। এতে দেবদেবীর যেমন অবমাননা করা হচ্ছে তেমনি পরিবেশের স্বচ্ছতার উপর বিরূপ প্রভাব বিস্তার করছে। এবার এই অংশের মানুষদের সচেতন করতে মাঠে নামলো বিশ্ব হিন্দু পরিষদ। পুজোর পর দেবদেবীর মূর্তিকে যাতে অবমাননা না করা হয়, সেই বার্তা দেওয়ার জন্য রবিবার বিশ্ব হিন্দু পরিষদ বামুটিয়া প্রখন্ডের পক্ষ থেকে যত্রতত্র ফেলে রাখা বিভিন্ন দেবদেবীর মূর্তিগুলো সঠিক স্থানে বিসর্জন করা হয়। এই মহান সামাজিক অনুষ্ঠানে বিশ্ব হিন্দু পরিষদের পরিষদের পশ্চিম ত্রিপুরা প্রখণ্ডের সম্পাদক জীবন আচার্য্য সহ অন্যান্য কার্য্যকর্তারা উপস্থিত ছিলেন।

## হেপাটাইটিস ফাউন্ডেশন বিশালগড় শাখার ২১তম সম্মেলন অনুষ্ঠিত বিশালগড় মহকুমা হাসপাতালে




**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২০ অক্টোবর ।।** এইচআইভি বা এইডস নিয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে হেপাটাইটিস ফাউন্ডেশন বিশালগড় শাখার ২১তম সম্মেলন অনুষ্ঠিত হয় রবিবার বিশালগড় মহকুমা হাসপাতালে। এই দিন সম্মেলনে বিশালগড় শাখার হেপাটাইটিস ফাউন্ডেশনের নতুন কমিটি গঠিত হয়। ডাঃ জে এম দাস হেপাটাইটিস ফাউন্ডেশন বিশালগড় শাখার চেয়ারম্যান পদে এবং অসীম ঘোষ সম্পাদক পদে নিযুক্ত হন। তাছাড়া উক্ত সম্মেলনে উপস্থিত ছিলেন আগরতলা মেডিকেল কলেজের প্রফেসর তথা আগরতলা হেপাটাইটিস ফাউন্ডেশন শাখার কার্য্যকরী কমিটির সদস্য ডাঃ মনিরুল ইসলাম। রবিবার বিশালগড় মহকুমা হাসপাতালে অনুষ্ঠিত হেপাটাইটিস ফাউন্ডেশনের সম্মেলনে আগামী দিনের জন্য কিছু কর্মসূচি গ্রহন করে। আগামী ১৪ নভেম্বর বিশ্ব ডায়াবেটিস দিবস।

ঐদিন বিশালগড় মহকুমা হাসপাতালে ও বিশালগড় বাজারে সাধারণ মানুষের জন্য বিনামুল্যে সুগার পরীক্ষা করার জন্য বিশেষ ক্যাম্প করা হবে। তাছাড়া নভেম্বর মাসের মাঝামাঝি সময়ে গোলাঘাটি বিধানসভার চা শ্রমিকদের জন্য একটি বিশেষ স্বাস্থ্য শিবির করা হবে। মহকুমার বিভিন্ন বিদ্যালয় গুলোতে এন্টি ড্রাগ ও নাবালিকা মেয়েদের বিয়ে নিয়ে বিশেষ সচেতনতা শিবির করা হবে বলে সাংবাদিকদের জানান হেপাটাইটিস ফাউন্ডেশন বিশালগড় শাখার নতুন কমিটির চেয়ারম্যান ডাঃ জ্যোতির্ময় দাস।

## জলাশয় ভরাট করে ইউনিটি মল তৈরির উদ্যোগে অসন্তোষ জনমনে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর ।।** গোটা উত্তর পূর্বাঞ্চলের মধ্যে সর্বপ্রথম ত্রিপুরা রাজ্যের আমতলী থানা সংলগ্ন বাইপাস সড়কের পাশে লাইট হাউস এর মত ইউনিটি মল তৈরি করার সিদ্ধান্ত নিয়েছিল রাজ্য সরকার।

আর সেই মল তৈরির জন্য মুখ্যমন্ত্রীর হাত ধরে শিলান্যাস হয়েছে মাত্র কিছুদিন আগে। রবিবার সকাল থেকে কাজও শুরু হয়ে গেছে।

মল তৈরির জন্য সরকারি সিদ্ধান্ততে সবাই খুশি তবে আমতলী থানার পাশে বাইপাস সংলগ্ন একটি জলাশয় রয়েছে এই জলাশয় মানুষ সারা বছর মূর্তি বিসর্জন সহ আশেপাশের এলাকায় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটলে অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা সেই জলাশয় থেকে জল সংগ্রহ করে আগুন নেভানোর কাজে ব্যবহার করা হয়।

কিন্তু দেখা যাচ্ছে সরকারিভাবে মল তৈরি করতে গিয়ে সেই জলাশয়ের একপাশে দিয়ে মেশিনের সাহায্যে মাটি ভরাট করার কাজ চলছে। এক্ষেত্রে মল তৈরিতে মানুষ খুশি হলেও জলাশয় ভরাট করা নিয়ে অসন্তোষ প্রকাশ করলেন স্থানীয়রা। স্থানীয় এলাকাবাসীদের পক্ষে এক যুবক জানিয়েছেন সরকার উন্নত মানের মল তৈরি করার সিদ্ধান্ত নিয়েছে তাতে তারা খুশি কিন্তু মানুষের উপকারে আসা বাইপাসের পাশের সেই জলাশয়টি বাদ দিয়ে যেন মল তৈরি করা হয়। কেননা এই জলাশয়টি মানুষের বিপদে এবং মূর্তি বিসর্জনে প্রতিবছর কাজে লাগছে। তাই সরকার যেন মানুষের উপকারে আসা এই জলাশয়টি বাদ দিয়ে মল তৈরি করার কাজ করে, সেই আবেদন করেন এলাকাবাসীরা।

## ৫ ভারতীয় নাগরিক সহ প্রচুর নেশাসামগ্রী উদ্ধার করল বিএসএফ



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর ।।** ৫ ভারতীয় নাগরিক সহ এবং মাদকদ্রব্য জব্দ করেছে বিএসএফ।

রবিবার বিএসএফ-এর সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে এক নাবালক সহ ৫ জন ভারতীয় নাগরিককে পশ্চিম ত্রিপুরা জেলার অন্তর্গত হারনাখোলার বিওপি এলাকা থেকে বিএসএফ সৈন্যরা বাংলাদেশে বহিষ্কার করার চেষ্টা করার সময় আটক করে। আটককৃত সকল ভারতীয় নাগরিক এক পরিবারের সদস্য এবং দক্ষিণ রামনগর, আগরতলার বাসিন্দা।

এছাড়াও ত্রিপুরা ফ্রন্টিয়ারের অধীনে বিএসএফ সৈন্যরা ২ হাজারটা ইয়াবা ট্যাবলেট, ১৪৬ কেজি গাঁজা, ৩৫০ কেজি চিনি, ২২৫ বোতল ফেনসিডিল এবং ৩৫ লক্ষ টাকা মূল্যের অন্যান্য নিষিদ্ধ জিনিস জব্দ করেছে।

## শীতবস্ত্র নিয়ে হাজির ভুটানিরা, ১ নভেম্বর থেকে বিক্রি শুরুর প্রস্তুতি



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ অক্টোবর ।।** শীতের পরশ লাগেনি। কিন্তু, প্রতিবছরের মতোই শীতবস্ত্রের পসরা নিয়ে হাজির হয়ে গেছেন ভুটানিরা। আগামী ১ নভেম্বর তাঁরা বিক্রি শুরু করার প্রস্তুতি নিয়েছেন।

সম্প্রতি অনলাইন বাজারের চাহিদা তরতড়িয়ে বেড়ে চলেছে। ফলে, স্থানীয় দোকানিরা লোকসানের মুখোমুখি হচ্ছেন। ভুটানিদেরও আশঙ্কা, অনলাইন বাজারের প্রভাব তাঁদের শীতবস্ত্র বিক্রিতেও পড়বে। আজ দেখা গেছে, ভুটানিরা শীতবস্ত্রের স্টল সাজাতে ব্যস্ত হয়ে পড়েছেন। প্রতিবছরই তাঁরা সুদূর ভূটান থেকে শীতবস্ত্রের সম্ভার নিয়ে রাজ্যে হাজির হন। জনৈক বিক্রেতা জানিয়েছেন, তাঁদের কাছে আবালবৃদ্ধবনিতা সকলের জন্যই রয়েছে রকমারী শীতবস্ত্রের সম্ভার। বিক্রয়মুল্য নিয়ে এখনই তিনি মন্তব্য করেননি। তবে, আগামী ২৫ অক্টোবরের মধ্যে বিক্রি শুরু করার জোর চেষ্টা চালিয়েছেন বলে জানিয়েছেন তিনি। সাথে তিনি যোগ করেন, প্রত্যাশিত তারিখে বিক্রি শুরু করা সম্ভব না হলে ১ নভেম্বর চূড়ান্ত তারিখ নির্ধারণ করা হয়েছে।

প্রসঙ্গত, দুর্গোতিবের মুহুর্ত থেকেই মাঝেমধ্যে ভোর কুয়াশাচ্ছন্ন থাকছে। তবে, শীতের অনুভূতি এখনও হয়নি। কারণ, বর্ষা রাজ্য থেকে বিদায় নিলেও প্রায়শই আকাশ মেঘাচ্ছন্ন থাকছে। ছিটেফোটা বৃষ্টিও পড়ছে। ধারণা করা হচ্ছে, শীত ঝাকিয়ে পড়তে নভেম্বরের মাঝামাঝি হবে। কিন্তু, শীতবস্ত্র কিনে প্রস্তুত থাকতে হবে, তাই হয়তো ভুটানিরা আশায় বুক বেঁধেছে।




রবিবার আগরতলায় স্বর্ণকমল জুয়েলার্সের উদ্যোগে আসন্ন ধন্যতেরাস নিয়ে সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।